পতাত	প্রদানের তারিথ	গ্ৰহণের ক্রান্তিথ	পত্ৰাত্ব	তারিক	গ্রহণের তারিখ
=			A. A.		
			1.154 1.154		
				·	
		- 1 44	e e caración		
		,			
			į.		
4			+		
3	1				
4					
		•			
4					
4					
	1	1			
	1			!	
	1				
	ŀ			5.tr	-
L					
f.	T.				
ŀ					
1	1	1			
1					
		1			
ľ				".	

শ্রীঅতুলচন্দ্র গুপ্ত

ক্যাল্কাটা পাব্লিশাস্ কলেজ ষ্ট্রাট মার্কেট, কলিকাতা প্রকাশক— শ্রীবারিদকান্তি বস্থ

প্রথম সংস্করণ আধিন, ১৩৩৪

দাম দেড় টাকা

কলিকাতা, ৩১নং দেণ্ট্যাল এভিনিউ আর্ট প্রেদে শ্রীনরেন্দ্রনাথ মুখার্চ্জি, বি-এ কর্ত্তুক মুদ্রিত – ৶পিতৃদেবের স্মরণে–



মুখবন্ধ


এ বই এর প্রবন্ধগুলির বেশীর ভাগ 'সবৃদ্ধ পত্তে', আর বাকী কয়েকটি কয়েকথানা সাপ্তাহিক পত্রিকায় প্রকাশিত হয়েছিল। 'সবৃদ্ধের হিন্দুয়ানী' প্রবন্ধটি নবপর্যায় 'সবৃদ্ধ পত্তের' প্রথম সংখ্যার জন্ম লেখা। উপলক্ষ্যের উপযোগী আকারটি বদ্লালে বক্তব্য বহাল থাক্লেও রসটা ঠিক থাকে না দেখে ওর সে আকারটি আর বদ্লাইনি। প্রবন্ধগুলিকে পুঁথিতে গেঁথে কিছুদিন বাঁচিয়ে রাখার চেটা উচিত হ'ল, না পুরণো মাসিক্সাপ্তাহিকের স্তৃপের মধ্যে বিশ্বতির কবর দেওয়াই সমীচীন হ'ত তাতে অবশ্য সন্দেহ আছে। তবে, "বিষর্কোহিপি সংবদ্ধ্য স্বয়ং ছেত্তুম্সাম্প্রতন্ত্ন"।

শ্রী অতুলচন্দ্র গুপ্ত

আশ্বিন, ১৩৩৪

সূচীপত্ৰ

শিক্ষার লক্ষা	• • •	• • •		۶
অন্নচিন্তা	• • •	•••	•••	٤٥
রোম	• • •		•••	8。
আর্য্যামি	•••	•••		¢ 9
বৈশ্য		•••		96
सत्रकत हिन्द्रानी		•••		55
ধৰ্ম-শাস্ত্ৰ	•••		•••	> > °
চাষী				১২০
ভারতবর্ধ	•••	* 5 *	4 + *	200
তুতান্-খামেন্		***		১৩৭
গ্ৰেশ	•••	***		288



(:)

শিক্ষা সহস্কে এমন কতকগুলি তত্ত্বকথা প্রচলিত আছে, যাদের উদ্দেশ—কিছুই না বলিয়া, সমগ্র বিষয়টার একটা সর্বজনসমত স্থগভীর মীমাংসা করা। এই সকল তত্ত্বাক্যের মধ্যে একটা এই যে, শিক্ষার উদ্দেশ্য যথার্থ মান্ত্ব তৈরী করা। মানব-শিশু যথন সচরাচর মান্ত্যের শরীর ও মন লইয়াই ভূমিষ্ঠ হয়,—এবং যেটা না হয়, শিক্ষার দ্বারা তাহাকে যথার্থ মান্ত্ব্ব করার চেষ্টা স্বয়ং বৃহস্পতির পক্ষেও নিক্ষল,—তথন যথার্থ মান্ত্ব্য কাহাকে বলে জিজ্ঞাসা করিলে তত্ত্তেরো অবশ্য উত্তরে বলিবেন—আদর্শ-মানবকে, অর্থাৎ অসাধারণ মন্ত্ব্যুকে। আদর্শ-মানব

যে কি প্রকার জীব, সে সম্বন্ধে কাহারও স্থস্পষ্ট বা অস্পষ্ট কোনও রূপ ধারণা না থাকাতে, জিনিসটা যে অতিশয় কাম্য এবং শিক্ষার দারা অবশ্রলভ্য, এ বিষয়ে কাহারও কোনও দিধা উপস্থিত হয় না; এবং একটা তুরুহ প্রশ্নের সহজ সমাধানে মনও প্রসন্ন হইয়া ওঠে। ইহার পরেও যদি কেহ জানিতে চায় আদর্শ-মহয় কাহাকে বলে, তবে অধিকাংশ বৃদ্ধিমান ব্যক্তি নিশ্চয়ই তাহার সহিত বাক্যালাপ বন্ধ করিবেন। তবে কোনও কোনও তত্ত্বজ্ঞ হয়তো অনুগ্রহ করিয়া বলিবেন যে, আদর্শ-মন্ত্যা সেই, যাহার শারীরিক, মানসিক, নৈতিক ও আধ্যাত্মিক স্কল শক্তি বা বৃত্তিই সম্যক অনুশীলিত হইয়াছে ও পূর্ণরূপে ফুর্তিলাভ করিয়াছে: এবং শিক্ষার উদ্দেশ্য এই শ্রেণীর মান্তব গড়িয়া তোলা। এখন কথা এই যে, প্রথমত এহেন মান্তুষ চর্মচক্ষে দূরের কথা, কেহ কখনও মানস-নেত্রেও দেখেন নাই। পুথিবীর কবি ও কল্পনাকুশল লোকেরা যে-সকল মহাপুরুষ ও অতি-মাম্ববের আদর্শ-চিত্র আঁকিয়াছেন, সে সকলের কোনটিই একাধারে সর্বশক্তিসম্পন্ন অসম্ভব মান্তবের চিত্র নয়। সেগুলির কোনটিতে দেখিতে পাই বছ-শক্তির একত্র সমাবেশ, কোনটিতে বা ছ-একটি বৃত্তির অতিমাত্রায় বিকাশ; কিন্তু তাহার প্রতিটিই রক্তমাংসের মান্তবেরই চিত্র। দ্বিতীয় কথা এই যে, সকল শক্তির পূর্ণ অভিব্যক্তি দূরে থাক—ছুই চারিটি শক্তির একসঙ্গে একটু অসাধারণ রকম ফুর্ত্তির পরিচয় যাহার শরীরে আছে, এমন লোক হাজারে একজন মেলা কঠিন; অথচ শিক্ষা যে সকলের

শিক্ষার লক্ষা

জগুই প্রয়োজন, এ সম্বন্ধে কোনও মতভেদ নাই। তপস্বী বাল্মীকি যথন নারদকে বীর্ঘ্যবান, ধর্মজ্ঞ, বিদ্বান প্রভৃতি অশেষ গুণসম্পন্ন ব্যক্তির কথা জিজ্ঞাসা করিয়াছিলেন, তথন ত্রিলোক**জ** নারণ দেই ত্রেতাযুগেও ইক্ষাকুবংশপ্রভব রামচন্দ্র ব্যতীত আর কাহারও নাম করিতে পারেন নাই। এবং কোনও বিশেষ শিক্ষাপ্রণালীর ফলে রামচন্দ্র যে এই সকল গুণের আধার इरेग्नाहिलन, अभन कथा नावनं वाबीकिरक वरलन नारे, বাল্মীকিও আমাদিগকে বলিয়া যান নাই। তৃতীয় কথা, যদি প্রকৃতই আদর্শ-মানব বা অতিমানুষ গড়া শিক্ষার উদ্দেশ্য হইত এবং এই উদ্দেশ্য সফল হইবার কোনও সম্ভাবনা থাকিত, তাহা হইলে এইরূপ শিক্ষার ফলে পৃথিবীটা মান্থ্যের পক্ষে বাদের উপযুক্ত থাকিত কিনা, সন্দেহ করিবার যথেষ্ট কারণ আছে। যে সমাজ-বন্ধনের ভিত্তির উপর মাহুষের সভ্যতার ইমারত গঠিত হইয়াছে, তাহার মূল এই যে, মাতুষে মাতুষে শক্তির প্রভেদ আছে, এবং সে প্রভেদ কোনও শিক্ষার সাহায্যে সম্পূর্ণ লোপ করা যায় না। এই পার্থক্য ও তারতম্য আছে বলিয়াই *সমাজে **শ্র**মবিভাগ ও কার্য্যবিভাগ সম্ভবপর হইয়াছে, এবং এই বিভিন্নতার উপর মান্তধের সভ্যতার প্রথম উন্মেষ হইতে অতাবধি সমস্ত পরিণতি নির্ভর করিয়া রহিয়াছে। যদি শিক্ষার ফলে এই ব্যক্তিগত স্বাতম্ভ্র্য লোপ করিয়া সকলকেই সর্বাশক্তি-সম্পন্ন আদর্শ-মাহুষে পরিপূর্ত করা সম্ভবপর হইত, তাহা হইলে সমাজের সমস্ত কাজের কল-কারথানা তথনি বন্ধ হইয়া যাইত।

মাহবে মাহবে প্রভেদ আছে বলিয়াই মাহ্নবের প্রতি মাহ্নব আরু ইহয়। যদি শিক্ষার ফলে সকলেই আদর্শ-মাহ্নব, অর্থাৎ এক ছাঁচের মাহ্নব হইয়া উঠিত, তাহা হইলে আমাদের পরস্পরের সঙ্গ আমাদের নিকট এমনই অস্থ বোধ হইত যে, মাহ্নয় ঘর ছাড়িয়া বনে পালাইতে বিদ্মাত্তি দিধা করিত না। শেষ কথা, পৃথিবীতে মাঝে মাঝে এক একজন অতিমাহ্নয়ের জন্ম হয়। তাহার ফলে কর্মের জগতে বা চিস্তার রাজ্যে যে বিপ্লব উপস্থিত হয়, তাহা শ্বরণ রাখিলে সমাজ যদি কেবল অতি-মাহ্নবেরই সমাজ হইত তাহা হইলে ব্যাপারটা কি ঘটিত মনে করিতেও শরীর শিহরিয়া ওঠে।

অতএব তত্ত্ববেত্তারা যাহাই বলুন না কেন, শিক্ষার উদ্দেশ্য আদর্শ-মান্ন্য গড়াও নয়, অতিমান্ন্য তৈরীও নয়। কেননা এই উদ্দেশ্যটা সিদ্ধ হইবার স্থদ্র সম্ভাবনাও নাই, এবং যদি কোনও সম্ভাবনা থাকিত তাহা হইলে তাহার ফল অতি ভয়ঙ্কর হইয়া উঠিত।

(२)

শিক্ষার উদ্দেশ্য সম্বন্ধে বিজ্ঞলোকদের আর একটা মত এই বে, শিক্ষার লক্ষ্য হওয়া উচিত—ছাত্রের চরিত্রগঠন। চরিত্র জিনিসটা কি, তাহা লইয়া তর্ক না-ই তুলিলাম। ধরিয়া লওয়া যাক্ চরিত্র সেই সকল গুণের সমঞ্জসীক্ষত সমষ্টি, যাহা মান্ত্রের থাকা সমাজের পক্ষে কল্যাণকর। এই সকল গুণের তালিকা এবং সমষ্টির বিষয়, তাহাদের রূপ ও মাত্রা সম্বন্ধে, বিভিন্ন কালে

বিভিন্ন দেশে ভিন্ন ভিন্ন ধারণা যে ছিল এবং আছে, তাহার প্রমাণ এই যে, শিক্ষার ব্যবস্থা সম্বন্ধেও ভিন্ন দেশকালের প্রচলিত মত কিছু এক নয়। এই বিজ্ঞ বচনের বিরুদ্ধে প্রধান আপত্তি এই যে, মুখে যিনি যাহাই বলুন না কেন, কি প্রাচীন কি আধুনিক কোনও শিক্ষাপ্রণালীই প্রকৃত কাজের রেলায় ছাত্তের 🖰 চরিত্রগঠনকে তাহার প্রধান লক্ষ্যস্বরূপে গ্রাহ্ম করে নাই। যিনি শিক্ষার দারা চরিত্রগঠন বিষয়ে অতিমাত্র উচ্চোগী, তিনিও সাহিত্যের একশ' পাতার মধ্যে দশ পাতা হিতোপদেশ থাকিলে ভাল হয়, এই কথাই বলেন, এবং ইস্কুলের পাঁচ ঘন্টার মধ্যে আধ ঘণ্টার জন্মেই নীতিশিক্ষার ব্যবস্থা করেন। ইহার কারণ এ নয় যে, মান্নবের চরিত্র জিনিসটা সমাজৈর পক্ষে কিছু কম প্রয়োজনীয়; ইহার কারণ এই যে, চরিত্র জিনিসটা সেরূপ শিক্ষণীয় নয়। মান্তবের চরিত্র প্রধানতঃ নির্ভর করে বংশাস্কুক্রম এবং পরিবার ও সমাজের বিশেষ অবস্থার উপর।। কেবলমাত্র শিক্ষকের শিক্ষার দ্বারা চরিত্রে যে পরিবর্ত্তন করা যায়, তাহার পরিমাণ অতি দামান্ত এবং তাহাও আবার শিক্ষার গৌণ ফল। সোজাস্থজি নীতিশিক্ষার দারা চরিত্র গডিবার চেষ্টা করিলে, সে শিক্ষা অতি নীরস হইয়া ওঠে—এবং তাহার ফলও প্রায়ই বিপরীত হইতে দেখা যায়। প্রাচীন কালে গ্রীস দেশের পণ্ডিতগণ এ সম্বন্ধে অনেক আলোচনা ক্রিয়াছিলেন, এবং প্লেটো তাঁহার যে-দকল মত দক্রেটিদের নামে চালাইয়াছেন, তাহার মধ্যে একটা মত এই যে, চরিত্র বা virtues জ্যামিতি ও অলহার-

শাস্ত্রের ন্থায়ই একটা শিক্ষণীয় বস্তু। কিন্তু এই মতের মূলে আছে তাঁহার আর একটা মত। প্রেটোর মতে ভালমন্দের জ্ঞান বৃদ্ধির সাহায্যে লাভ করা যায়,—এবং সেই জ্ঞান লাভ করিলেই মান্ত্র্য সচ্চরিত্র হয়। এই জ্ঞানবাদের—intellectualism-এর বিক্লদ্ধে ইউরোপের অনেক মনীষী আজ লেখনী ধরিয়াছেন; এবং বেদাধ্যয়নেও যে ত্রাত্মার চরিত্রের কোন পরিবর্ত্তন হয় না, তাহা আমাদের দেশের উদ্ভট কবিতার অজ্ঞাত-নামা কবি অনেক পূর্বেই বলিয়া রাখিয়াছেন।

এ বিষয়ে একটা ভূল ধারণা থাকিয়া যাইবার সম্ভাবনা আছে। আমাদের দেশের প্রচলিত শিক্ষাপ্রণালীর সহিত বিলাতের শিক্ষাপ্রণালীর তুলনা করিয়া আমাদের কর্তৃপক্ষেরা এবং তাঁহাদের বন্ধুবান্ধব সর্বাদাই বলিয়া থাকেন, এবং আমরাও শুনিয়া শুনিয়া বলি যে, বিলাতে ইস্কুল-কলেজে ছাত্রদের চরিত্র গঠিত হয়, আর আমাদের ইস্কুল-কলেজ হইতে ছাত্রেরা কেবল কতকগুলি কথা মৃথস্থ করিয়া চলিয়া আসে। কথাটা সত্য বলিয়াই ধরিয়া লওয়া যাক্। কিন্তু ইহাতে এ প্রমাণ হয় না যে, বিলাতের ইস্কুল ও ইউনিভার্সিটীতে যে শিক্ষা দেওয়া হয়, তাহার ফলেই ছাত্রদের চরিত্র গঠিত হয়। বরং আমাদের কর্ত্বপক্ষেরা উল্টো কথাই বলেন। তাঁহারা বলেন যে, সেথানকার ইস্কুল-ইউনিভার্সিটির life বা আব্হাওয়াতেই শিক্ষার্থীদের চরিত্র গড়িয়া ওঠে অর্থাৎ সেখানকার ছাত্রদের চরিত্র সেথানকার বিভালয়গুগুলির সামাজিক জীবনের ফল,

শিক্ষার ফল নয়। স্থতরাং সামাজিক অবস্থার গুণে যেটা আপ্না হইতেই জন্মলাভ করে, সেটাকে শিক্ষার ঘাড়ে চাপাইয়া আমাদের ছাত্রগণের কোনও হিতৈষী ঘেন তাহাদের পাঠ্য-পুস্তকের মধ্যে শেলীর পরিবর্ত্তে Smiles-এর আমদানী না করেন।

(0)

এখন শিক্ষার উদ্দেশ্য যদি আদর্শ-মান্ত্র গড়াও না হয়, শিক্ষার্থীর চরিত্রগঠন করাও না হয়—তবে তাহার উদ্দেশ্চটা কি ১ এ প্রশ্নটার উত্তর দেওয়া খুব কঠিন নয়, এবং সে উত্তরও সকলেরই জানা আছে; কিন্তু সেটা প্রকাশ করিয়া বলিতে আমরা সকলেই অল্প-বিস্তর লজ্জিত হই। কেননা উত্তরটা অতি সাধারণ রকমের, এবং বড় কথা বলিয়া ও শুনিয়া আমরা যে আত্মপ্রদাদ লাভ করি—দোজা কথা বলায় ও শোনায় আমরা সে স্থথে বঞ্চিত হই। কথাটা এই যে—শিক্ষার উদ্দেখ্য বিভাশিক্ষা দেওয়া; অর্থাৎ যার প্রথম সোপানকে সমস্ত বিষয়টার নামস্বরূপে ব্যবহার করিয়া আমরা বাঙ্গলা কথায় বলি-লেখাপড়া শিখান। কি পুরাতন, কি বর্ত্তমান সমস্ত শিক্ষা-প্রণালীর লক্ষ্যই যে এই বিত্যাশিক্ষা দেওয়া, তাহা টোল, পাঠশালা, ইম্কুল, কলেজগুলির দিকে দৃষ্টিপাত করিলেই প্রত্যক্ষ করা যায়। নিতান্ত স্কাদশী বিজ্ঞ ব্যক্তি ছাড়া এই স্থুল বিষয়টা আর কাহারও চোথ এড়াইবার সম্ভাবনা নাই। শিক্ষার

উদ্দেশ্য সম্বন্ধে যে-সকল তত্ত্বকথা আছে, তাহাদের উদ্দেশ্যই এই নিতান্ত সোজা কথাটাকে চাপা দেওয়া, যাহাতে তাহা নিজগুণে প্রকাশ না হইয়া পড়ে।

তমজ্ঞানীদের সমস্ত বচন উপেক্ষা করিয়া এবং বিজ্ঞবাজি-দের উপদেশ অগ্রাফ্ করিয়া, পৃথিবীর শিক্ষালয়গুলি যথন বরাবর বিভাশিকা দেওয়াকেই তাহাদের প্রধান লক্ষ্য করিয়াছে, তথন ইহার মৃলে যে নিছক বোকামী ছাড়া আরও কিছু আছে, তাহাতে অতি-বৃদ্ধিমান ভিন্ন আর কেহ সন্দেহ করিবেন না। আমরা স্পষ্ট করিয়া বলিতে চাই যে, বিভাশিক্ষাই যে কার্য্যতঃ শিক্ষার লক্ষ্য হইয়া আছে, কেবল তাহাই নহে,—প্রক্রতগক্ষে উহাই শিক্ষার লক্ষ্য হওয়া উচিত। একটু ভাবিয়া দেখিলে বোঝা যাইবে যে, বিভাশিক্ষা জিনিসটা মানবসমাজের যুগযুগান্তরদঞ্চিত সভ্যতার সহিত পৃথিবীতে নবাগত মানব সন্তানের পরিচয় করান। এই পরিচয় শিক্ষার দারাই সন্তব, এবং শিক্ষা ভিন্ন আর কোনও রকমেই হইবার উপায় নাই। আদিম কাল হইতে বৰ্ত্তমানকাল পৰ্য্যস্ত বছ-আয়াসলক সভ্যতার ফল নানা বিভারণে সঞ্চিত আছে ও হইতেছে। শিক্ষা এই বিছাগুলির সঙ্গে মাহুষের_ী পরিচয় সাধন করে। অতি সভ্যসমাজের শিশুও অসভ্য হইয়া জন্মায়, এবং শিক্ষার মধ্য দিয়া এই বিছাগুলির সহিত পরিচয় লাভ না করিলে অসভ্য অবস্থাতেই বাড়িয়া উঠিত। অসভ্য অর্থ বৃদ্ধিহীনও নয়, হৃদয়হীনও নয়,—অসভ্য অর্থ বিচ্চাহীন। অসভ্যের সমাজ সেই

শিক্ষার লক্ষা

সমাজ, যাহার প্রতিপুরুষের লোকের জন্ম পূর্ববপুরুষের ও পূর্ব্বকালের এমন কোনই সঞ্চিত বিভা নাই, যাহা বিশেষ শিক্ষা ভিন্ন আয়ত্ত হয় না। সভ্য-সমাজের লোক ইস্কুল-কলেজে শিক্ষা না পাইলেও বংশান্তক্রমের ফলে এবং সামাজিক অবস্থার প্রভাবে মোটামূটী সভ্য সমাজোচিত বুদ্ধি ও চরিত্র লাভ করে; কিন্তু রীতিমত শিক্ষা না পাইলে অতি বড় পণ্ডিতবংশের প্রতিভাবান্ সন্তানও মুর্থই থাকিয়া যায়। কেননা বিছার বংশাস্থক্রম নাই। সকল রক্ম বিভাই প্রতি যুগের লোককে নৃতন করিয়া আয়ত্ত করিতে হয়। এবং এই ক্রমাগত নৃতন **চেষ্টার ফলেই মন্মুখ্যসমাজের লব্ধ বিছা প্রালব্ধ না হইয়াও রক্ষিত** হয়। যদি পৃথিবীর একপুরুষের সমস্ত লোক একবার সমস্ত বিভাশিক্ষা হইতে বিরত থাকে, তবে মান্তবের আদিকাল হইতে একাল পর্যান্ত সঞ্চিত সমস্ত বিদ্যা ও সভ্যতা একপুরুষেই লোপ পায়, এবং মাতুষকে আবার প্রাচীন বর্ষরতায় কাঁচিয়া বসিয়া সভ্যতার পুনর্গঠন আরম্ভ করিতে হয়। স্থতরাং বিচ্যাশিক্ষা ব্যাপারটা একেবারে অকিঞ্ছিৎকর জিনিস নয়। ইহার অর্থ—মামুষের বহুযুগের চেষ্টার ফলে অব্জিত সভ্যতার শহিত পরিচিত হইয়া, অসভ্য অস্তত ন-সভ্য অবস্থা হইতে -সভ্য হওয়া এবং সঙ্গে সঙ্গে এই কষ্টলব্ধ প্রাচীন সভ্যতাকে রক্ষা করা।

কথাটা আরও পরিষ্কার করিতে হইলে একবারে অনেকটা এগোড়ার কথা ধরা ছাড়া উপায় নাই।

(8)

মান্থবের সভ্যতা অতি প্রাচীন। সচরাচর কথাবার্ত্তায় আমরা এই প্রাচীনতা সম্বন্ধে যে ধারণা প্রকাশ করি, ইহা তদপেক্ষা অনেক বেশী প্রাচীন। প্রাচীন সভ্যতার কথা উঠিলেই আমরা বৈদিক, ব্যবিলন, বা মিশরের সভ্যতার কথা তুলিয়া এমন ভাবে কথা কই, যেন ঐগুলি মানব-সভ্যতার আদিম অবস্থা। প্রকৃতপক্ষে ঐ সকল সভ্যতা অতি স্থপরিণত এবং মান্থবের সভ্যতার প্রথম অবস্থা হইতে বহুদূরে অবস্থিত। আনেক বিষয়ে ঐ সকল সভ্যতা বেস্থানে আসিয়া পৌছিয়াছিল তাহার পর হইতে একাল পর্যন্ত মান্থবের সভ্যতা সেদিকে আর বড় বেশী দূর অগ্রসর হয় নাই। এই কথা মনে না থাকায় আমরা যাহাকে আধুনিকতা বলি, প্রাচীন সভ্যতার মধ্যে পদে পদে তাহার পরিচয় পাইয়া আক্র্যায় হই, এবং এই সকল সভ্যতা হইতেও বহুপ্রাচীন অথচ পরিপুষ্ট সভ্যতার বিবরণ আবিষ্কার হইলে আমরা অতিমাত্রায় বিশ্রম্ব প্রকাশ করি ৯

মান্থবের এই স্থাচীন স্থপরিণত সভ্যতা মান্থ যে সম্পূর্ণ অসভ্যতার হাত হইতে ক্রমশঃ উদ্ধার করিয়াছে তাহাতে সংশয় নাই, এবং বর্ত্তমানের অতি স্থসভ্য মান্থয় যে অতীতের নিতান্ত অসভ্য আদিম মান্থ্যেরই বংশধর তাহাতেও সন্দেহ করিবার কোনও কারণ দেখি না। মান্থ্য যে অসভ্যতা ইইতে ক্রমশঃ স্থসভ্যতায় উপনীত হইয়াছে, সে সম্বন্ধে বর্ত্তমান যুগের শিক্ষিত জনসাধারণের মনে বড় একটা সংশয় নাই ঃ

শিক্ষার লক্যা

তাঁহারা জানিয়া রাখিয়াছেন যে, ইহা ইভলিউশনের ফল। ইহার অর্থ কেবলমাত্র এই নয় যে, মান্তুষের সভ্যতা ধীরে ধীরে বিকাশ লাভ করিয়াছে; কেননা এই ক্রমবিকাশের কথা ত অন্ন-বিন্তর ঘটনারই বিবৃতি, তাহার ব্যাখ্যা নয়। এই ইভলি-উশনবাদের সম্পূর্ণ অর্থটা এই যে, যে নিয়মে অতি নিম্ন-শ্রেণীর জীবদেহ হইতে পৃথিবীতে অতি উচ্চশ্রেণীর জীব-শরীর ক্রমশঃ উদ্ভূত হইয়াছে বলিয়া প্রাণতত্ত্বিদ্ পণ্ডিতেরা স্থির করিয়াছেন, ঠিক সেই নিয়মেই মান্থবের সভ্যতা অতি নীচ অবস্থা হইতে ক্রমশঃ উচ্চ অবস্থায় আসিয়া পৌছিয়াছে। প্রসিদ্ধ ইংরাজ দার্শনিক হার্কার্ট স্পেন্সার এই মতটা খুব জোরের সহিত প্রচার করিয়াছেন এবং সেই প্রচারের কাজটা এতই সাফল্য লাভ করিয়াছে যে, যাঁহাদের সাক্ষাৎ সম্বন্ধে স্পেন্সারের লেখার সহিত কোনও পরিচয় নাই, তাঁহাদেরও এই মতের সত্যতা সম্বন্ধে বিন্দুমাত্র সংশয় নাই। এবং বোধ হয় এই মতটা পোষণ করা আধুনিকতা ও বৈজ্ঞানিক-বুদ্ধির লক্ষণ বলিয়াই শিক্ষিত-সমাজে গণ্য ও মাতা। কিন্তু মতটা আগাগোড়া মিথ্যা। পৃথিবীতে জীবশরীরের ক্রমবিকাশের নিয়মের সহিত মান্তবের সভ্যতার ক্রমোন্নতির কোনও সম্পর্ক নাই। এই ছুই ব্যাপারের নিয়ম ও প্রণালী সম্পূর্ণ পৃথক, এবং পৃথক বলিয়াই অসভ্য শিশুকে শিক্ষা দিয়া স্থসভ্য মাত্ম্ব করা সম্ভব হয়, এবং পৃথক বলিয়াই সভ্য মামুষের সমাজে শিক্ষা এতটা স্থান জুড়িয়া আছে। যদি সভাই

শিক্ষা ও সভাতা

Organic Evolution-এর নিয়মে মানবসভ্যতার বিকাশ হইত তাহা হইলে মান্থবের জীবনে শিক্ষার কোনও স্থান থাকিত না; বয়োর্দ্ধির সঙ্গে সঙ্গে সভ্যতালক সমস্ত বিভা শিশুর মনে আপনিই ক্ষুরিত হইত এবং যে হতভাগ্যের হইত না স্বয়ং ফ্রোবেলও সারাজীবন শিক্ষা দিয়া তাহাকে বর্ণ পরিচয় করাইতে পারিতেন না।

Organic Evolution-এর মূলে আছে Heredity। অঙ্গ-প্রত্যেশহীন, উদরসর্বান্ধ জীবাণু হইতে যে পৃথিবীতে ক্রমে মান্থবের জন্ম হইয়াচে ইহার গোড়ার কথা এই যে, জনক জননীর দেহের ও মনের ধর্ম সন্তানে সংক্রমিত হয়। ফলে যথন জনক জননীর শরীরে বা মনে নৃতন কিছুর আবির্ভাব হয় তথন তাহাদের সন্তান, অন্বয়ান্থসারে সেই নৃতনত্ব লাভ করে। যদি জীবন-সংগ্রামে এই নৃতন কিছুর দ্বারা কোনও স্থবিধা হয় তবে যাহাদের সেটা আছে তাহার সাহায়ে সেই প্রেণীর প্রাণীর মধ্যে তাহারাই বাঁচিয়া থাকে এবং বংশ রাথিয়া যায়, বাকীগুলি নির্কাংশ হইয়া মরে। এবং এইরূপে য়ুগের পর য়ুগ নানা বিভিন্ন অবস্থায় নৃতনত্বের উপর নৃতনত্ব প্রাণীভূত হইয়া সর্বেজ্রিয়হীন এক Cell-এর জীব হইতে পশুপক্ষী ও মান্থবের উদ্ভব হইয়াছে। এই হইল Organic Evolution সম্বন্ধে পণ্ডিতদের আধুনিক মত।

কেমন করিয়া জীব-শরীরে এই নৃতনত্ত্বর আবির্ভাব হয় এবং কোন্ জাতীয় নৃতনত্ত Organic Evolution-এর

শিকার লক্য

প্রধান ভিত্তি, এ সম্বন্ধে ত্রিশ বছর পূর্বের পণ্ডিতের। যতটা একমত ও নিঃসংশয় ছিলেন এখন আর তেমন নহেন। তথনও ভারউইনের প্রচারিত ব্যাখ্যাই দকলে মাক্ত করিতেন। ঐ ব্যাখ্যা অন্তুসারে জনক জননীর পহিত সম্ভানের যে সব ছোটথাটো জন্মগত বিভিন্নতা প্রতিদিনই দেখা যায়, যাহার ফলে ছেলেটা বাপের মত হইয়াও ঠিক তাহার মত হয় না, সেই নিত্যসিদ্ধ নৃতনত্বই ইভলিউশনের প্রধান সহায়। আর এক সহায়, প্রত্যেক প্রাণীর জীবনকালের মধ্যে বাহিরের চাপে ও ভিতরের চেষ্টায় তাহার মধ্যে যে পরিবর্ত্তন উপস্থিত হয়। কিন্তু ডার্উইনের এই মতের আসন এখন টলিয়াছে। এখন পণ্ডিতেরা বলিতেছেন, যে নৃতনত্বের উপর ভর করিয়া unicellular জীব মান্থ্যে আদিয়া পৌছিয়াছে তাহা প্রতি-দিনকার আটপৌরে নতনত্ব নয়। প্রাণীর শরীরে মাঝে মাঝে অতি চুজ্রেয় কারণে হঠাৎ এক একটা বড় রকমের পরিবর্ত্তন উপস্থিত হয়। যদি তাহাতে জীবনযুদ্ধের কোনও সহায়তা হয় তবে ত কথাই নাই, অন্তত পক্ষে যদি নিতান্ত বিপত্তিকর না হয় তাহা হইলেই ঐ পরিবর্ত্তনটী স্থায়ী হইয়া বংশানুক্রমে চলিতে থাকে। বর্ত্তমানে অধিকাংশ প্রাণীতত্ত্ত পণ্ডিতেরই মত যে এই সকল হঠাৎ-উপস্থিত বড় রকমের নৃতনত্বই Organic Evolution-এর প্রধান কারণ। প্রতি প্রাণীর জীবদ্দশায় বাহিরের প্রক্রতির চাপে ও ভিতরের শক্তির প্রয়োগে তাহার মধ্যে যে পরিবর্ত্তন হয় সে সম্বন্ধে পণ্ডিতেরা

এখন বলিতেছেন যে, ঐ জাতীয় পরিবর্ত্তন সন্তান-সন্ততিতে মোটেই সংক্রমিত হয় না। প্রাণীর শরীরে ছই রকমের মালমশলা আছে। এক শ্রেণীর মালমশলায় তাহার শরীর গঠিত হয়, দ্বিতীয় রকমের মালমশলা বংশরক্ষার জন্ম সঞ্চিত থাকে। বাহিরের চাপে বা ভিতরের চেন্তায় যে পরিবর্ত্তন তাহা ঐ প্রথম শ্রেণীর মালমশলাতেই আবদ্ধ থাকে, দ্বিতীয় শ্রেণীর মালমশলা সম্পূর্ণ অবিকৃত থাকিয়া য়য়। ফলে ঐ স্বোপার্জ্জিত পরিবর্ত্তন সন্তান-সন্ততির নিকট পৌছে না। যথন দ্বিতীয় শ্রেণীর মালমশলায় পরিবর্ত্তন উপস্থিত হয়, সেই পরিবর্ত্তনই বংশায়্র্জমে চলে। এই পরিবর্ত্তনের কারণ এখন পর্যায়ও একেবারেই অজ্ঞাত। এবং জীবশরীরে যে সকল হঠাৎ বড় বড় পরিবর্ত্তন উপস্থিত হয়া Organic Evolution-কে ধাপে ধাপে টানিয়া তুলিয়াছে তাহার কারণ এই দ্বিতীয় রকমের মালমশলায় পরিবর্ত্তন।

এই ত গেল সংক্ষেপে Organic Evolution-এর নিয়মসম্বন্ধে পণ্ডিতদের বর্ত্তমান মত। এখন ইহার সহিত মাহ্বেরে
সভ্যতার ক্রমোল্লতির সম্পর্কটা কি? মাহ্বেরে কাব্য, সাহিত্য,
দর্শন, বিজ্ঞান, শিল্প, সঙ্গীত কিছুই ত মাহ্বেরে শরীরে দাগ
কাটে না, বিশেষত শরীরের সেই মালমশলাগুলিতে যাহার উপর
বংশাহ্তমে নির্ভর করে। এগুলি বাহিরের বস্তু। মাহ্ব এগুলিকে
আবিদ্ধার করিয়াছে, স্বাষ্টি করিয়াছে। ইহারা এক পুরুষের
শরীর হইতে আর এক পুরুষের শরীরে সঞ্চারিত হয় না।
এক পুরুষের মাহ্ব পরের পুরুষের মাহ্বুষকে এগুলি সঞ্চিত

ধনের মত দান করিয়া যায়। ইহারা মান্থবের heredity নয়, inheritance। এগুলির বংশাস্কুম নাই, আছে উত্তরাধিকার। এবং এ ধনের উত্তরাধিকারী একমাত্র অঙ্গজ্ঞ নয়, দমগ্র মানব সমাজ।

তারপর ভার্উইনের Survival of the fittest নিয়মেরও এখানে কোনও প্রভাব নাই। সভ্যতার যাহা শ্রেষ্ঠ ফল তাহার দ্বারা জীবনসংগ্রামে কোনও কাজই হয় না। Bionomial theorem আবিদ্ধার করিয়া Newton-এর জীবনযাত্রার এবং বংশরক্ষার যে কোন স্থবিধা হইয়াছিল, ইহা তাঁহার জীবনচরিত লেখকেরা বলেন না, এবং যাহারা ঐ তত্তী আবিদ্ধার করিতে পারেন নাই তাঁহারা যে নির্কংশ হন নাই ইহাও নিশ্চিত। কাব্য রচনার ফলে জীবনযুদ্ধে জয়লাভের কতটা স্থবিধা হয় সেস্থদ্ধে দেশী বিদেশী ভুক্তভোগী কবিদের আত্মোক্তির অভাব নাই, এবং অকবি লোকও যে সংসারে টি কিয়া থাকে এবং বংশরক্ষা করিয়া তবে মরে তাহাও অস্বীকার করা চলে না।

এ কথা সত্য যে, মন ও ইন্দ্রিয়ের যে-সব শক্তির প্রয়োগে মান্থব সভ্যতা গড়িয়া তুলিয়াছে ও তুলিতেছে, ঐ শক্তিগুলি Organic Evolution-এরই ফল। মান্থবের বৃদ্ধি, প্রতিভা, কল্পনা, ইন্দ্রিয়ের স্ক্রান্থভৃতি এগুলি যে জন্মগত ইহা ত প্রতিদিন চোখেই দেখা যায়। এবং ঐ শক্তিগুলিই যে জীবনযুদ্ধে মান্থবের সহায় হইয়া ভাহাকে পৃথিবীর রাজাসনে বসাইয়াছে ভাহাও স্থিরনিশ্চিত। কিন্তু ঐ শক্তিগুলিকে যে-সব কাজে লাগাইয়া

শিক্ষা ও সভাতা

মাত্র্য সভ্যতার সৃষ্টি করিয়াছে তাহা Organic Evolution-এর চোথে একবারে বাজে থরচ, সম্পূর্ণ অপব্যবহার। Organic Evolution-এর ফলে মান্ত্র্য লাভ করিল তীক্ষ্ণ প্রবণশক্তি, যেন শিকারের ও শিকারীর মৃত্ব পদশন্তিও কাণে না এড়ায়, মাত্রষ সেই স্কুযোগে গড়িল সঙ্গীত-বিছা। ইভলিউশনে মানুষ পাইল দশ আঙ্গুলের সুদ্ধ স্পর্শামুভূতি, যেন তাহার তীরের লক্ষ্যটা একেবারে অব্যর্থ হয়; সে বদিয়া গেল তাঁত পাতিয়া মলমল বনিতে, আর তুলি ধরিয়া ছবি আঁকিতে। ইভলিউশন মানুষকে দিল তীক্ষবৃদ্ধি আর কল্পনা যেন সে নানা ফিকিরে শরীরটাকে ভাল রকম বাঁচাইয়া বংশটা রাখিয়া যাইতে পারে, মাতুষ গড়িয়া তুলিল কাব্য, বিজ্ঞান, দর্শন। ইভলিউশনে মাহুষের কণ্ঠে আসিল ভাষা-যাহাতে তাহার পক্ষে দলবদ্ধ হওয়া সহজ হয়, মামুষ সৃষ্টি করিয়া বদিল—ব্যাকরণ আর অলম্বার। মোট কথা মান্তব সভ্যতার স্বষ্টি করিয়াছে প্রাণের ঘরের চোরাই মাল মনের কাজে থরচ করিয়া। প্রাণের ঘরকল্লার জিনিস মনের বিলাসে ব্যয় করার নাম সভ্যতা।

মান্থবের এই তহবিল তছকপের একটা ফল এই যে, মান্থবের ইন্দ্রিয়ের ও মনের শক্তি Organic Evolution-এ যেখানে আদিয়া পৌছিয়াছিল সেই খানেই থামিয়া আছে। ঐতিহাসিক কালের মধ্যে যে এই সকল শক্তির কিছু বৃদ্ধি হইয়াছে তাহা বোধ হয় না। প্রাচীন গ্রীক অপেক্ষা যে নবীন ফরাসীর বৃদ্ধি ও রপজ্ঞান অধিক তাহার কোন প্রমাণ নাই, এবং বৈদিক মুগের হিন্দুর

অপেক্ষা আমাদের মানদিক শক্তি যে উৎকর্ষ লাভ করিয়াছে এমন কথা কি সবুজপদ্বী কি সনাতনপদ্বী কেহই বলিবেন না। তবে প্রাচীন কালের তুলনায় বর্ত্তমান সভ্যতার অনেক বিষয়ে আশ্চর্যাজনক বৃদ্ধি হইয়াছে। প্রাচীন পণ্ডিতের যাহা স্বপ্নেরও অতীত ছিল বর্ত্তমানের শিশুরাও তাহা হাতে থড়ির পরেই শেখে। তাহার কারণ সভ্যতা বাড়ে টাকার স্থদের মত। এক যুগের মাতুষ যাহা স্ষ্টি করে, পরের যুগের মাতুষ শিক্ষার সাহায্যে তাহাকে আয়ত্ত করিয়া আবার তাহার উপর নৃতন স্ষ্টির আমদানি করে,—এই রক্ষমে প্রাচীন স্ষ্টির উপর নবীন স্ষ্টি জমা হইয়া মামুষের সভ্যতা বাড়িয়া চলে। প্রাচীন যুগে যাঁহারা সভ্যতার গোড়াপত্তন করিয়াছিলেন তাঁহাদের মানসিক শক্তি যে আমাদের চেয়ে কিছু কম ছিল তাহা নয়, কিন্তু তাঁহাদের চেষ্টার ফল যে অনেক বিষয়ে আমাদের কাছে থুব সামান্ত বোধ হয় তাহার কারণ আমরা পাইয়াছি তাহার পরের শত যুগের চেষ্টার পুঞ্জীভূত ফল। এবং আমরা যে নৃতন সৃষ্টি করি তাহা এই বহুযুগের সৃষ্টিকে ভিত্তি করিয়া। এই জমান সভ্যতার পুঁজি যে মাঝে মাঝে অল্প-বিস্তর খোয়া যায় না তাহা নয়; তথন আবার মাতুষকে কাঁচিয়া আরম্ভ করিতে হয়। এবং বুনিয়াদী ঘরের জমান টাকার মতই ইচ্ছা করিলে কিছুমাত্র না বাড়াইয়া তুই এক পুরুষেই ইহাকে ফুঁকিয়া নি:শেষ করিয়াও দেওয়া যায়। ইহার দৃষ্টান্তের জন্ম আমাদের বেশী দূরে যাইতে হইবে না।

(¢)

Organic Evolution-এর রাজ্যে বিস্রোহী হইয়া তাহার রাজ্য লুটিয়া আনিয়া, মায়্ব যে সভ্যতার স্বষ্ট করিয়াছে তাহার ফল সঞ্চিত হইয়াছে সাহিত্যে, কলায় এবং বিবিধ বিছায়। শিক্ষার প্রধান লক্ষ্য এইগুলির সহিত মায়্বের পরিচয় করাইয়া দেওয়া। এই সকল বিছাও কলা অতীতের নিকট হইতে বর্ত্তমানের উত্তরাধিকার। শিক্ষার লক্ষ্য এই উত্তরাধিকারে মায়্বেকে অধিকারী করা। কেননা এ ত কোম্পানীর কাগজের দান নয় যে ঘরে বসিয়া স্থদ পাওয়া যাইবে। এ হইল কপ্টে গড়া ব্যবসায়ের উত্তরাধিকার। কাজ শিথিয়া চালাইতে পারিলে তবেই লাভের সম্ভাবনা।

সভ্যতার এই ফলগুলি শিক্ষার দারা মাহ্ববকে আ্রান্ত করান
যায়, কেননা যে শক্তির প্রয়োগে ইহাদের স্ষষ্টি সে শক্তি আয়বিশুর মাহ্বর জন্ম হইতেই লাভ করে। সেই জন্ম অসভ্য
সমাজের শিশুও শিক্ষা পাইলে সভ্যসমাজের ছেলের মতই
সভ্যতার বিচ্চাগুলিকে আয়ন্ত করিতে পারে। ইহার পরীক্ষা
আনেকবার হইয়া গিয়াছে। অন্তদিকে সভ্যসমাজের ছেলেকেও
শিক্ষা পাইয়াই এই বিচ্চাগুলির সহিত পরিচিত হইতে হয়।
কেননা বিচ্ছাত মানসিক শক্তি নয়, উহা মানসিক শক্তির
স্কৃষ্টি এবং সহস্র মুগের মানব-প্রতিভার সমবেত স্কৃষ্টি। প্রকৃতি
যাহার কপালে প্রতিভার তিলক পরাইয়াছেন, যে কেবল
সভ্যতার স্কৃষ্টিগুলিকে নিজন্ম করিতে পারে তাহা নয়, তাহার


উপর নিজের স্প্তিও যোগ করিতে পারে, তাহাকেও এই শিক্ষার দার দিয়াই সভ্যতার রাজ্যে প্রবেশ করিতে হয়। কেননা এমন প্রতিভার কল্পনা করা যায়না, যাহা সভ্যতার কোনও স্পৃষ্টিকে আবার প্রথম হইতে একাই গড়িয়া তুলিতে পারে। প্রাচীন স্ক্তির উপর দাড়াইয়াই তবে নৃতন স্কৃত্তি করা সম্ভব।

শিক্ষার লক্ষ্য সম্বন্ধে বর্ত্তমান যুগে আর একটা মত প্রচলিত হইয়াছে যাহা **শবিজ্ঞালোকের পাণ্ডিত্যের ফল নয়। সংসারের** চাকা বর্ত্তমান যুগের মাত্র্য ও জাতির হৃদয় পিষিয়া এই মতটা নিংড়াইয়া বাহির করিয়াছে। মতটী হইল এই যে, শিক্ষার প্রকৃত লক্ষ্য মামুষকে জীবন-যুদ্ধের জন্ম প্রস্তুত করা। অর্থাৎ শিক্ষার উদ্দেশ্য—মাতুষকে এমন ভাবে গড়িয়া তোলা, যেন সে টি কিয়া থাকিয়া বংশরক্ষা করিয়া ঘাইতে পারে। এই মতটীর আবির্ভাব মানব-সভ্যতার একটা tragedy। ইহা মনের উপর প্রাণের প্রতিশোধ। প্রাণের ঘরে ডাকাতি করিয়া মানুষ মনের ভোগের জন্ম সভ্যতা গড়িয়াছে। কিন্তু ইহার হু'একটা স্বষ্টিকে আবার প্রাণের কাজে লাগাইতে গিয়া জীবন্যাত্রাটা এমনই জটিল ও কঠিন হইয়া উঠিয়াছে যে, মামুষ প্রাণ রাখিতে যে কেবল প্রাণান্ত ইইতেছে তাহা নয়, একেবারে মনান্ত হইতেছে। মনের যা কিছু শক্তি ও ক্ষমতা এক প্রাণ রাখার কাজেই ব্যয় করিতে হইতেছে। ইহার বিরুদ্ধে ওজ্বিনী বক্তৃতা করিয়া কোনও লাভ নাই। যাহা জীবন হইতে ঠেলিয়া উঠিতেছে কেবল মত দিয়া তাহাকে চাপা দেওয়া চলে না। এ হইল

ভিড়ের ভিতর ঠেলার মত; ব্যাপারটা কেহ পছন্দ করে না, কিন্তু পিছু হটিবারও কাহারও সাধ্য নাই।

বর্ত্তমান যুগের মাহুষের পক্ষে হয় তো এই জটিলতার হাত এড়ান অদাধ্য। এবং হয় তো বাধ্য হইয়াই বর্ত্তমান যুগের শিক্ষার্থীকে জীবন-যুদ্ধের জন্ম তৈরী করাটাই শিক্ষার একটা व्यथान लक्षा कतिरा हरेरा । প্রাণের দাবীর স্থর যথন খুব চড়া হইয়া ওঠে তথন আর সব ফেলিয়া সেই দিকেই কাণ দেওয়া ছাড়া গতি নাই। কিন্তু আমরা যেন ভূলিয়াও না মনে করি যে এই বিসদৃশ ব্যাপারটাই হইল সভ্যতার উন্নতি। এ ভূলের আশঙ্কা আছে। কেননামন আর ইন্দ্রিয়ের যে শক্তির প্রয়োগে মাত্রষ সভ্যতা গড়িয়াছে, আজ জীবনযাত্রার জটিলতায় সেই সব শক্তির উপরেই প্রাণ তাহার একাধিপত্যের দাবী পেশ করিয়াছে। ফলে মাহুষের বৃদ্ধি, কল্পনা, প্রতিভা ব্যয় হইতেছে অনেক, কিন্তু সকলেরই লক্ষ্য কেবল প্রাণ বাঁচান ও জাত বাঁচান। ইহা সভ্যতা নয়, এ হইল সভ্যতা যে পথে চলে তাহার একবারে বিপরীত পথ। প্রাণের কাজে যাদের প্রথম প্রকাশ, মনের ভোগে তাদের শেষ পরিণতি হইল সভ্যতা। প্রাণের ব্যাগারে সমস্ত মনটাকেই নিঃশেষ করিয়। দেওয়া অসভ্যতা না হইতে পারে কিন্তু সভ্যতা নয়।

ফান্তন, ১৩২৩



আমাদের বৈশেষিকের। বলেছেন অভাব একটা পদার্থ। এমন স্ক্রদৃষ্টি না থাক্লে কি আর তাঁদের চোথে পরমাণু ধরা পড়ে। আজ এই ঘোরতর অন্নাভাবের দিনে, অভাব যে একটা অতি কঠিন পদার্থ তাতে কে সন্দেহ করে? অথচ এই তত্ত্বটী প্রাচীন আচার্য্যেরা জেনেছিলেন যোগবলে। কেননা সেকালের ব্রাহ্মণ-পণ্ডিতের ঘরে যে অন্নাভাব ছিল না সে বিষয়ে একালের ব্রাহ্মণ-পণ্ডিতেরা একমত, আর বিলাতী সভ্যতাই যে দেশের সমস্ত রকম অভাবের মূল, অর্থাৎ ঐ সভ্যতার আমদানীর পূর্ব্বে যে দেশে কোনও কিছুরই অভাব ছিল না, এ তো আমাদের সকলেরই জানা কথা। স্থতরাং কি ঘরে কি বাইরে, কোনও স্থানেই বৈশেষিক আচার্য্যেরা অভাবকে প্রত্যক্ষ করেন নাই। কাজেই সে সম্বন্ধে তাঁরা যে তত্ত্বটী প্রচার করেছেন সেটী পুরাণের ভবিষ্যৎরাজবংশাবলীর মত, আর স্ক্সাতের শারীর-স্থান-বিভার মত সম্পূর্ণ ধ্যানলব্ব শামগ্রী।

কুতার্কিক লোকে হয়তো এইখানে তর্ক তুল্বেন যে, বৈশেষিকেরা যে অভাবকে পদার্থ বলেছেন সে অভাবের অর্থ কেবল negation। আর পদার্থ মানে বস্তু নয়, বিলাতী দর্শনে যাকে বলে category তাই। এবং এই তত্ত্বটীর অর্থ মাত্র এই যে অভাব বা negation মনন-ব্যাপারের অর্থাৎ thought-এর একটা necessary ক্যাটিগরি। কিন্তু এই তর্ক আর কিছুই নয়, এ হ'ল হিন্দু-দর্শনের পবিত্র মন্দিরেও মেছছ সংস্পর্শ ঘটিয়ে তার জাত মান্বার চেষ্টা। নিশ্চয় জানি, কোনও খাঁটি হিন্দু এ সব তর্কে কাণ দেবেন না। স্কুতরাং এ তর্কের উত্তর দেওয়া নিস্প্রয়োজন।

প্রাচীনকালে যে ভারতবর্ষে অন্নাভাব ছিল না তার একটী অতি নিঃসংশন্ন প্রমাণ আছে। মাধবাচার্য্য তাঁর সর্বনদর্শন-সংগ্রহে ছোট বড় সমস্ত রকম দর্শনের বিবরণ দিয়েছেন। একটি পাণিণিদর্শনের বর্ণনা আছে, যাতে প্রমাণ করা হয়েছে যে ব্যাকরণ-শাস্ত্রই পরম পুরুষার্থের সাধন; ঐ শাস্ত্রে পারদর্শী না হ'লে সংসার-সাগর পারের আশা ত্রাশা এবং ঐ শাস্তই মোক্ষমার্গের অতি সরল রাজপথ। এমন কি একটা রসেশ্বর-দর্শন আছে, যাতে যুক্তি এবং শ্রুতি উভয় প্রমাণেই প্রত্রেছা যাতে যুক্তি এবং শ্রুতি উভয় প্রমাণেই প্রত্রিপাদিত হ'য়েছে যে রস বা পারদই পরক্রমা। রসার্ণব, রসহাদয় প্রভৃতি প্রামাণিক দার্শনিক গ্রন্থ থেকে যুক্তি-প্রমাণ উদ্ধৃত হয়েছে; এবং রসজ্ঞেরা শুনে খুসি হবেন, যে শ্রুতি-প্রমাণটী আহত হ'য়েছে সেটী তাঁদের স্থপরিচিত "রসো বৈ

সং রসো স্থেবায়ং লন্ধানন্দী ভবতি" এই শ্রুতিবাক্য। এমন পুঁথিতেও অন্নদর্শন বলে' কোনও দর্শনের বিবরণ দ্রে থাক নাম পর্যান্ত নেই। এ থেকে কেবল এই অন্থ্যানই সম্ভব যে, প্রাচীনকালে এদেশে অন্নাভাব না থাকায় অন্নচিন্তাও ছিল না, এবং বিষয়টা সম্বন্ধে একবারে চিন্তার অভাবেই এ বিষয়ে কোনও দর্শনের উদ্ভব হয়নি। কেননা ও-বিষয়ে কিছুমাত্র চিন্তা থাক্লে যে তার একটা দর্শনও থাক্ত, তাতে বোধ হয় যে প্রমাণ দেখিয়েছি তারপর আর কোনও বৃদ্ধিমান লোকে সন্দেহ কর্বেন না। এবং আমার এই যুক্তিটী যে সম্পূর্ণরূপে 'বিজ্ঞানান্ত্রমোদিত ঐতিহাসিক প্রণালী সম্মত' তাও নিশ্চয়ই সকলেই স্বীকার কর্বেন।

কিন্তু যথন বৈজ্ঞানিক-ঐতিহাসিকের উচ্চাসন একবার গ্রহণ করেছি তথন কোনও সত্যই গোপন কর্লে চল্বেনা। অপ্রীতিকর হ'লেও সমস্ত কথাই প্রকাশ করে' বল্তেহবে! অপ্রাচীন দার্শনিক যুগে যে দেশে অন্নাভাব ও অন্নচিন্তা ছিল না এ বিষয়ে সর্বাদর্শন-সংগ্রহের প্রমাণ অকাট্য। কিন্তু ঐতিহাসিকের নিরপেক্ষ দৃষ্টিতে দেখলে দেখা যাবে যে খ্ব প্রাচীন অর্থাৎ বৈদিক যুগে কিছু কিছু অন্নাভাব ছিল। কেননা শ্রুতিতে অন্ন সম্বন্ধে আলোচনা দেখা যায়। এর বিস্তৃত প্রমাণ দেওয়া অনাবশ্রক। একটা দৃষ্টান্তই যথেষ্ট। ধরুন তৈতিরীয় উপনিষদের ভ্রত্ত-বরুণের উপাধ্যান। বরুণের পুত্র ভ্রত্ত যথন

বক্ষণ তাঁকে বলেন তপস্থার দারাই ব্রহ্মকে জানা যায়, তুমি তপস্থা কর। তবে স্থবিধার জন্ম ব্রন্ধের সম্বন্ধে একটা 'ফরমূলা' বলে' দিলেন, 'যতো বা ইমানি ভতানি জায়ন্তে' ইত্যাদি। তপস্থা করে' ভগু জানলেন অন্নই ব্রহ্ম। অন্ন থেকেই সকলের জন্ম হয়, জন্মের পর আম্নের বলেই সকলে বেঁচে থাকে, আম্নের ব্দতএব অন্নই বন্ধ। ভৃগু এই জ্ঞানটুকু লাভ করে' পিতার কাছে গেলে বরুণ তাঁকে আবার তপস্থা কর্তে বল্লেন। দ্বিতীয়বার তপস্তায় ভৃগুর বোধ হ'ল প্রাণই ব্রহ্ম। এই রকমে তৃতীয়বারে জানলেন মনই ব্রহ্ম। চতুর্থ বারে বুঝুলেন বিজ্ঞানই ব্রহ্ম। অবশেষে শেষবার তপস্থায় এই জ্ঞানে পৌছিলেন যে আনন্দই ব্রহ্ম। এই হ'ল ভৃগু-বরুণের গল্প, যাকে বলে 'ভার্গবী বারুণী বিভা'। এই শ্রুতি সম্বন্ধে শঙ্কর ও অক্তান্ত ভাষ্যকারেরা নানা তর্ক তুলেছেন, 'পঞ্কোষ বিবেক' ও ঐ রকম সব হর্কোধ্য জটিলতার অবতারণা করেছেন কিন্তু এর প্রকৃত অথচ সহজ ইন্সিতটি কেউ ধরতে পারেন নি। এই উপাখ্যানের প্রকৃত তাৎপর্য্য কি এই নয় যে গোডায় অন্ধ থাক্লে তবেই শেষ পৰ্য্যন্ত আনন্দ পাওয়া যায়! ইহাই যে শ্রুতির প্রকৃত মর্ম্ম ও শিক্ষা তাতে আমার বিনুমাত্র সংশয় নেই, এবং একটু বিচার করে' দেখলে বোধ হয় পাঠকেরও কোনও সন্দেহ থাক্বে না। কেননা উপাখ্যানটী শেষ করে'ই #তি চারটী পরিচ্ছেদে কেবল অল্লেরই প্রশংসা করেছেন। এবং

তার মধ্যে এমন সব শ্রুতি আছে যাতে যে-কোনও 'ইকনমিষ্টের' প্রাণ আহ্লাদে নৃত্য করে' উঠ্বে। প্রকৃত ব্যাপারটা এই যে উপাখ্যানটি পড়লেই বিংশশতান্দীর জ্ঞানের উজ্জ্বল আলোতে ওর প্রকৃত অর্থটা স্পষ্ট ধরা পড়ে; এবং শঙ্কর প্রভৃতি প্রাচীন দার্শনিকেরা কেন যে ওর যথার্থ মর্ম্ম বুঝুতে পারেন নি তার কারণও স্বস্পষ্ট হ'য়ে ওঠে। পূর্ব্বেই প্রমাণ করেছি যে এ সব দার্শনিকদের সময়ে কোনও অল্লাভাব ও অল্লচিন্তা ছিল না। এবং তাঁদের যে কোনও historical sense বা 'ঐতিহাসিক অমুভৃতি' ছিল না তা যাঁর ঐ sense বিনুমাত্র আছে তিনিই জানেন। সেইজন্ম বৈদিক সময় যে তাঁহাদের সময়ের চেয়ে কিছুমাত্র অন্ম রকম ছিল এটা তাঁরা কল্পনাই কর্তে পার্তেন না। ফলে বর্ত্তমান কালে আমরা যে higher criticism বা 'উচ্চতর অঙ্গের সমালোচনার' বলে প্রাচীনকালের মনের কথাটা একবারে ঠিকঠাক বুঝে' নিতে পারি, শঙ্কর প্রভৃতির সে সামর্থ্য ছিল না। অবশ্য ঐ সমালোচনা-প্রণালীর নামের higher বিশেষণটা যাঁরা ও-প্রণালীটা প্রবর্ত্তন করেছেন তাঁরাই দিয়েছেন. কিন্তু সত্যের থাতিরে বিনয়কে উপেক্ষা করবার মত সৎসাহস তাঁদের সকলেরই ছিল।

যা হোক পূর্ববর্ত্তী আলোচনার ফলে এটা বেশ জানা গেল যে বৈদিক সময়ের পরে আর অন্ধচিন্তায় আমাদের পূর্বপুরুষেরা বড় মাথা ঘামান নি। তাঁরা ব্রহ্মস্থ রচনা করেছেন এবং কামস্থ্যেরও অনাদর করেন নি, কিন্তু মাঝখান থেকে অন্ধস্থতাটা

একেবারে বাদ দিয়েছেন। এর ফলভোগ কর্ছি জ্লামরা, তাঁদের এ যুগের বংশধরেরা। আমাদের অন্নের অভাব অত্যন্ত বেশী, এবং কিলে ও-বস্তুটার কিছু সংস্থান হয় তার একটা মোটামূটী রকম মীমাংসারও বিশেষ প্রয়োজন; কিন্তু বহুযুগের বংশাসুক্রনিক অনভ্যাদের ফলে ও-সম্বন্ধে চিন্তা বা আলোচনা করতে গেলেই গোলযোগ উপস্থিত হয়। তথন আমর। কে যে কি বলি তার কিছু ঠিক থাকে না। সেইজন্ম আমাদের বাঙ্গলা-দেশে দেখা যায়, যিনি আইনের বিচ্চাও বক্তৃতা বেচে টাকা জমিয়েছেন, তিনি সভায় দাঁড়িয়ে বান্ধালীর ছেলেকে ইস্কুল-কলেজে রুথা সময় নষ্ট না করে' চট্পট্ ব্যবসা-বাণিজ্যে লেগে থেতে খুব জোরাল বক্তৃতা দেন। অবশ্য সেই ব্যবসা-বাণিজ্যের মূলধনের জন্ম তাঁর জমান টাকার কোনও অংশ পাওয়া যাবে না, কেন না তাঁর যে বংশধর ওকালতি কর্বে কিন্তু উপার্জ্জন কর্বে না তার জন্ম দেটা দঞ্চিত থাকা নিতান্ত দরকার। এবং বলা বাহুল্য, যে শিল্প-বাণিজ্যে না ঢুকে'লেখাপড়া শিখে' চাকুরী খুঁজে বেড়ায় বলে' বান্ধলার যুবকেরা লেখায় ও বক্তৃতায় হিতৈষীদের গঞ্জনা শুনছে, সেই শিল্প ও বাণিজ্য দেশের কোথায় যে তাদের জন্ম অপেক্ষা করে' বদে' আছে সেটা তাদের দেখান কেউ প্রয়োজন মনে করি নে। ভাবটা এই যে না-ই বা থাকল বান্ধালীর ছেলের মূলধন, না-ই বা থাক্ল দেশে তাদের জন্ম কোনও শিল্প-বাণিজ্য, তারা কেন প্রত্যেকেই বিনা মূলধনে আরম্ভ করে' নিজের চেষ্টায় এক একটা শিল্পের বড বড কারথানা

গড়ে' তোলে না, বড় রকম ব্যবসার মালিক হ'য়ে বসে না। কেননা কোনও কোনও দেশে কোনও কোনও লোক যে কদাচিৎ ঐ রকম ব্যাপার করেছে, তাত পুঁথিতেই লেখা আছে। তারপর আমাদের এই অন্ন-সমস্থার সমাধানের জন্ম ইম্পুল-কলেজ সব তুলে' দিয়ে সে জায়গায় কৃষিপরীক্ষাশালা ও শিল্প-বিভালয় থোলাই যে একমাত্র উপায় সে বিষয়ে কেউ যুক্তি-তর্ক দেখান; আর বাঁরা কাজের লোক তাঁরা যে-হয় কোনও ছেলেকে, যা-হোক কিছু একটা শিখে' আস্বার জন্ত, যে একটা হোক বিদেশে যাওয়ার জাহাজ-ভাড়া সাহায্যের জন্ম চাঁদার খাতায় স্বাক্ষর করাতে আরম্ভ করেন। আর এ যুগের বান্ধালীর ছেলেও হয়েছে এক অদ্তুত জীব। বর্ত্তমানে ধনে-জনে যে জাতি পৃথিবীর মাথায় বদে' আছেন শোনা যায়, বুকের মধ্যে তাঁদের হুৎপিত্তে পৌছিতে হ'লে তাঁদের গায়ের জামার অংশবিশেষের ভিতর দিয়েই তার সোজা, এবং মন্দ লোকে বলে একমাত্র পথ। বাঙ্গালীর ছেলের অবস্থাটা ঠিক উল্টো। নিজের পকেট সম্বন্ধেও থুব বেশী সজাগ ও উৎসাহান্বিত কর্তে হ'লে, এদের একেবারে বুকের মধ্যে ঘা না দিলে কোনই ফল পাওয়া যায় না। দেশী শিল্পকে উৎসাহ দেওয়া যে দেশের ধনবৃদ্ধির ও ধনরক্ষার জন্ত একটা 'টারিফের' প্রাচীর মাত্র, 'পলিটিক্যাল ইকনমি' নামক বিজ্ঞান শাস্ত্রের যুক্তি-তর্ক এবং মহাজনের থাতার হিসাব-নিকাশেরই বিষয়, তা এরা কিছুতেই বুঝুতে চায় না, এবং বুঝুলেও তাতে কোনও ফল হয় না। এরা চায় গান আর কবিতা যার

বিষয় হচ্ছে দেশের উত্তরের হিমালয়ের মাথার বরফের মৃকুট, দক্ষিণের নীল সমুদ্রের তরঙ্গভঙ্গ, এবং যথন সমস্ত পৃথিবী মৃক ছিল তথন আমাদের পূর্ব্বপুরুষেরা যে সামগানে সিন্ধু সরস্বতীর তীর ধ্বনিত করেছিলেন, সেই কাহিনী। অথচ এরা যে হাতে কলমে কাজে লাগতে পারে না বা কাজ উদ্ধার করতে পারে না, এমন নয়। এরা অর্দ্ধোদয়-যোগে দেশের দীন-তমকেও নারায়ণের পূজায় সেবা করে এবং শৃঙ্খলার সঙ্গেই করে; বন্থার জলে চালের বন্তা পিঠে নিয়ে সাঁতার দেয়, এবং কোনও 'ডিপাট্মেণ্টের' বিনা চালনায় অন্তর্গানটী যেমন করে' নির্কাহ করে, তাতে কাজের চেয়ে কাজের শৃঙ্খলাই যাদের গর্কের প্রধান বিষয়, সেই 'ডিপার্ট্মেন্টের' কর্তাদেরও কতক বিশ্বয় কতক সন্দেহের উদ্রেক হয়; জাতির একটা হুর্নাম ঘোচাবার জন্ম এর৷ তুর্কীর গুলিতে টাইগ্রিসের তীরে প্রাণ দিতে রাজী হয়, এবং তার শিক্ষানবীশিতে পূব-পশ্চিমের কোনও জাতির চেয়ে কম পটুতা দেখায় না। কিন্তু এ ত অতি স্পষ্ট যে এ সকলই কেবল ভাবের থেলা, এর মধ্যে বস্তুতন্ত্রতা কিছুই নেই। প্রকৃত কাজের বেলায় এদের চরিত্রে কোনও গুণই দেখা যায় না। এরা কিছুতেই উপলব্ধি করে না যে খুব দৃঢ়-প্রতিজ্ঞা ও একনিষ্ঠার সঙ্গে আরম্ভ করে', সংসারযুদ্ধে জয়ী হ'য়ে দশের এক হওয়াই সব চেয়ে বড় কাজ, চরিত্তের সব চেয়ে বড় পরীক্ষা। সেইজগু যদিও বাল্যকালে বিভাশিক্ষার পুঁথিতে এদের সেই সব মহাপুরুষদের জীবনী পড়ান হয় বাঁরা খুব হীন

অনচিন্তা

অবস্থা থেকে পরিশ্রম, অধ্যবসায় প্রভৃতি বহু সদগুণের সম্বাবহারে নিজেদের অবস্থা খুব বেশীরকম ভাল করেছিলেন; এবং ইংরেজী হাতের লেখা লিখতে আরম্ভ করে'ই সময় আর টাকা যে একই জিনিষ 'কপিবুক' থেকেই এরা সে অদ্বৈত-জ্ঞান লাভ করে, তবুও কিছু বড় হ'লেই এই পুস্তকস্থা-বিস্থার ফল এদের স্বভাবে কিছু দেখা যায় না। তথন বাল্যশিক্ষার পুঁথির মহাজনদের অন্নরপ হৈ স্ব কৃতকর্মা পুরুষ, সমাজে मगतीरत्रहे वर्खमान अता जाएनत त्कान थवत्रहे तारथ ना, এমন কি তাঁরা দেশের রাজার কাছে খুব উচ় সন্মান পেলেও নয়। যারা কেবল কথার সঙ্গে কথা গাঁথতে পারে, বা লজ্জাবতীর পাতায় তামার তার জড়ায়, এরা তাদের নিয়েই অসঙ্গত রকম হৈ চৈ করে। অন্নচিস্তায় যে এরা কাতর নয়, কি অন্নচেষ্টা যে এদের উত্তেজিত করে না তা নয়। সে চিন্তায় এরা যথেট্ট ক্লিষ্ট ; সে চেষ্টায় এরা অনেক তৃঃখ, অনেক অপমানই সহ্ম করে। কিন্তু সে সব সত্ত্বেও ঐ চিন্তা আর ঐ চেষ্টাকেই পরমোৎসাহে সমস্ত মন দিয়ে বরণ করে' নিতে কিছুতেই এদের মন সরে না। এদের ভাব কতকটা এই রকম যে রোগ যথন হয় তথন ডাক্তারও ডাক্তে হয়, ঔষধও গিল্তে হয় এবং হান্সামও কিছু কম হয় না। এবং যে চিররোগী, সমস্ত জীবনই বাধ্য হ'য়ে তাকে এই হান্সাম সইতে হয়। কিন্তু তাই বলে' রোগের চিকিৎসাকেই সব চেয়ে বড় উৎসাহের ব্যাপার করে' তোলা সম্ভবপর নয়।

আমরা বাঙ্গলা দেশের ছেলে বুড়ো অন্নচিস্তার ব্যাপারে সবাই যে এই সব আশ্চর্য্য ও অস্বাভাবিক কাণ্ড করি, পূর্ব্বেই বলেছি এতে আমাদের দোষ কিছু নেই। দোষ পূর্ব্বপুরুষদের যাঁরা ও-সম্বন্ধে স্থচিস্তা ও মনের কোন স্বাভাবিক বোঁাক রক্তনাংসের সঙ্গে আমাদের দিয়ে যেতে পারেন নি। এই দায়িত্ব- হীনতার সাহসেই এই প্রবন্ধও স্থক্ষ করেছি। কেননা জানি, বেফাঁস কথা যা কিছু বল্ব তাতে আমার নিজের দায়িত্ব কিছুই নেই। দায়ী সেই পিতৃপুরুষেরা যাঁরা পিণ্ডের আশাকরেন কিন্তু পিণ্ডের অনু সম্বন্ধে একনিষ্ঠ হ'য়ে চিন্তা কর্বার মতন মনের বা মগজের অবস্থা নিজেদের না থাকায় আমাদেরও দিয়ে যেতে পারেন নি।

(२)

দেশের প্রাচীন আচার্য্যেরা যথন অন্ন সম্বন্ধে চিন্তাই করেন
নি, তথন সে চিন্তায় কিছু সাহায্য পেতে হ'লে পশ্চিমের
আধুনিক যবনাচার্যদের কাছেই যেতে হয়। এঁদের মধ্যে
একদল আছেন যাঁরা অন্ধ-জিজ্ঞাসারই একটা স্বতন্ত্র শাস্ত্র গড়ে'
তুলেছেন। কিন্তু অন্ধ সম্বন্ধে যিনি সব চেয়ে ব্যাপক অথচ
গভীর ভাবে চিন্তা করেছেন তিনি এই অন্ধ-শাস্তের শাস্ত্রী নন,
তিনি একজন প্রাণতত্ববিদ্ আচার্য্য, নাম চার্লস্ ভার্উইন।
ভৃগু-বক্ষণ প্রসঙ্গের আলোচনায় আমরা দেখেছি যে অন্নতত্ত্বের
এক ধাপ উপরে উঠ্লে পাই প্রাণতত্ত্ব। স্বতরাং প্রাণতত্ত্বের

ভার্উইন যে তাঁর উপরের ধাপ থেকে অন্নের লীলা ব্যাপকতর ও স্পষ্টতর ভাবে প্রত্যক্ষ কর্বেন তাতে বিশ্বয়ের কিছু নেই।

ভারউইন পূর্বাচার্যাদের কাছ থেকেই অন্নপ্রাণ-বিভার এই বীজমন্ত্রটী পেয়েছিলেন যে পৃথিবীতে যত প্রাণী জন্মে তাদের সকলের প্রাণরক্ষার উপযোগী পর্য্যাপ্ত অন্ন বস্ত্রমতী যোগাতে পারেন না। কিন্তু এই প্রাচীন মন্ত্রই বহু বৎসর ধরে' একান্ত নিষ্ঠা ও কঠোর সংঘমের সঙ্গে জপ কর্তে কর্তে পূর্বে যা কারও ভাগ্যে ঘটে নি তাঁর সেই সিদ্ধি লাভ হ'ল। আর তাঁর অদৃষ্টপূর্ব্ব বিশ্বরূপ ডার্উইনকে দেখালেন। তিনি দেখলেন স্থলে, জলে, আকাশে—অরণ্যের ছায়ায়, মরুভূমির প্রান্তে, গাছের শাখায়, পর্বতের গহ্বরে, সমুদ্রের তলে, হ্রদের বুকে— অন্নের জন্ম প্রাণের এক অবিশ্রান্ত দ্বন্দ চলেছে। অন্ন পরিমিত. তার আকাজ্জী জীব সংখ্যাহীন। এই পরিমিত অন্নকে আয়ক্ত করার জন্ম প্রাণীতে প্রাণীতে, উদ্ভিদে উদ্ভিদে, উদ্ভিদে প্রাণীতে যে ছন্দ্ৰ, তা যেমন বিরামহীন তেমনি মমতাহীন। এ ছন্দ্ৰে কেহ কারও সহায় নয়। এ হ'ল সকলের সঙ্গে প্রত্যেকের ছন্দ। এই দম্ম কথনও প্রকাশ হচ্চে প্রকাশ্য যুদ্ধের রক্তোচ্ছাসে, কথনও নিঃশব্দে চলেছে নীরব রক্তশোষী প্রতিযোগিতার আকারে i কোন্টা বেশী ভয়ানক বলা কঠিন। অন্ন তাঁর মোহিনী মৃর্জিতে প্রাণকে আকর্ষণ করেছেন, আর আকৃষ্ট প্রাণীকে মহাকালের মূর্ত্তিতে সংহার করছেন। শেষ পর্যান্তও যাদের উপর প্রসন্ধ দৃষ্টি রাখ্ছেন সেই ভাগ্যবানদের সংখ্যা অতি সামাশ্য। মৃত্যুর

শিক্ষা ও সভাতা

মক্ষভূমির উপর দিয়ে অন্ন তাঁর সম্মোহন শব্ধ বাজিয়ে চলেছেন। প্রতি মূহুর্ত্তে প্রাণের জোয়ারে ত্কুল ছাপিয়ে উঠ্ছে, কিন্তু সেউচ্ছাদ ত্'পাশের তপ্ত বালুতেই শুষে' নিচ্ছে। প্রাণের একটা অতি ক্ষীণ ধারা কোনও রকমে শেষ পর্যান্ত অন্নের পিছনে পিছনে চলেছে।

অল্পের এই মোহিনীমহাকালের যুগলমূর্ত্তি দর্শন করে' ভার্উইন কাল জয় করে' অমর হয়েছেন। কিন্তু প্রাণের সঙ্গে অন্নের লীলার এখানেই শেষ নয়। প্রাণের ধারা চলতে চলতে একদিন মান্থৰে এদে ঠেক্ল। পৃথিবীতে প্রাণের ক্রমবিকাশ হ'তে হ'তে একদিন তা মাহুষের মূর্ত্তি নিয়ে প্রকাশ হ'ল। কেমন করে' হ'ল সে কথা পণ্ডিতদের তর্ককোলাহলে অপণ্ডিত সাধারণের কাণে আসা হঃসাধ্য; তাতে আমাদের প্রয়োজন নেই। কিন্তু এবার যে বিগ্রহে প্রাণের প্রতিষ্ঠা হ'ল, সে বিগ্রহ অতি মনোরম, অতি বিশায়কর। তার স্থঠাম, দরল, উল্লত দেহ, তার বন্ধনহীন মুক্ত বাহু, তার সতেজ ইন্দ্রিয়, তার সবল, অনাড় ষ্ট্রমাংসপেশী সবই যেন স্পষ্ট করে' বলে' দিল যে এ বিগ্রহ অরণ্যে পড়ে' থাকবার নয়, এর জন্ম একদিন সোণার দেউল গড়া হবেই হবে। তবুও প্রাণের এই প্রকাশের সব চেয়ে আশ্চর্য্য ব্যাপার তার এই মূর্ত্তি নয়। তার চেয়েও লক্ষগুণে আশ্চর্য্য এক ব্যাপার সংঘটিত হ'ল। যে মন বোধ হয় পৃথিবীতে প্রাণের যাত্রারম্ভের সঙ্গেই তার সাথে ছিল, অতি ক্ষীণ অদৃশুপ্রায় অবস্থা থেকে নানা মৃত্তির মধ্য দিয়ে অতি ধীরে ধীরে

ক্রমে উজ্জ্বল হ'য়ে উঠ্ছিল, মামুষের মৃর্ডিতে পৌছে সে একবারে দীপ্ত স্বর্য্যের মতন জ্বলে' উঠ্ল। তার উজ্জ্বল দীপ্তিতে মামুষ পৃথিবীর দিকে চেয়ে দেখল যে এ বিপুল ধরিত্রী তারি রাজত্ব।

অন্ন তাঁর নিজের শক্তি সেইদিন পূর্ণরূপে উপলব্ধি করলেন যেদিন এই মামুষও, রাজটীকা ললাটে নিয়ে, কাঙালের মত তাঁর পিছু পিছু পৃথিবীময় ছুটে বেড়াতে লাগ্ল। একটা ফলের জন্ত দশটা গাছের তলায়, একটা শিকারের থোঁজে এক অরণ্য হ'তে আর এক অরণ্যে ঘুরে ঘুরে, পরে অন্নকে কিছু স্থলভ করে? একটু স্বস্থির হওয়ার চেষ্টায় গোটাকয়েক প্রাণীকে যদি পোষ মানাল, তবে দেই প্রাণীরূপ অল্লের অল্ল খুঁজ্তে এক দেশ হ'তে আর এক দেশে চল্তে চল্তে তার পায়ে ব্যথা ধরে' উঠুল। এই অজ্ঞাতবাদের ছংসহ দৈত্তে মাহুষের বছ যুগ কেটে গেল। শেষে এক দিন পরম শুভক্ষণে ক্লাস্তদেহ, ক্লুকচিত্ত মাতুষ বলে' উঠ্ল আর অন্নের আশায় তার পিছু পিছু ঘুরে' বেড়াব না,— অন্নকে সৃষ্টি কর্ব, স্বল্ল অন্নকে বহু কর্ব। সেদিন নিশ্চয়ই স্বর্গের তোরণে মঙ্গলশঙ্খ বেজে উঠেছিল ; দিব্যাঙ্গনারা মর্ব্ত্যচক্ষ্র অদৃশ্য হেমঘটে অভিষেকবারি এনে মাহুষের মাথায় ঢেলেছিলেন; ইন্দ্রদেব এসে সোণার রাজমুকুট তার মাথায় পরিয়েছিলেন: আর সমস্ত আকাশ ঘিরে দেবতারা প্রসন্ন নেত্রে দীর্ঘ বনবাসের পরে মাহুষের নিজ রাজ্যে অভিষেক চেয়ে দেখেছিলেন।

কৃষি আরম্ভ হ'ল। প্রাণের ধাপ থেকে মনের ধাপে উঠে মাহ্ম দেখ্ল যে এখানে দাঁড়ালে অন্ন এসে আপনিই হাতে

ধরা দেয়, তাকে পৃথিবীময় খুঁজে বেড়াতে হয় না। এখানে
বেসে' তপস্থা কর্লে কালো মাটীর বৃক চিরে সোণার ফসল বাইরে
এসে পৃথিবী ঢেকে ফেলে; দিনের আন দিন খুঁজে প্রাণাস্ত
হ'তে হয় না। মাম্ম জান্ল, 'পৃথিবী বা আয়ম্', পৃথিবীই আয়।
মাটীর তলে জলের অফুরস্ত ধারার মত মাটীর মধ্যে আয়েরও
অফুরস্ত ভাণ্ডার লুকান আছে; লাফলের ফালে তাকে তুলে
আন্তে জান্লে আয়ের দৈয় দূর হয়; যে ময় ভার্উইন জলে,
স্থলে, অস্তরীক্ষে প্রত্যক্ষ করেছিলেন তার শক্তিকে ব্যর্থ করা
যায়। মাটীর সকে মাম্থের হাদয়ের সম্বন্ধ স্থাপন হ'ল। মাটীর
টানে উদ্ভাস্ত বনচারী গৃহী হ'ল। সেইদিন মাম্থেরে স্বদেশ,
সমাজের প্রতিষ্ঠা হ'ল, মাম্থের গ্রাম নগর গড়ে' উঠল, শিয়
বাণিজ্যের স্থক্ক হ'ল। পৃথিবীর আদিম অরণ্য কেটে সভ্যতার
সোণার মন্দিরে মাম্থেরে প্রতিষ্ঠা হ'ল।

কিন্তু প্রাণের ভূমি থেকে আরম্ভ করে' মান্থবের এই যে যাত্রা, এথানেই তার শেষ হয় নাই। মন যথন স্বষ্টির ক্ষমতায় পরিমিত অন্ধকে বছা করে' অন্ধের দাসত্বের লোহার বেড্রি মান্থবের পা থেকে খুলে নিল, বিরামহীন অন্ধচেষ্টা থেকে তাকে মুক্তি দিল, তথনই মান্থবের স্বভাবের যেটি পরমাশ্চর্য্য অংশ, সেটির বিকাশ হ'ল। মান্থব দেখল যে কেবল অন্ধে তার ভূপ্তি নাই,—তার পরিমাণ যতই অপর্য্যাপ্ত হ'ক, তার প্রকার যতই বিবিধ হ'ক। প্রাণের তাড়নায় অন্ধের খোঁজে আকাশ, বাতাস, পৃথিবীকে জান্তে আরম্ভ করে' মান্থব ব্রুল যে তার

স্বভাবে একটা কি আছে যেটা কেবল জানার দিকে তাকে ঠেলে দেয়। অন্ধের সৃষ্টি আরম্ভ করে' সে জান্ল যে তার প্রকৃতির যেটা অস্তরতম অংশ, সেটা কেবল সৃষ্টির আনন্দেই সৃষ্টি করে' যেতে চায়। মান্ন্য যেন প্রাণিরাজ্যের রাজা হ'লেও অপ্রাণ-লোকেরই অধিবাসী। সে যেন বিদেশী রাজপুত্র পরদেশে এসে রাজত্ব পেয়েছে, কিন্তু তার অন্তরাত্মার নাড়ীর টান স্বদেশের দিকেই। প্রাণের জগতে মান্ন্যের এই যে উদ্দেশ্যহীন জানা আর অনাবশ্যক সৃষ্টি তাই হ'ল তার বিজ্ঞান, দর্শন, ধর্ম, কাব্য, কলা, শিল্প। মান্ন্যের প্রাণ বলে' এদের মূল্য এক কানা কড়িও নয়; তার অন্তর জানে এরাই তার যথাসর্বস্ব, অন্নের চেয়েও কাম্য, প্রাণের চেয়েও প্রিয়।

এই হ'ল মামুঘের সভ্যতার অয় আর প্রাণের ভূমি থেকে
মনের সিড়ি দিয়ে বিজ্ঞান আর আনন্দলোকে যাত্রার ভ্রমণকাহিনী। এই লোকে পৌছিলেই অয়ের দাসত্ব থেকে মামুঘের
যথার্থ মুক্তি। মামুঘ যদি কেবল অয়কে আয়ত্ত ক'রেই
নিশ্চিন্ত থাক্তে পার্ত তা হ'লে অয়-দাস হ'লেও মামুঘের
জীবনে তার সর্বব্যাপী প্রভূত্বের কোনও অপচয় হ'ত না।
সোনার শিকলে অয়কে বাঁধ্লেও শিকলের অয় দিকটা
মামুঘের গলাতেই পরান' থাক্ত, অয়ের টানে পৃথিবীয়য়
না ঘূর্তে হ'লেও সারাক্ষণ অয়কে টেনেই পৃথিবীতে চল্তে
হ'ত। এই বিজ্ঞান আর আনন্দলোকে পৌছিতে জান্লেই
মামুঘের গলা থেকে এই অয়ের শিকল খোলার উপায় হয়।

আমাদের ঋষিরা সংসারচক্র থেকে জীবের মৃক্তির কথা বলেছেন। এই হ'ল মাহুষের সভ্যতার অন্নচক্র থেকে মুক্তির পথ।

(0)

যদি কারু মনে হয় যে মনের বলে মাহুষের আয়ন্ত হ'য়ে,
তাকে বিজ্ঞান আর আনন্দের পথের যাত্রী দেখে, মানবজীবনের সঙ্গে যুদ্ধে পরাজয় স্বীকার করে', অন্ন চিরদিনের
জন্ম নিশ্চেষ্ট হয়ে গেছে, তবে তিনি অন্নের প্রভাব এবং
মাহান্ম্যের কথা কিছুই জানেন না। মাহুষের সভ্যতার যে
যে মুক্তির কথা বলেছি সে হ'ল শাস্ত্রে যাকে বলে জীবনুক্তি,
অর্থাৎ দেহও আছে, মুক্তিও হয়েছে। স্ক্তরাং মাহুষের দেহ
আর প্রাণ যথন আছে তথন তার অন্নের উপর একান্ত
নির্ভর আছেই আছে। এই ছিন্তু ধরে' অন্ন অতি নিপুণ
সেনাপতির মত এক নৃতন পথ দিয়ে তার বল চালনা করে'
মাহুষকে বন্দী কর্বার চেষ্টা করেছে। প্রাচীন দ্বুটা চলেছে,
কেবল অবস্থার পরিবর্ত্তনে 'ষ্ট্রাটেজির' প্রভেদ ঘটেছে মাত্র।

যতদিন মান্ত্র্য কেবল প্রাণী ছিল, তার মনের পূর্ণ বিকাশ হয় নি, বিজ্ঞান ও আনন্দলোকের বার্তা তার অজ্ঞাত ছিল, ততদিন অন্নের দৃষ্টি ছিল মান্ত্র্যের প্রাণের উপর। যেমন ইতর প্রাণীকে তেমনি মান্ত্র্যকেও নিজের রথের চাকায় বেঁধে, অন্ন তার জীবন-মৃত্যুর উপর কর্ত্ত্ব কর্ত। এই মৃদ্ধে অন্ধ জন্মী

হয়েছিল নিজেকে বিরল করে', আপনাকে হুর্লভ করে'। মাহুষের মন যথন অন্নকে বহু ও স্থলভ করে' এই উপায়টা ব্যর্থ কর্ল দেইদিন থেকে অল্লের দৃষ্টি পড়েছে মান্নুষের বিজ্ঞান ও আনন্দ-লোকের দিকে। অন্ন জানে যে ওরাই তার প্রকৃত প্রতিষন্দী মামুষের জীবনে যদি ওদের আবির্ভাব না হ'ত, তা হ'লে নামে প্রভূ হ'লেও রোমের শেষ সমাটদের মত মাত্র্য দাস-অন্নের দাসত্তই করত। কাজেই অন্নের এখন চেষ্টার বিষয় হ'য়েছে মামুষের সভ্যতার ঐ বিজ্ঞান আর আনন্দের লোকটা ধ্বংস করা। আর প্রাণকে আয়ত্ত করার প্রাচীন চেষ্টার ব্যর্থতার মধ্যেই অন্ন এই নৃতন যুদ্ধের অস্ত্র খুঁজে পেয়েছে। তুর্লভ অন্নকে বহু করে' মামুষ সভ্যতা গড়েছে। এই বহু অন্ন অসংখ্য মোহিনী মূর্ভিতে মামুষকে ঘিরে তার বিজ্ঞান আর আনন্দলোকের পথরোধের চেষ্টা কর্ছে। বিরলতার ক্ষয়রোগে মাম্বের সভ্যতাকে ধ্বংস কর্তে না পেরে বাহুল্যের মেদরোগে তার হৃৎপিণ্ডের ক্রিয়াটা বন্ধ কর্বার চেষ্টা দেখছে। অন্ধ এখন মহাকালের মৃত্তি ছেড়ে কুবেরের মৃত্তি ধরেছে। মাস্থবের কত সভ্যতা মহাকালের করাল দংষ্ট্রা হ'তে উদ্ধার পেয়ে স্থুলোদর ভোগপ্রসন্নমুখ কুবেরের মেদপুষ্ট বাছর আলিঙ্গনের মধ্যে নিশ্বাসক্ষ হ'য়ে মরেছে!

মান্থবের সভ্যতার সঙ্গে অন্নের এই ছন্দ্র নৃতন নয়, এ ছন্দ্র অতি প্রাচীন। সভ্যতার সৃষ্টির সঙ্গে সঙ্গেই এ ছন্দ্রেরও আরম্ভ হ'য়েছে এবং বোধ হয় শেষ পর্যান্তই চল্বে। কথনও সভ্যতা

জয়ী হ'য়েছে, কখনও বা অন্নেরই জয় হ'য়েছে। মান্তবে মান্তবে শেষ যুদ্ধের বর্ত্তমান কল্পনার মত এ যুদ্ধের শেষ কল্পনাও হয়ত কেবল স্বপ্ন। হয়ত মান্তবের সভ্যতাকে চিরদিনই এই দ্বন্দের মধ্য দিয়ে উঠে পড়ে' চলতে হবে।

এই চিরন্তন ছন্দের মধ্যে মান্থ্যের সভ্যতা রক্ষা পেয়েছে, কেননা যুগে যুগে এমন সব জাতি উঠেছে যারা অয়ের মায়াকে অতিক্রম করে' আনন্দের পথে চল্তে পেরেছে। ভুল হ'তে পারে, কিন্তু আমার বিশ্বাস আধুনিক বাঙ্গালী সেই সব জাতির অগ্রতম। সভ্যতার এই প্রাচীন যুদ্ধে নবীন সেনাপতি হবার যোগ্যতা এদের মধ্যে আছে। অয়ের মহাকাল-মৃর্ত্তিতে ভয় পেয়ে বাঁরা এই জাতিকে কুবেরের কোলে তুলে' দিয়ে নিশ্চিন্ত হ'তে চান, তাঁদের মাথায় বৃদ্ধি থাক্তে পারে, কিন্তু চোথে দৃষ্টির অভাব। আনন্দলোকের স্ব্যারশ্মি বিজয়মাল্যের মত এদের মাথায় এসে পড়েছে; হিতৈষিদের শত চেষ্টাতেও সে বরণকে উপেক্ষা করে' কেবল অয়কে বছ করার চেষ্টাতেই এ জাতি কখনও জীবন উৎসর্গ করতে পার্বে না।

"অয়ং ন নিন্দ্যাৎ"; অয়ের নিন্দা করি নে। "আয়ং
বছকুবীত"; অয়েকে বছ করার যে কত প্রয়োজন তাও জানি।
সেই ভিত্তির উপরেই মান্ধবের সভ্যতা দাঁড়িয়ে আছে। সমস্থা
এই, কেমন করে' অয়কেও বছ করা যায় আবার তার বাছল্যকেও
বর্জন করা যায়। মহাকালের দশনেও ছিয় হ'তে না হয়,
কুবেরের গদাও চুর্ণ না করে।

এস নৃতন যুগের নবীন বাদরায়ণ! 'অথাতোহন্ধ জিজ্ঞাসা' বলে' তোমার অন্নস্ত্র আরম্ভ করে' এই সংশয়ের সমাধান কর। কোন্ মধ্যমান পথের পথিক হ'লে মান্নমের সভ্যতাকে আর আনন্দের ব্রন্ধলোক হ'তে ফিরে আস্তে না হয় তার নির্দ্ধারণ কর।

আশ্বিন, ১৩২৪



রোম।

()

জোর করে' লেগে থাক্লে দেখ্ছি অসাধ্যও সাধন করা যায়। এভ্রিম্যানের অম্বাদে চার ভ্যলুম মম্দেনের রোমের ইতিহাস শেষ হ'য়ে গেল। অবশ্য এ পুঁথির শেষে পৌছে দেখি গোড়ার দিক্কার অনেক কথা, মনের মধ্যে ঝাপ্সা হ'য়ে এসেছে। কেণ্টজাতির স্বাধীনতা রক্ষার নিম্ফল চেষ্টার করুণ কাহিনী, ভাষ্নাইটদের রোমের নাগপাশ থেকে মৃক্তির রুথা প্রয়াসের ইতিহাসকে একরকম ঢেকে ফেলেছে। সিরাজের জয়ধ্বনিতে, ম্থানিবালের স্তুতিগানও প্রায় ডুবে গেছে। দন তারিথের ত কথাই নাই। প্রথম থেকেই তার গোলযোগ স্থক হয়েছে, এবং শেষ পর্যান্ত সব একাকার হয়ে গোলযোগের সম্ভাবনারও লোপ ঘটেছে। মোট কথা, রোমের ইতিহাসে পরীক্ষা দিতে বস্লে যে, সে পরীক্ষাতে ফেল হব এটা নিশ্চয়। তবুও ল্যাটিন জাতির বিজয় যাত্রার এই অধ্যায়গুলি, মম্দেনের বর্ণনায় মনের মধ্যে যে দাগ কেটে গেছে, তা সহসা মুছে যাবে না। ভূ-মধ্য-সাগরের চার পাশের যে ভৃ-খণ্ডকে আধুনিক যুগের রোমের ঐতিহাসিকেরা ও পৃথিবী বলেই উল্লেখ করেন, তার বহু রাজ্য ও

রোম

বিচিত্র জাতিগুলির উপর রোমের এক-রাট্ ও একছত্র সাম্রাজ্য প্রতিষ্ঠার ইতিহাস, মনকে যে দোলা দিয়েছে, তার বেগ শেষ হ'তে কিছু সময় লাগ্বে।

পাঠকেরা শক্ষিত হবেন না। মম্সেন থেকে তুটো অধ্যায় ইংরেজি অমুবাদের বাঙ্গলা তর্জ্জমা করে' দিয়ে লন্ধ-প্রতিষ্ঠ ঐতিহাসিকপদ লাভের কোনও চেষ্টাই কর্ব না। রোম সম্বন্ধে এখানে যা কিছু বল্তে যাচ্ছি তা নিতান্তই এলোমেলো রকমের। তাতে প্রস্থ-তত্ত্বের পাণ্ডিত্য এবং ইতিহাসের গান্ডীর্য—এ হ'য়ের অত্যন্ত অভাব। স্ক্তরাং বাঁরা প্রবন্ধের নাম দেখে পড়তে স্কুক্ষ করেছেন তাঁরা হয়ত আর অগ্রসর নাহ'লেই ভাল কর্বেন। আর বাঁরা নাম দেখেই পাতা উল্টেখেতে চাচ্ছেন, তাঁরা একবার শেষ পর্যান্ত পড়্বার চেষ্টা কর্লেও কর্তে পারেন।

(2)

প্রাচীন হিন্দুজাতি এবং তাদের সভ্যতা আমাদের পশ্চিমের মাষ্টার ম'শায়দের কাছে অনেক রকম গঞ্জনা শুনেছে। তিরস্কারের একটা প্রধান বিষয় এই যে বংশপরিচয়ে তাঁরাও ছিলেন রোমানদেরই জ্ঞাতি। স্থতরাং সেই একই রক্ত শরীরে থাক্তে তাঁরা যে কেমন করে হিন্দু-সভ্যতার মত এমন ত্র্বল ও বিক্বত সভ্যতা গড়ে' বস্লেন, এটা পণ্ডিতদের মনে যেমন বিরাগেরও সঞ্চার করেছে তেম্নি জিজ্ঞাসারও জন্ম দিয়েছে। এবং এই সংশ্যের সমাধানে তাঁরা নানা রকম সম্ভব অসভব,

অবশ্য সকলগুলিই 'বৈজ্ঞানিক', মতবাদের প্রচার করেছেন। গল্প আছে, ইংলণ্ডের দ্বিতীয় চার্লস্ রয়েল সোসাইটীর নতুন প্রতিষ্ঠা করে' পণ্ডিতদের এই প্রশ্ন জিজ্ঞাদা কর্লেন যে, মাছ' মরলেই ঠিক সেই সময়টা তার ওজন বেড়ে যায় কেন? পণ্ডিতের। উত্তর খুঁজে গলদার্ম্ম হ'য়ে গেলেন। অবশেষে একজন বলেন, আচ্ছা দেখাই যাক্ না ওজন করে', মাছটা মর্লেই তা যথার্থ বেশী ভারী হ'য়ে ওঠে কিনা। মম্দেনের বিপুলায়তন পুঁথি শেষ করে' এই কথাটাই বারবার মনে হয়েছে, যে যাঁরা এই রোমান-সভ্যতার তুলনায় প্রাচীন হিন্দু-সভ্যতাকে অতি খাটো ও নিতান্ত হান্ধা বলেছেন, 'সভ্যতা' বলতে তাঁরা কি বোঝেন ় সভ্যতার কোনু মাপকাটিতে তাঁরা এই হুই সভ্যতাকে মাপ করেছেন? কোন তৌলে এদের ওজনে তুলেছেন? এই যে রোমান-সভ্যতা, যার গৌরবের দীপ্তিতে পণ্ডিতদের চোক ঝল্সে গেছে, এ ত একটা একটানা পরের দেশ জয় ও অন্ত জাতির উপর আধিপত্য স্থাপনের ইতিহাস। প্রথম **'লেশি**য়ামের' উপর রোমের প্রভুত্ব বিস্তার, তারপর তারি সাহায্যে উত্তরের ইট্রাস্কানদের ধ্বংস করে' ইতালীর আর সকল জাতিগুলোকে পিষে ফেলে গোটা দেশটায় নিজের আধিপভ্য স্থাপন। আবার মেডিটারেনিয়ানের ওপারের প্রবল রাজ্যটী, সিসিলির সেতু পার হ'য়ে এই আধিপত্যের কোনও বিশ্ব ঘটায়, এই আশকাতেই কার্থেজের সঙ্গে যুদ্ধ বাধিয়ে বিজিত ইতালীর সাহায্যে তাকে সমূলে উচ্ছেদ; এবং কার্থেজের অধিনায়ক 'হামিলকার বারকা' বা বিহাতের বংশধর, স্পেন থেকেই যাত্রা স্থক করে' বজ্র হ'য়ে রোমের মাথায় ভেক্সে পড়েছিল বলে', শক্রর শেষ রাখ্তে নাই এই নীতি অমুসারে স্পেনেও রাজ্যবিন্তার। এম্নি করে' দক্ষিণ আর পশ্চিমের ভাবনা যথন ঘুচল তথন স্বভাবতই দৃষ্টি গেল পূবের দিকে। গায়ে জোর থাক্লে এ 'আশঙ্কার' ত আর শেষ নাই! পূবে তথন ছিল আলেক্জেণ্ডারের ভাঙ্গা সাম্রাজ্যের গোটা কয়েক বিচ্ছিন্ন টুক্রা। ওরি মধ্যে যে হুটি একটু প্রবল-ম্যাদিভন আর এসিয়া, তারা তখন রোমেরই মত আশপাশের রাজ্যগুলিকে গ্রাস করে' নিজেদের ক্ষমতা বৃদ্ধির চেষ্টায় ছিল। এ ব্যাপারকে অবশ্য উপেকা কি মার্জনা কিছুই করা চলে না। কেননা পরের দেশ জয় করে' রাজ্য ও বলবৃদ্ধি জিনিসটি মাহুষের ইতিহাদের আদিযুগ থেকে আজ পর্যান্ত প্রত্যেক জাতিরই নিজের পক্ষে খুব স্থসঙ্গত ও অত্যাবশ্যকীয় এবং অন্ত সকলের বেলাই নিতান্ত বিসদৃশ ও অত্যন্ত আশকাজনক বলে' মনে হ'য়েছে। স্থতরাং বাধ্য হ'য়েই রোমকে এ ছটি রাজ্য আক্রমণ করতে হ'ল; এবং এদের বাহুল্য অংশগুলি ছেঁটে ফেলে যাতে এরা অতঃপর বেশি নড়াচড়া না করে' ভদ্রভাবে জীবন যাপন করতে পারে, তার ব্যবস্থা করতে হ'ল। এমন কি সঙ্গে সঙ্গে রোম একটা মহামুভবতার পরিচয় দিতেও কম্বর করলে না। ইতালীতে তথন হেলেনিক সভ্যতার স্রোত বইতে আরম্ভ ক'রেছে। তারি গুরুদক্ষিণা হিসাবে গ্রীসের ছোট ছোট

নখদস্তহীন নাগরিক রাজ্যগুলিকে ম্যাসিডনের প্রভুত্ব থেকে মুক্ত করে' রোম তাদের একবারে স্বাধীনতা দিয়ে দিল। কিন্ত ছু:থের কথা মহামুভবতার এ থেলাও রোম বেশি দিন থেল্ডে পারল না! কারণ দানে পাওয়া স্বাধীনতার মানেই হ'ল-স্বাধীন ইচ্ছার প্রয়োগটা করতে হবে দাতারই ইচ্ছা অফুসারে। স্থতরাং গ্রীদের চপল প্রকৃতির লোকগুলি যথন নিয়মের ব্যতিক্রম করে', ম্যাসিডনের আবার মাথা তুল্বার চেষ্টা দেখে, তাকেই নায়ক ভেবে কিঞ্চিৎ চাঞ্চল্যের লক্ষণ প্রকাশ কর্ল, তথন এই পূবের দেশগুলির আধা স্বাধীনতা আধা অধীনতার বিশ্রী অবস্থাটা ঘুচিয়ে সোজাস্থজি এদের করায়ত্ত করে' নেওয়া ছাড়া রোমের আর গত্যস্তর থাক্ল না। এর পর রোমান চোথের দিক্চক্রবালে যে ছাট রাজ্য বাকী থাক্ল, সিরিয়া আর মিশর, তাদের নিয়ে অবশ্য বেশি বেগ পেতে হ'ল না। অবস্থা দেখে তারা আপনারাই এদে রোমের পায়ে মাথা ঠেকালে। সাম্রাজ্য যথন গড়ে' উঠুল তথন কাজে কাজেই তার "বৈজ্ঞানিক চৌহদ্দি"রও থোঁজ পড়ল। ক্রফ্সাগরতীরের মিথ্রেডেটিসএর রোমের শিকল ভেঙ্গে হাত পা ছড়াবারু ত্রাকাজ্ঞা দমন উপলক্ষে, রাজ্যের পূব-সীমা ইউফ্রেটিনে গিয়ে ঠেক্ল, এবং স্বয়ং জুলিয়স কেণ্টদের মৃতদেহের উপর দিয়ে রোম সাম্রাজ্যের পশ্চিম সীমা আটলান্টিক পর্যান্ত টেনে নিয়ে গেলেন। সামাজ্যের প্রতিষ্ঠার সঙ্গে সমাটেরও আবির্ভাক হ'তে খুব বেশি বিলম্ব ঘটল না। কেননা তিন শ' বছর রাজ্য- জয়ে আর রাজ্যভোগে প্রাচীন রোমান বল-বীর্য্য-ঐক্য সকলেরই তখন লোপ হ'য়েছে। প্রকৃতির পরিশোধ! আর পররাজ্যজ্বে যে সাম্রাজ্য ও সভ্যতার প্রতিষ্ঠা, যুদ্ধজয়ী সেনাপতি তার নায়কত্ব না পেলেই বরং বিশ্বয়ের কারণ হ'ত। সিজারের উত্তরাধিকারীরা আরও তিন শ' বছর ধরে' এই রোম-সাম্রাজ্য, যাকে কোন রকমেই আর রোমান সাম্রাজ্য বলা চলে না, শাসন ও রক্ষা করলেন। রাজ্যের সকল জাতির লোকের মধ্যে রোম-নাগরিকের অধিকার ছড়িয়ে দেওয়া হ'ল, কেননা তথন দকলেই রোম-সমাটের সমান প্রজা, 'ফেলো সিটিজেনের' অর্থ দাঁড়িয়েছে 'ফেলো সাব্জেক্ট'। উঁচু আশা ও বড় আকাজ্জার তাড়না না থাক্লে যে শাস্তি আপনিই আদে, রাজ্যজুড়ে দে শান্তি বিরাজ করতে লাগুল। ঘরকন্নার ও ব্যবসা-বাণিজ্যের উপযোগী পাকা আইন-কান্থন এই বছজাতি ভূষিষ্ঠ রাজ্যের মধ্যে গড়ে' উঠ্ল। তারপর মাহুষের গড়া অপর দকল রাজ্যের মত রোম-সাম্রাজ্যও ভেক্ষে পড়্ল। ইউরোপের সভ্যতার কেন্দ্র ভূ-মধ্যসাগর ছেড়ে আট্লাণ্টিক মহাসাগরকে আশ্রয় কর্ল। তারি তীরে তীরে নবীন সব জাতির মধ্যে মাহুষের সভ্যতার চির-পুরাতন ও চির-নৃতন থেলার আরম্ভ হ'ল।

(0)

এই যে ছয় সাত শ' বছরের রাজ্যজয় ও রাজ্যশাসনের পলিটিক্যাল ইতিহাস, রোমান সভ্যতা ও গৌরবের কাহিনীরও

এই হ'ল অস্তত চোদ্দ আনা। একে বাদ দিলে রোমান সভ্যতার যা অবশিষ্ট থাকে তার গৌরবের কাছে প্রাচীন হিন্দু-সভ্যতার কথা দূরে থাক, তার চেয়ে অনেক ছোট সভ্যতারও মাথা নীচু করার কোনও কারণ দেখা যায় না। ट्रिलिनिक मञ्जाजात मुद्रास्त्रिंग हो। स्वाप्ति माम्राम्य थाक्ट निष्करमत সভ্যতার এই স্বরূপ সম্বন্ধে রোমানদের মনেও সংশয়ের কোনও অবসর ছিল না। আগষ্টাসের সভাকবি তাঁর যুগের আত্মবিষ্মৃত রোমানদের প্রকৃত রোমান-গৌরব স্মরণ করিয়ে দিতে গিয়ে বল্ছেন,—'জানি আর আর সব জাতি আছে যারা কঠিন ধাতুকে স্থ্যমাময় গড়ন দিতে পারে, পাথরের হিম দেহ থেকে প্রাণের বিপুল উচ্ছাস থুঁড়ে' বের কর্তে পারে, জ্ঞানের আঙ্ল আকাশে তুলে নক্ষত্রলোকেরও সকল বার্ত্তা এঁকে দেখাতে পারে, কথার সঙ্গে কথা গেঁথে লোকের করতালি নিতেও তারা পটু, কিছ রোমান, এ সব কাজ তোমার নয়। তোমার কাজ হ'ল-সকল জাতির উপর রাজত্ব করা। সেই হ'ল তোমার শিল্পকলা। তোমার গৌরব হ'ল বিজিত রাজ্যে শান্তি আনা, উচুমাথাকে যুদ্ধে নীচু করা, পতিত যে শত্রু তাকে করুণা দেখান।' 'এনিড' যে ইতিহাস নয়, কাব্য, পতিত শক্রকে করুণা দেখানোর কথা বলে' ভার্জিল বোধ হয় তারি ইঙ্গিত করেছেন। কেননা রোমের ইতিহাসের প্রথম থেকে শেষ পর্যান্ত এ বস্তুটি কোথাও খুঁজে পাওয়া যায় না। যা হোক, ল্যাতিন কবির রোমান সভ্যতা ও গৌরবের এই বর্ণনাটা

আধুনিক কালের রোমানতত্ত্ত পণ্ডিতেরাও এক রকম সকলেই মেনে নিয়েছেন। কারণ না মেনে উপায় নাই। এবং এরি মধ্যে মাহুষের সভ্যতা, প্রকৃতি ও শক্তির বিরাট বিকাশ দেখে' তাঁরা বিশ্বয়ে স্তম্ভিত ও প্রশংসায় উচ্ছুসিত হ'য়ে উঠেছেন। মানি, বহু জাতিকে যুদ্ধে পরাজয় কর্তে হ'লে জাতির মধ্যে যে বীর্ঘ্য, যে ঐক্য, যে রাজনৈতিক বৃদ্ধি ও বন্ধনের প্রয়োজন, তার মূল্য কিছু কম নয়। কিন্তু এই বস্তুকে সভ্যতার একটা শ্রেষ্ঠ বিকাশ বললে মান্তবের প্রকৃতিকেই অপমান করা হয়। আর জাতির এই বীর্ঘ্য, ঐক্যু ও বৃদ্ধি যথন পরের দেশ জয় ও পরের উপর আধিপত্যেই নিঃশেষে বায় হয়, তখন তার শক্তি দেখে অবশ্য শুম্ভিত হ'তে হয়, যেমন কালবৈশাখীর ক্ত্রমূর্ত্তিতে মাহুষ স্তম্ভিত হয়। প্রকৃতপক্ষে একটা সমগ্র জাতি, নবীন শক্তি সঞ্চারের আকস্মিক উন্মাদনায় নয়, কিন্তু যেমন মম্দেন দেখিয়েছেন, শতাব্দীর পর শতাব্দী সুন্ধ লাভ লোকসানের হিসাব গণনা করে' চোথের স্থমুখে যথনি যাকে প্রবল বা বিদ্ধিষ্ণু দেখেছে তারি বুকের উপর পড়ে' তার জীবনের বল নিঃশেষে ভবে' নিয়ে নিজেকে পুষ্ট করেছে, রোমান ইতিহাদের এই ব্যাপারটি তার ভীষণতায় মামুষকে স্তম্ভিত না ক'রেই পারে না ; খুষ্টান ও পার্শি পুরাণে যে অন্ধকার ও অমঙ্গলের দেবতার কল্পনা আছে সেটা ভিত্তিহীন নয় বলেই মান্তবের বিশ্বাস জন্মায়।

আশ্চর্য্যের বিষয় এই যে, রোমের এই প্রবল পলিটিক্যাল্ সভ্যতা, কেবল সমসাময়িকদেরই মাথা ভয়ে হেঁট করিছে

রাথে নি, কিছ উত্তরকালের ঐতিহাসিকদেরও শ্রদ্ধায় নতমুগু করে' রেখেছে। প্রাণতত্ত্বিদেরা হয় ত বল্বেন মামুষ পশুরই বংশধর; শক্তির বিকাশ দেখনেই পূজা না করে' থাক্তে পারে না। মম্দেন বলেছেন, এথেন্স যে রোমের মত রাষ্ট্র গড়তে পারে নি, সে জন্ম তার দোষ ধরা মূর্যতা। কেননা গ্রীক প্রকৃতির যা কিছু শ্রেষ্ঠত্ব ও যা কিছু বিশেষত্ব, তা ছিল তেমন একটা রাষ্ট্র গড়ে' তোলার প্রতিকূল। অনিয়ন্ত্রিত রাজ্তন্ত্রকে বরণ না করে', গ্রীদের পক্ষে জাতীয় একতা থেকে রাষ্ট্রীয় ঐক্যে পৌছান সম্ভব ছিল না। সেই জন্ম গ্রীসে জাতীয় একত্বের ষ্থনি বিকাশ ঘটেছে সেটা কোনও রাষ্ট্রীয় ভিত্তির উপর ভর করে' নয়। অলিম্পিয়ার ক্রীড়াঙ্গন, হোমারের কবিতা, উরিপি-ভিদের নাটক, এই সবই ছিল হেলাদের ঐক্য-বন্ধন। ঠিক আবার তেমনি ফিডিয়াস্ কি আরিষ্টফেনিসের জন্ম দেয় নি বলে রোমকে অবহেলা করা অন্ধতা। কেননা রোম স্বাধীনতার জন্ম স্বাতম্ভ্যকে, রাষ্ট্রের মঙ্গলের জন্ম ব্যক্তির ইচ্ছা ও শক্তিকে নির্ম্মভাবে দমন ক'রেছে। ফলে হয়ত ব্যক্তিগত বিকাশের পথ রুদ্ধ হ'য়েছে, প্রতিভার ফুলও মুকুলেই ঝরে' পড়েছে ; কিন্ত তার বদলে রোম পেয়েছে স্বদেশের উপর এমন মমত্ববোধ ও 'পেট্রিয়টিজ্ম্', গ্রীদের জীবনে যার কোনও দিন প্রবেশ ঘটে নি। এবং প্রাচীন সভ্যজাতিগুলির মধ্যে রোমই স্বাধীন রাজ্তন্ত্রের ভিত্তির উপর জাতীয় ঐক্যের প্রতিষ্ঠায় ক্বতকার্য্য হ'য়েছে। সেই জাতীয় ঐক্যের ফলে কেবল বিচ্ছিন্ন হেলিনিক জাতির

রোম

উপরে নয়, পৃথিবীর সমস্ত জানা অংশের উপর প্রভূত্ব, তাদের করতলগত হ'য়েছিল।

আমাদের শাস্ত্রে আছে 'পুরুষের' শ্রেষ্ঠ আর কিছু নেই, তাই শেষ, তাই 'পরা গতি'। পরিচিত সমস্ত পৃথিবীর উপর অবাধ প্রভূত্ব কি মানব-সভ্যতার 'পুরুষ', তার 'কাষ্ঠা' ও 'পরা গতি'। এ প্রভূষ ত কালে উঠে কিছুকালের পরই বিলোপ হয়; মাহুষের সভ্যতার ভাণ্ডারে কিছুই স্থায়ী সম্পদ রেখে যায় না। আমার স্বমুথে উরিপিডিদের কয়েকখানি নাটক রয়েছে। এ গুলি ত কেবল খৃষ্টপূর্ব্ব পঞ্চম শতাব্দীর হেলাদের ঐক্য-বন্ধন নয়। তেইশ শ' বছর আগেকার এথেন্সের নাগরিকের মত আমিও যে আজ সে কাব্যের রসে মেতে উঠ্ছি। এগুলি যে চিরদিনের জন্ম মানব-সভ্যতার অক্ষয় মঞ্ছায় সঞ্চিত হ'য়ে গেছে। যুগের পর যুগ বিশ্বজন এর স্থধা আনন্দে পান কর্বে। আর রোমের প্রভূষ ?—সেটি রয়েছে—এ মম্সেনের পৃষ্ঠায়। এই যে প্রভেদ, এ ত মম্দেনের চার ভল্যুমও মুছে ফেল্তে পারে না। একে কেবল মান্থবের সভ্যতার প্রকার ভেদ বলে' আপোষ মীমাংসার চেষ্টায় কোনও ফল নাই। এর একটির চেয়ে আর একটি শ্রেষ্ঠ, নি:সন্দেহে শ্রেষ্ঠ; যেমন জড়ের চেয়ে জীবন শ্রেষ্ঠ, প্রাণের চেয়ে মন শ্রেষ্ঠ।

মান্থবের সভ্যতার ধারা তৃই। এক ধারা ব'য়ে যাচ্ছে— কেবলই কালের মধ্য দিয়ে—জাতিকে, সভ্যতাকে ভাসিয়ে নিয়ে শ্বতি ও বিশ্বতির মহাসাগরে মিশিয়ে দিচ্ছে। নতুন জাতি,

শিক্ষা ও সভাতা

ন্তন সভ্যতার স্বোত এসে ধারার প্রবাহকে সচল রাখ্ছে। আর এক ধারা জন্ম নিয়েছে কালেরই মধ্যে, কিন্তু কালকে অতিক্রম করে' ধ্রুবলোকে অক্ষয় স্রোতে নিত্যকাল প্রবাহিত হচ্ছে। নৃতন স্রোত এদে এ ধারাকে পুষ্ট কর্ছে; কিন্তু এতে একবার যা মিশছে, তার আর ধ্বংস নেই, তা অচ্যুত। কেননা এ লোকে ত পুরাতন কিছু নেই, সবই সনাতন, অর্থাৎ চির-নৃতন। সভ্যতার স্বষ্টির এই যে নশ্বর দিকটা এ কিছু তুচ্ছ नम्र। এইথানেই বিবিধ মানবের বিচিত্র লীলা, সমাজ গঠনে, রাষ্ট্র নির্মাণে, শোর্ষ্যে, বীর্ষ্যে, মহত্বে, হীনতায় চিরদিন তরঙ্গিত হ'য়ে উঠ্ছে। হোক্ না এ মৃত্যুর অধীন, তবুও জীবনের রসে ভরপূর। কিন্তু মাতুষ ত কেবল জীব নয়। সে যে মর অমরের সন্ধিস্থল। মৃত্যুর পথে যাত্রী হ'য়েও সে অমৃতলোকেরই অধিবাদী। তাই তার স্বষ্টির যেটা শ্রেষ্ঠ অংশ দেটা কালের অধীন নয়। তার ইতিহাস আছে কিন্তু তা ঐতিহাসিক নয়। সেখানে যে ফুল একবার ফোটে তার প্রথম দিনের গন্ধ স্থমা চিরদিন অটুট থাকে; যে ফল একবার ফলে, রসে আস্বাদে তা চিরদিন সমান মধুর।

ছই সভ্যতার যদি শ্রেষ্ঠত্বের মীমাংসা কর্তে হয়, তবে মাস্থবের সভ্যতার এই অক্ষয় ভাগুারে কার কতাঁ। দান, তাই হ'ল বিচারের প্রধান কথা। এ মাপকাটিতে মাপ্লে, রোমান সভ্যতা গ্রীক কি হিন্দু সভ্যতার সঙ্গে এক ধাপে দাঁড়াতে পারে না। তাকে নীচে নেমে দাঁড়াতে হয়। যতদিন তার

রোম

সাম্রাজ্য ছিল, ততদিন তার বলের কাছে—স্বারই মাথা নীচু করে' থাকতে হ'য়েছে। কিন্তু উত্তর কালের লোকেরা কেন তার কাছে সম্রমে নতশির হবে ? তাদের জন্ম ত সে বিশেষ কিছু সঞ্চয় করে' রেখে যায় নি। তার যা প্রধান দাবী, তার পলিটিক্যাল্ শক্তি ও বুদ্ধি, তার পাওনা ত তার সমসাময়িকেরা এক রকম ষোল আনাই মিটিয়ে দিয়েছে। আমাদের কাছে সে দাবীর জোর খুব বেশি নয়। তার গৌরবের চৌদ আনা হ'ল তার ইতিহাস। কিন্তু ইতিহাস জীবনের কাহিনী হ'লেও জীবন নয়, কেবলই কাহিনী। তার পৃষ্ঠার সঙ্গে মামুষের আত্মার কোনও সাক্ষাৎ যোগ নাই। একজন ফরাসী পণ্ডিত রোমানদের দার্শনিক আলোচনা সম্বন্ধে বলেছেন যে, **দেগুলি এখন বক্তৃতা-শিক্ষার ইস্কুলের ছাত্রদের লেখা প্রবন্ধের** মত মনে হ'লেও যাদের জন্ম সে গুলি লেখা হয়েছিল তাদের জীবনে ওর প্রভাব ছিল থুব বেশি। স্বতরাং এ সব দার্শনিকের মূল্য বুঝুতে হ'লে সেই সময়কার রোমের ইতিহাসের সঙ্গে সে সব মিলিয়ে পড়তে হবে। হায় রোম, তোমার দার্শনিক চিন্তারও ইতিহাসের হাত থেকে মুক্তি নাই!

(8)

রোমের পলিটিক্যাল্ গৌরবের গুণগান মূখে যতই কেন থাকুক না, রোমান সভ্যতার এই প্রক্রতিটি পণ্ডিতদের মনে অস্বন্তির সঞ্চার না করে' যায় নি। সেই জন্ম যুরোপের বর্ত্তমান

সভ্যতা, রোমের সভ্যতা ও সা**শ্রাজ্যের কাছে কেমন করে**' কতটা ঋণী, মম্দেন তার বিশদ ব্যাখ্যা দিয়েছেন, এবং ছোট বড় মাঝারি দকল পণ্ডিতই তার পুনরাবৃত্তি করেছেন। দে ব্যাখ্যার প্রধান কথাটা এই—রোম সামাজ্যের প্রাচীর যদি বর্ত্তমান যুরোপীয় জাতিগুলির অসভ্যকল্প পূর্ব্বপুরুষদের ঠেকিয়ে না রাথ ত, তবে তারা যুখন রোম সামাজ্যের উপরে পড়ে' তাকে ধ্বংস করেছিল, সে ঘটনাটি ঘট্ত আরও চার-শ'বছর আগে। এবং তা হ'লে বিস্তীর্ণ রোম সাম্রাজ্যের মধ্যে,—স্পেনে, গলে, ভ্যানিউবের তীরে তীরে, আফ্রিকায়, হেলেনিক সভ্যতার নব সংস্করণ মেডিটারেনিয়ন সভ্যতা যে শিকড় বসাতে সময় পেয়ে- ছিল, তা আর ঘটে' উঠ্ত না। আর তার ফল হ'ত এই যে, ঐ অর্দ্ধ-সভ্য জাতিগুলি ঐ সভ্যতার সংস্পর্শে এসে যে আধুনিক যুরোপীয় সভ্যতা <u>গড়ে' তুলেছে, তা কখনই গড়তে পার্ত না</u>। মান্থবের ইতিহাসে যে ঘটনাটা এক রকমে ঘটে গেছে, সেটা সে রকম না ঘটে' অতা রকম ঘট্লে তার ফলাফল কি হ'ত এ তৰ্ক নিরর্থক। তাতে 'স্বপ্নলন্ধ' ইতিহাস ছাড়া আর কিছুই পাওয়া যায় না। স্থতরাং রোম সাম্রাজ্যকে তার চৌকিদারির প্রাণ্য প্রশংসাটা নির্বিবাদেই দেওয়া যাক্। কিন্তু এ ত' রোমান সভ্যতার কোনও গৌরবের কাহিনী নয় ৷ এবং রোম সাম্রাজ্যকে যাঁরা চার-শ' বছর ধরে' রক্ষা করেছিলেন তাঁরা নিশ্চয়ই আধুনিক মুরোপীয় সভ্যতার মুখ চেয়ে তা করেন নি! আর এটাও বদি গৌরবের কথা হয় তবে রোমকে আরও একটা

গৌরবের জন্ম পূজা দিতে হয়। সে হচ্ছে ঠিক সময়ে সাম্রাজ্যের প্রাচীরকে রক্ষা কর্তে না পারা। কেন না রোম যদি আরও চার-শ' বছর সাম্রাজ্যকে অটুটই, রাখ্যুত ক্লার্ড, তবে ত আধুনিক যুরোপীয় সভ্যতা আরও চার-শ' বছর পিছিয়ে যেত এবং হয় ত সে সভ্যতা আর তথন পড়েই উঠতে পার্ত না!ইতিহাসে তার ওজন কত, সেটা সভ্যতার শ্রেষ্ঠত্বের মাপ নয়। এই যে চার-শ' বছর ধরে' পৃথিবীর একটা বৃহৎ অংশে বিচিত্র সব জাতি পরস্পরের সংস্পর্শে এল তার ফলে স্বষ্টিহ'ল কি? মেডিটারেনিয়ন সভ্যতার এই প্রকাণ্ড শৃত্যতা, সমন্ত পলিটিক্যাল্ সভ্যতা,—রাজ্য-জয় ও রাজ্য-শাসনের সভ্যতার উপর একটা বিস্তৃত ভান্ম। বিস্তৃণি বাগানের চার পাশে পাথর দিয়ে বেড় দেওয়া হ'ল পাছে আকস্মিক বিপৎপাতে বাগান নই হয়। পাথরের দেয়াল থাড়া হ'য়ে দাঁড়িয়ে থাক্ল, কিন্তু বাগানে ফুলও ফুট্ল না, ফলও পাক্ল না।

(¢)

রোমান সভ্যতার এই যে উচ্চ জয়গান, এ যে কেবল মিথা।
স্থাতি তা নয়, এর কলরোল পৃথিবীর প্রবল জাতিগুলির মন
চিরদিন বিপথের দিকেই টান্বে। যেই যথন শক্তিশালী হ'য়ে
উঠবে তারই মনে হবে মাছুকেবেচিত্র্যকে ধ্বংস করে' পৃথিবীর
যতটা অংশের ক্রিকেশারা যায়, নিজের আধিপত্যের একরকা
তুলিটা বুলিয়ে নেওয়া কেবল স্থার্থ সিদ্ধির উপায় নয়, সভ্যতায়

শ্রেষ্ঠত্ব লাভেরই পথ। এ যে অতিশয়োক্তি নয়, তার প্রমাণ মম্দেন থেকেই তুলে দিচ্ছি। সিজারের গল বিজয়ের বর্ণনা মম্দেন এই বলে' আরম্ভ করেছেন—'যেমন মাধ্যাকর্ষণ ও আর আর পাঁচটা প্রাকৃতিক নিয়ম যার অন্তথা হবার যো নেই তেমনি এ'ও একটা প্রাকৃতিক নিয়ম যে, যে জাতি রাষ্ট্র হ'য়ে গড়ে' উঠেছে সে তার অ-রাষ্ট্রবদ্ধ প্রতিবেশী জাতিগুলিকে গ্রাস কর্বে, এবং সভ্যন্তাতি, বৃদ্ধিবৃত্তিতে হীন তার প্রতিবেশিদের উচ্ছেদ করবে। এই নিয়মের বলে ইতালীয় জাতি (প্রাচীন জগতের একমাত্র জাতি যে শ্রেষ্ঠ পলিটক্যাল উন্নতির সঙ্গে শ্রেষ্ঠ সভ্যতা মেশাতে পেরেছিল, যদিও শেষ বস্তুটির বিকাশ তাতে অপূর্ণ ভাবে এবং কতকটা বহিরাবরণের মতই ছিল) পূবের গ্রীকদের, যাদের ধ্বংসের সময় পূর্ণ হ'য়ে এসেছিল, তাদের করায়ত্ত করতে, এবং পশ্চিমের কেণ্ট জার্মাণদের, যারা সভ্যতার সিঁড়ির নীচের ধাপে ছিল, তাদের উচ্ছেদ সাধন করতে সম্পূর্ণ অধিকারী ছিল।'

প্রাকৃতিক নিয়ম যে কেমন করে' অধিকারে পরিণত হয় সেরহেন্সর চাবী হয়ত হেগেলের 'লজিকে'ও মিল্বে না। সে যাই হোক্ এ 'নিয়ম' ও 'অধিকারের' মুক্ষিল এই যে এর জন্ম পৃথিবীর সমস্ত জাতিকে সারাক্ষণ নথদস্ত বের করেই থাক্তে হয়। কেননা মল্লাক্ষনই হচ্ছে এ 'অধিকার' প্রমাণের একমাত্র স্থান। কারণ বুকের উপর চেপে বস্তে পার্লেই প্রমাণ হ'ল যে চেপে বসার অধিকার আছে; আর তাই হ'ল এ অধিকার প্রমাণের


রোম

একমাত্র শাস্ত্রীয় প্রথা। তারপর শক্তি থাক্লেই যথন 'অধিকার' আছে, তথন শক্তির পরীক্ষার অধিকার থেকেও কাউকে বঞ্চিত করা চলে না। পরীক্ষা না কর্লে ত শক্তিটা ঠিক আছে কিনা তা আগে থেকে অমনি জানবার উপায় নেই। শেষ পর্যান্ত ফেল হ'লেও "হলে" ঢোকার অধিকার অম্বীকার করা যায় কেমন করে'? গেল চার বছর ধরে' এই পরীক্ষাটা সারা য়ুরোপ জোড়া চল্ছে। মম্সেনের সৌভাগ্য যে বেঁচে থেকে তাঁর প্রণালীর ফলটা দেখে যেতে হয় নি। কিন্তু প্রাচীন রোমের গুণগানে যাঁরা ম্থর, আধুনিক জার্মাণির উপর ম্থ বাঁকানোর তাঁদের কোনও অধিকার নেই। কার্থেজ ও মিশর বিজয় যদি রোমের পক্ষে ছিল গৌরবের, তবে বেলজিয়মকে গ্রাস করা জার্মাণির পক্ষে অগৌরবের কিসে? আজ্কার পলিটিক্সে যা হীন, কালকার ইতিহাসে তা মহৎ হয় কোন্ আগ্রের জোরে?

এই যে পলিটিক্যাল্ শক্তি ও সভ্যতার স্কৃতিগান—এ মূলে হ'ল একটা 'মায়া'। শঙ্কর ব্যাখ্যা করেছেন মায়ার প্রকৃতি 'অধ্যাস,'—একের ধর্ম অন্তে আরোপ করা। পৃথিবীর আদিযুগ থেকে যখন জাতিতে জাতিতে লড়াই চলে' আস্ছে আর কোন 'লীগ অব নেশনে'-ই তা শেষ হবে বলে' যখন বোধ হয় না, (কেননা 'লীগের' একটা অর্থ হচ্ছে এর ভিতরে যারা আস্বে না তারা শক্তে, আর বাইরে যাদের রাখা হবে তাদের এজমালীতে দমন করা চল্বে) তখন জাতির রাষ্ট্রীয় শক্তি তার

আত্মরক্ষার পক্ষে অমূল্য। জাতির প্রাণই যদি না বাঁচে তবে তার মনের বিকাশও কাজে কাজেই বন্ধ হয়। কিন্তু এই শক্তি যখন আত্মরক্ষায় নয়—পর-পীড়নেই রত থাকে, রক্ষার চেষ্টায় নয়—ধ্বংসের লীলাতেই মেতে ওঠে তথনও যে তার পূজা, তার মূলে হ'ল 'অধ্যাস'। একের গুণ আর একজনে দেখা, রামের পাওনা ভামকে বুঝিয়ে দেওয়া। অবিভি এ হুয়ের সম্বন্ধ অতি নিকট। কিন্তু একান্ত 'অবিষয়' হ'লে ত 'অধ্যাসেরও' উৎপত্তি হয় না।

वाचिन, ३७२६



আর্যামি

()

আমাদের আদিম আর্য্য প্রপিতামহেরা ধরাপৃষ্ঠের ঠিক কোন্ জায়গা থেকে যাত্রারম্ভ করে' যে পৃথিবীময় ছড়িয়ে পড়েছেন, সে প্রশ্নের একটা নিশ্চিত জবাব দেওয়া শক্ত। তাঁরা কি মধ্য-এশিয়ার পশ্চিম দিকটায় ভেডা চরাতেন, না নরওয়ের উত্তর-মাথায় মাছ শীকার করতেন. এ তর্কের এখনও মীমাংসা হয় নি। ভাষাতত্ত্বের প্রমাণে যে যব তাঁরা সকলে মিলে নিঃসন্দেহই খেতেন, তা তাঁদের চাষ করে'-পাওয়া, না ইউফ্রেটিদের তীরের বুনো যব, দে বিষয়েও মহা মতভেদ রয়েছে। তার পর তাঁদের স্বারই মাথার প্রস্তের একশ গুণকে দৈর্ঘ্য দিয়ে ভাগ করলে ভাগফল যে কথনই পঁচান্তরেব বেশী হ'ত না, এ কথা আর এখন কোনও পণ্ডিতই হলপ নিয়ে বলতে রাজী নন। বরং শোনা যাচ্ছে যে, যেমন আমাদের বাঙালী বান্ধণেরা সবাই এক আর্য্যবংশাবতংস হ'লেও তাঁদের চেহারায় এ মিলটা ধরার জো নেই, কেননা কেউ কটা কেউ ক্লফ, কারও মাথা গোল কারও চেপ্টা, তেমনি আদিম আর্ঘ্যদের মধ্যেও চেহারার এই গরমিলের দিকেই প্রমাণের পাল্লাটা নাকি বেশী ভারী হ'য়ে

শিক্ষা ও সভাতা

দাঁড়াচ্ছে। এমন কি একদল কালাপাহাড়ি পণ্ডিত এরই মধ্যে বল্তে স্থক করেছেন যে, আর্য্য বলে' কোনও একটা বিশিষ্ট জাত, অর্থাৎ একটা বিশিষ্ট জাত যাকে ঐ এক নামে ডাকার কোনও বস্তুগত কারণ আছে, কোনও দিনই কোনও-খানে ছিল না। ওটা একটা ভাষাতত্ত্ব ও নৃতত্ত্বের পণ্ডিতদের মানসিক স্থাই, 'ওয়ার্কিং হাইপথিসিন্'।

যেমন গতিক দেখা যাচ্ছে, তাতে করে' প্রাচীন ও আদিম আর্য্যজাতির অদৃষ্টে কি আছে বলা কঠিন। আসছে পঞ্চাশ বছরের মধ্যে তাঁরা বিধাতার স্বষ্টি বলে' কায়েম হ'য়েও বসতে পারেন, আবার মামুষের কল্পনা বলে' বাস্তব পদার্থের লিষ্টি থেকে তাঁদের নামও কাটা যেতে পারে। কিন্তু একটা বিষয়ে আমরা নিশ্চিন্ত থাকতে পারি। আর্য্যজাতির কপালে যা-ই ঘটক, তাঁরা বস্তু হ'য়ে চেপেই বস্থন, আর অবস্তু হ'য়ে উড়েই যান, 'আর্য্যামি' বস্তুটির তাতে বিশেষ কোনও ক্ষতি বৃদ্ধি হবে না। যারা মনে করে, কারণ না থাকলেই আর তার কার্য্য থাকে না, তারা না পড়েছে দর্শনশাস্ত্র, না আছে তাদের লৌকিক জ্ঞান। 'নিমিত্ত' কারণ যে একটা কারণ, একথা আরিষ্টটল্ থেকে অন্নভট্ট পর্যান্ত সবাই একবাক্যে স্বীকার করেছেন। ও-কারণটি নিজে ধ্বংস হ'লেও তার কার্য্য ধ্বংস হয় না। যেমন নিজের বোনা কাপড়খানির পূর্ব্বেই তাঁতি বেচারীর জীবনাস্ত ঘটতে কিছুই আটক নেই। আর পুঁথি ছেড়ে সংসারের দিকে চেয়ে দেখলেও এর ভূরি ভূরি প্রমাণ চোখে

পড়বে। যুদ্ধ থেমে গেছে কিন্তু 'পাব্লিসিটি বোর্ড' চল্ছে; জর্মাণভীতি ঘুচে গেল অথচ 'রিফর্ম স্কীম' নিয়ে আমাদের তর্ক শেষ হয় নি; এমন কি বিলাতের কলের মজুরেরা যেমন যুদ্ধের মধ্যে ছবেলা পেটপুরে থেয়েছে, যুদ্ধের পরেও তেমনি চল্ক বলে' হাঙ্কাম উপস্থিত করেছে।

কিন্তু প্রকৃত গোড়ার কথা এই যে, 'আর্য্যামির' সঙ্গে 'আর্য্যের' আসলে কোনও কার্য্যকারণ সম্বন্ধ নেই। আর্য্যজাতি পৃথিবীতে যতই প্রাচীন হ'ন না কেন, 'আর্য্যামি' জিনিষটি যে মহয়-সমাজে তার চেয়ে ঢের বেশি প্রাচীন, তাতে বিন্দুমাত্র সন্দেহ করা চলে না। ব্যুৎপত্তি দিয়ে বস্তুনির্ণয়ের চেষ্টা করে শুধু এক বৈয়াকরণ; এবং ও-জাতটি যে কাগুজ্ঞানহীন একথা সর্ব্ববাদীসম্মত। 'আর্য্যামি' হ'ল মান্তবের সেই মনোরুত্তির প্রকাশ ও বিকাশ, বিলাতী পণ্ডিতদের মতে যাতে ইতর প্রাণী থেকে মাত্রুষ তফাত, অর্থাৎ তার 'সেল্ফ্কন্শাস্নেস্'; আর দেশীতত্বজ্ঞদের মতে যার সম্পূর্ণ বিনাশ, অথবা যা একই কথা— চরম বিকাশই হচ্ছে পরামুক্তির পথ, অর্থাৎ অহংজ্ঞান। সমাজতত্ত্বেত্তারা বলেন, মাহুষ যে পরের মধ্যে নিজের সাদৃষ্ঠ দেখে, তাতেই সে অপরের সঙ্গে সমাজ বেঁধে ঘর কর্তে পারে। এই সাদৃশ্যবোধ হ'ল সমাজবন্ধনের একটা পোক্ত শিকল। কিন্তু সবাই জানে ভিন্ন জিনিষের মধ্যে সাদৃশুজ্ঞানটা সাধারণ বৃদ্ধির কথা। স্ক্রবৃদ্ধির কাজ হচ্ছে একই রকম জিনিষের মধ্য থেকে তফাত বের করা। স্থতরাং মান্ত্র যখন স্ক্রবৃদ্ধির

শিক্ষা ও সভাতা

জোরেই করে' থাচ্ছে, তথন তার বৃদ্ধির স্বাভাবিক ঝোঁকটা হ'ল পরের দক্ষে নিজের সাদৃত্য নিয়ে খুসি না থেকে, এই মিলের মধ্যে অমিল কোন্ কোন্ জায়গায় তাই খুঁজে বের করার দিকে। আর এ থোঁজে কাকেও ব্যর্থ হ'তে হয় না। কেননা একে ত লাইবনিজ প্রমাণই করে' গেছেন যে, সংসারে হু'টি বস্তর ঠিক এক রকম হবার কোনও জো-ই নেই; আর লাইব্নিজ ছিলেন একজন দিগ্গজ গণিতজ্ঞ লোক। তার পর স্বাই নিজকে জানে সাক্ষাৎভাবে, অতা সকলকে পরোকে। আমার বৃদ্ধি আমার কাছে স্বপ্রকাশ, অন্তের বুদ্ধি আছে কি নেই, দেটা অমুমানের কথা। কাজেই আমি যে অন্ত সকলের চেয়েই ভিন্ন রকমের, এবং মোটের উপর এ রকমটি আর হয় না, এ জ্ঞান যেমন ব্যাপক তেমনি গভীর। নিজের সম্বন্ধে এই মর্ম্মগত বোধটা লোকে যথন প্রকাশ করে' ফেলে, তথন তার নাম হয় 'অহঙ্কার', দ্বিতীয় ভাগ থেকে বেদাস্কগ্রন্থ পর্যান্ত সবাই যার একটানা নিন্দা করেন। আর এ ভাবটি যখন একটা দলকে ধরে' প্রকাশ হয়, তথন সেই বস্তুটিই হ'ল 'আর্য্যামি'। কেবল দলের প্রকারভেদে নামের রকমভেদ ঘটে, যেমন আভিজাত্য, ব্রাহ্মণত্ব, পেট্রিয়টিজম্, স্ব্যাংলো-স্থাক্সনত্ব ইত্যাদি। ভাট, চারণ, কবি, ঐতিহাসিক সকলে মিলে মান্থবের সভ্যতার স্থক থেকে আজ পর্যান্ত এর জয়গান গেয়ে আসছে।

সংসারে এমন সব সরলবৃদ্ধির লোকও আছে যারা প্রান্ন করে' বসে ব্যক্তির পক্ষে যেটা দোষের, সমাজ বা জাতি, অর্থাৎ

ব্যক্তিসমষ্টির পক্ষে সেইটিরই বর্দ্ধিত সংস্করণ বা 'এন্লার্জড় এডিশন' কেন প্রশংসার ?—অবশু এর সোজা উত্তর এই যে, ব্যক্তি আর জাতি এক নয়, কেননা যদি তা হ'ত. তা হ'লে ও-হুয়ের নাম এক না হ'য়ে, ভিন্ন ভিন্ন হবে কেন! উক্তক্রপ প্রশ্নকর্ত্তাদের পাণ্ডিত্যের উপর বিশেষ শ্রদ্ধা নেই; না হ'লে জর্মাণ, অ-জর্মাণ সব রক্ম পণ্ডিতের প্রাচীন নতুন নানা মত তুলে এ-ও দেখান যেত যে, জাতি বা 'ষ্টেট্' জিনিষ্টা মোটেই ব্যক্তির সমষ্টি নয়। কেননা ও-নিজেই একটা স্বতম্ব ব্যক্তি. যার একটা নিজম্ব গুণ, ইচ্ছা, অমুভূতি আছে, যা জাতি বা ষ্টেটের লোকদের গুণ, ইচ্ছা ও অত্নভূতি থেকে স্বতন্ত্র, মোটেই তার সমষ্টি নয়। অর্থাৎ দেশের সব লোক দরিন্ত হ'লেও দেশটা ধনী হ'তে কোন আটক নেই। আর এ কথা যে ঠিক. ভারতবর্ষের প্রত্যেক লোককেই তা স্বীকার করতে হবে। এই সব স্ক্র অথচ প্রকাণ্ড তত্ত্ব বাদের বৃদ্ধির অগম্য তাদের জন্ম একটা সহজ ছোট উত্তর দেওয়া যাচ্ছে। কারু নিজের সম্বন্ধে অহম্বার প্রকাশ করাটা যে, সমাজে নিন্দার কথা, তার কারণ ঐ এক অহং-এর থোঁচা আর সকল অহং-এর গায়ে লেগে তাদের ব্যথিত করে' তোলে। কিন্তু একটা গোটা দলকে ধরে' যখন এটি প্রকাশ হয়, তখন দোষটা আর থাকে না। এবং এতে দলের সকলেরই সহামুভৃতি পাওয়া যায়। অবশ্র এক দলের অহং-বোধটা অক্ত আর এক দলের গায়ে লাগেই লাগে। কিন্তু তাতে কিছু এসে যায় না। কেননা আমাদের

যা কিছু রীতি, নীতি, বিধি, নিষেধ, সে সবই হ'ল ছোট হোক বড় হোক কোনও একটা দলের লোকদের পরস্পরের প্রতি ব্যবহারকে লক্ষ্য করে'। এক দলের সঙ্গে আর এক দলের ব্যবহারকে নিয়ন্ত্রিত করা এ সব কোনও কিছুরই লক্ষ্য নয়! সেই জন্ম লোকের সঙ্গে কথায় ও কাজে যে লোকের ভদ্রতার সীমা নেই, সেই লোকই একটা সমস্ত জাতির সম্বন্ধে কথায় বা ব্যবহারে কোনও রকম ভদ্রতা রক্ষার প্রয়োজন বোধ করে না। যে লোক জীবনে কাকেও কোনও দিন কড়া কথা বলে নি, সেও দল বেঁধে একটা গোটা দেশকে পেষণে ও শোষণে কিছুমাত্র দিধা করে না।

আধুনিক মুরোপীয় রাজ্যগুলির মধ্যে "ইন্টারক্তাশান্তাল্ল" বলে' যে আপোষি ব্যবহারনীতির চলতি আছে, সকলেই জানে যে, তার গোড়ার কথা হচ্ছে সমাজে বা রাষ্ট্রে মাহুষের সঙ্গে মাহুষের ব্যবহারের যে সব নিয়ম কাহ্মন গড়ে' উঠেছে, রাষ্ট্রের সঙ্গে রাষ্ট্রের ব্যবহারের মেই গুলিকে চালিয়ে নেওয়ার চেষ্টা। ডাচ্পণ্ডিত হ্যুগো গ্রোসিয়াস্কে এই আন্তর্জাতিক ধর্মশাস্ত্রের প্রবর্ত্তক বলা চলে। এ সম্বন্ধে যিনি কিছুমাত্র আলোচনা করেছেন তিনিই জানেন যে, রোমান ব্যবহার-শাস্ত্রে লোকব্যবহারের যে নিয়মগুলি সর্ব্বসাধারণ, স্থতরাং স্বাভাবিক বলে' গণ্য হয়েছিল, গ্রোসিয়াস সেই গুলিকেই তাঁর মৈত্রীবিগ্রহ সংহিতার ভিত্তি করেছিলেন। ব্যক্তির নীতিকে সমষ্টির রীতি করে' তোলার এই চেষ্টা কতদ্র সফল হয়েছে, ১৯১৪ সালে

তার একটা পরীক্ষা আরম্ভ হয়েছে, এবং ১৯১৮ সালেই তার শেষ হয়েছে এমন মনে কর্বার কোনও সঙ্গত কারণ নেই।

একটা অবান্তর কথা দিয়ে 'আর্য্যামির' এই উৎপত্তি পর্বের অধ্যায় শেষ করা যাকু। ইংরেজ-দার্শনিক হব্দু গ্রোসিয়াসেরই সমসাময়িক লোক ছিলেন। তিনি কল্পনা করেছিলেন যে, আদিতে মন্ময়-সমাজ রাষ্ট্রবদ্ধ ছিল না। এবং কাজেই পরস্পরের প্রতি ব্যবহারের কোনও বাঁধাবাঁধি নিয়মও চল্ডি ছিল না। সে ছিল একটা নিত্য বিগ্রহ বিবাদের যুগ, যখন প্রত্যেকেই ছিল প্রত্যেকের শক্র, এবং স্বারই হাত তথন সবারই বিরুদ্ধে তোলা থাকৃত। এই ভয়ানক তুরবস্থাটা মোচন করবার জন্মই সবাই মিলে একটা "ষ্টেট্" গড়ে' তার হাতে আত্মসমর্পণ করেছে, এবং "ষ্টেট্" পরম্পরের প্রতি ব্যবহারের আইন-কাতুন বেঁধে দিয়ে বৈষম্যের জায়গায় শাস্তি এনেছে। বহু পণ্ডিত প্রমাণ করেছেন এবং এখনও করছেন যে, হবসের এই কল্পনাটা একেবারে অনৈতিহাসিক। মাত্রুষ কোনও দিনই সমাজ ছাড়া ছিল না, এবং কোনও রাষ্ট্র-গড়ার মজলিসের প্রসিডিং, কি পাথরে কি তামায়, এ পর্য্যন্ত কোনও পুরাতত্ত্ববিদই আবিষ্কার করতে পারেন নি। কিন্তু একটা সন্দেহ মনে না এসে यात्र ना। माञ्चरवत्र जानिम जवस्रात এই यে कझनाछ। সেটা হব্স নিয়েছিলেন তাঁর সমসাময়িক য়ুরোপীয় রাজ্যগুলির পরস্পরের সম্বন্ধ থেকে। অর্থাৎ গ্রোসিয়াস চেয়েছিলেন, লোক-ব্যবহারের নীতি দিয়ে এই সম্বন্ধকে নিয়ন্ত্রিত করতে, আর

হব্দ কল্পনা করেছিলেন, এই নীতি নিরম প্রচলনের পূর্বেলাকের দক্ষে লোকের সম্বন্ধ ছিল রাষ্ট্রের সঙ্গে রাষ্ট্রের সম্বন্ধেরই মত। পাঠককে মনে করিয়ে দিচ্ছি যে গ্রোদিয়াসের বিধ্যাত পুঁথির ছাবিশে বছর পরে হবসের 'লিভিয়াথন' প্রকাশিত হয়।

(२)

আর্থ্যামির জন্মরহস্মটা একবার প্রকাশ হ'লে তার জীবন-চরিতের হেরফেরগুলো বুঝ্তে আর কষ্ট হয় না।

বড় হোক, ছোট হোক একটা দলের নাম দিয়ে নাকি এ জিনিষটিকে চালাতে হয়, তাই শ্রেষ্ঠত্বের দাবীকে অল্প-বিস্তর মোটা রকম বাহ্নিক লক্ষণের উপরেই দাঁড় করান ছাড়া উপায় থাকে না। গায়ের চামড়ার রং, মাথার খুলির মাপ, দাগরবিশেষের পশ্চিম পারে কি পর্বতবিশেষের উত্তর ধারে নিবাস স্থান, থাবার জিনিষে নাইটোজেনের প্রাচ্র্য্য কি স্নেহ-পদার্থের আধিক্য, প্র্বপুরুষ ঘোড়ায় চড়ে' বর্শা চালাতেন কি মাটীতে দাঁড়িয়ে তীর ছুঁড়তেন, এই রকম যা হোক কিছু একটার উপরৈই একটা প্রকাণ্ড অভিমানের ইমারত গড়ে' তুল্তে হয়। অবশ্য এই চর্মান্থি-বিছা, ভৌগলিকতথ্য, ভক্ষ্যাভক্ষ্য-বিচার এর প্রত্যেকটিরই 'ইম্বরেণ্ডো' বা ইলিত হচ্ছে মানসিক ও আধ্যাত্মিক গুণাবলীর এক একটি লম্বা কর্মি। এ সব লক্ষণের সঙ্গে এ সব গুণের কোনও রক্ম "অল্পণা সিদ্ধিশৃত্য" বা নিত্যসম্বন্ধ আছে কিনা সে

আ্যামি

সন্দেহে আর্য্যামির অভিমানকে কথনও সঙ্ক্চিত হ'তে হয় না। কেননা লক্ষণগুলি হ'ল বাহ্নিক অর্থাৎ প্রত্যক্ষ, আর গুণগুলি হ'ল নিগৃঢ় অর্থাৎ আত্মমানিক। প্রত্যক্ষ নিয়ে তর্ক চলে না, আর তর্কের ভূমিই হ'ল অত্মান। এবং তর্ক জিনিষটার স্থবিধা এই যে, এ ব্যাপারে পরাজয় নির্ভর করে বিপক্ষের শক্তির উপর নয়, নিজের ইচ্ছার উপরে। নিজে স্বীকার না কর্লে তর্কে হার হয়েছে, এ অবশ্য কেউ প্রমাণ কর্তে পার্বেনা। কেননা সেইটিই হবে আবার একটা তর্কের বিষয়।

ব্যক্তির অহঙ্কারের চেয়ে সমষ্টির অহঙ্কারের একটা শ্রেষ্ঠিত্ব থই যে, একা একা যা নিয়ে কোনও রকমেই অহঙ্কার করা চলে না, দল বেঁধে তাকেই একটা তুর্জ্জয় অহঙ্কারের কারণ করে' তোলা যায়। এক যুগের ফরাদীরা সে যুগের ইংরেজদের বৃদ্ধি-স্থিন্ধিতে বিশেষ মুয়্ম না হ'য়ে, তাদের নাম দিয়েছিল 'জন বুল'। আজ ইংলণ্ডের খবরের কাগজ লেখকেরা এই নামটাকেই একটা উৎকট জাতীয় অভিমান প্রকাশের রাস্তা করে' তুলেছে। এ জাতির বৃদ্ধি যে একটু মোটা বলে' বোধ হয়, তার কারণ এ বৃদ্ধি হাল্কা নয়, গুরুত্বর রকমের ভারী; এতে যে বেশী ঢেউ খেলে না, এর অতলস্পর্শ গভীরতাই হ'ল তার কারণ; এ জাত যে চট্ করে' একটা 'থিওরী' কি 'আইডিয়েল' নিয়ে মেতে ওঠে না তার কারণ এদের স্থির 'প্রাকৃটিক্যাল' বৃদ্ধি; ফরাদীর মত এদের সাম্য ও স্থাধীনতা এক দিনে কুড়িয়ে পাওয়া নয়, কারণ নজীরের পর নজীর ধরে'

ক্রমশঃ এর আয়তন বৃদ্ধি হচ্ছে, সেইজক্ত গতিটা একটু মছর। কিন্তু আমার সন্দেহ হয় যে, 'জনবুলত্ত্বে' এত গুণব্যাখ্যান দত্ত্বেও কোনও ইংরেজ এটা স্বীকার করতে রাজী হবে কিনা, তার নিজের বৃদ্ধিটা আপাতদৃষ্টিতেও একটু মোটা, ধতই গুরুত্ব এবং গভীরতা সে দৃষ্টিবিভ্রমের কারণ হোক না কেন। অর্থাৎ 'জনবুলজের' উপর জাতীয় অভিমান অনায়াদে দাঁড় করান যায়, কিন্তু কোনও ব্যক্তির পক্ষে ওটাকে নিয়ে অহঙ্কার দেখান একটু শক্ত। বোধ হয় ঠিক এই কারণেই আমাদের জাতীয় চরিত্তের ত্র্বলতাগুলিকে লজ্জা দিয়ে বিদায় কর্বার জন্ম প্রবন্ধে, গানে, বক্তৃতায় যে দব চেষ্টা হয়েছে, তাতে তেমন আশাহুরূপ ফল দেখা যায় নাই। কেননা লজ্জা জিনিষ্টা মান্থবে পায় কোনও কারণে দল থেকে তফাৎ হ'য়ে পড়তে হ'লে। স্বতরাং সবাই মিলে দল বেঁধে লক্ষা পাওয়াটা বড় একটা সম্ভবপর হ'য়ে ওঠে না। বরং জাতীয়-জীবনের অবস্থা দেখে সবাই মিলে যে লজ্জা পাওয়ার চেষ্টা কর্ছি এই ব্যাপারটিকেই একটা অহস্কারের কারণ করে' ভোলা কিছুই क्ठिन नग्र।

(0)

'আর্যামি' যত রকমের আছে, বলা বাছল্য, তার মধ্যে সেরা হচ্ছে জন্মগত 'আর্ঘ্যামি'। এর কারণও খুব স্পষ্ট। জন্মকে ভিত করে' 'আর্ঘ্যামির' অহঙ্কার দাঁড় করানো যেমন সহজ্জ, এর শ্রেষ্ঠত্বের স্পর্দ্ধাটাও হয় তেমনি গগনস্পর্দী। জন্মের উপর

ষে জীবের গুণাগুণ নির্ভর করে তা ঘোডার বংশে যখন ঘোড়া আর গরুর বংশে গরুই জন্মাচ্ছে তথন অস্বীকার কর্বার জো নেই। আর ভেদটা কেবল পৃথক জাতীয় ভেদ নয়, স্বজাতীয় **. जिम्ह वर्ष में कथा नवीन लिथक शिष्टेन क्रिशांत्रलंडेन छ** প্রাচীন ঋষি বশিষ্ঠ (১) হু'জনেই তেজী ঘোড়ার উচু বংশের দৃষ্টাক্তে আমাদের শ্বরণ করিয়ে দিয়েছেন। স্থতরাং জ**রের** উপর শ্রেষ্ঠতার দাবীকে ভিত্তিহীন বলে' সরাসরি অগ্রাহ্ করা চলে না, এবং এ দাবী উপস্থিত কর্তেও এক জন্মান ছাড়া আর কিছুই অপরিহার্য্য নয়। কোনও বিশেষ বংশের সকে বিশেষ গুণের যোগাযোগ আছে কিনা সে তর্ক তোলা যায় বটে, কিন্তু এর মীমাংসার কোনও সম্ভাবনা না থাকাতে কারও কোনও ভয়ের কারণ নেই। বর্ত্তমান বংশধরদের মধ্যে खनि ना थाक्रल हे य एम खन वर्ष्ण तम्हे वि विक्वादाई প্রমাণ হয় না। কেননা বর্ত্তমানে হয়ত ওটা 'লেটেণ্ট' ভাবে तरारष्ट, ভविश्ववः नीयरनत मरधा ठिक कूर्ण त्वकृत्व ! 'आगर्णे जिक्क्म्' ৭ে একটা প্রত্যক্ষ ব্যাপার তার ভূরি ভূরি দৃষ্টাস্ত ত ভার্উইনের পুঁথিতেই রয়েছে ! 'জার্ম্ প্লাদ্ম্' জিনিষটি যে অমর, সে তথ্য বাইস-ম্যানই প্রমাণ করে' গেছেন।

আর এই সহজ দাবীটির বহরই বা কি বিরাট। এ ষে শ্রেষ্ঠন, এ মিশে রয়েছে একেবারে রক্তের সঙ্গে, তৈজ্প-নাড়ীর

^{() &}quot;কুলাপদেশেন হলোংপি পূজ্য— স্তমাৎ কুলীনাং ব্রিয়মুছছন্তি॥" (বশিষ্ঠ-সংহিতা।)

অণুতে অণুতে। যার সঙ্গে সেরজের সম্পর্ক নেই, সে সারা জীবন তপস্থাতেও এর কাছে ঘেঁস্তে পার্বে না। অথচ এই ফুর্লভ মহত্ব যারা পেয়েছে তারা পেয়েছে একবারে বিনা আয়াসে; মিতাক্ষরা বংশের ছেলের মত কেবলমাত্র জন্মের জোরে ও জন্মের সঙ্গে। একে লাভ কর্তেও যেমন আয়াস নেই, বজায় রাখ্তেও তেমনি কষ্ট নৈই। কেননা এ শ্রেষ্ঠত্বকে ঝেড়েও ফেলা যায় না, এর নষ্ট হবারও ভয় নেই। সহজ কথায় জন্মগত আর্ধ্যামিটি হচ্ছে দল বেঁধে প্রতিভাও আরও কিছু উপরির দাবী। কেননা প্রতিভারও উত্তরাধিকার নেই।

এ কথা বোধ হয় আর না বল্লেও চলে যে, মিত্তির বংশের গৌরব ও নয়নজোড়ের বাব্য়ানা থেকে আরম্ভ করে' কুলীনত্ব, ব্রাহ্মণত্ব, দ্বিজত্ব, শেতচর্মত্ব এবং অবশেষে আর্যাত্ব পর্যান্ত সবই হ'ল জন্মগত আর্যামিরই প্রকারভেদ। এর প্রতিটিই একটা না একটা আন্ত দলের পক্ষে অসাধারণত্বের দাবী। অবশ্য কোন দল ছোট, কোনটি মাঝারি, কোনটি অতি প্রকাণ্ড। কিন্তু সর্বব্রেই দলের লোকদের পরস্পার সম্বন্ধ হচ্ছে সপিও সম্বন্ধ, হয় বস্তুগত্যা, নয় কল্লিত। তবে এ সপিওত্বের সাত পুরুষে নিবৃত্তি হয় না। দরকার হ'লে একে ব্রহ্মার মৃথ পর্যান্ত, কি আদি আর্যাভূমির আদিম আর্যা-দম্পতি পর্যান্ত অনায়াসে টেনে নেওয়া চলে। এবং যাঁরা থবর রাথেন, তাারা বোধ হয় এর একটাকে আর একটার চেয়ে বড় বেশী অপ্রামাণ্য বলতে সাহসী হবেন না।

(8)

জন্মগত আর্য্যামি এ পর্যান্ত যত রকমের দল ধরে' প্রকাশ হয়েছে, তার মধ্যে সব চেয়ে বড় দল হ'ল আর্য্যামের দল। আর্য্যামি ও আর্যান্ত হটি যে এক জিনিষ নয়, দ্বিতীয়টি প্রথমটিরই প্রকারবিশেষ মাত্র, এতক্ষণের আলোচনায় এ কথাটি নিশ্চয়ই পরিষ্কার হয়েছে; স্থতরাং এর পুনরালোচনা নিশ্পয়োজন। কিন্তু এই 'আর্য্যামি'বিশেষের ছ্'-একটি বিশেষত্বের আলোচনা না কর্লেই নয়। কেননা 'আর্য্যামি'র এই বিরাট প্রকাশটিকে একবার ধারণা কর্তে পার্লেই আর্য্যামির স্বরূপ বৃর্তে আর কিছু বাকী থাক্বে না।

এই আর্য্যামির ছোটখাট দাবীটি কতকটা এই রকমের:
পৃথিবীতে মাত্ম স্ষ্টির পর থেকে যত সব জাতির আবির্তাব
হয়েছে, আর্য্যজাতি যে তাদের মধ্যে কেবল সর্বপ্রেষ্ঠ তা নয়,
তার শ্রেষ্ঠত্ব একবারে অতুলনীয়। আর্য্যেতর কোনও জাতির
সঙ্গে শরীরে কি মনে তার কোনও তুলনাই চলে না। আদিকাল
থেকে একাল পর্যন্ত মানব-সভ্যতার যা কিছু স্পৃষ্টি তা সবই
হয়েছে আর্য্যজাতির কোনও না কোনও শাধার হাত দিয়ে।
অক্ত সব জাতির সামান্ত যা দান, তা সফল ও সার্থক হয়েছে,
কেবল আর্য্য-মহারাজ তা গ্রহণ করে' নিজস্ব করেছেন বলে'।
এ জাতির যা আচার, ব্যবহার, ধর্ম্ম, সমাজ তাই হ'ল সদাচার,
সন্ধর্ম, শিষ্ট সমাজ, আর এর বাইরে সবই 'অনার্য্য' ও 'বার্বারিক'। স্থতরাং "পৃথিবীর আধিপত্যে আর্য্যজাতির যে দাবী

শিক্ষা ও সভাতা

সে থাঁটি ক্তায়ের দাবী। গ্রীক-আর্য্য অ্যারিষ্টট্ল্ বলেছেন যে र्टिश यिन পृथिवीटा এकनन लात्कत्र आविकाव रम, याता तकवन শরীরের আয়তনে ও গড়নে দেবতাদের মত আর সব মামুষের চেয়ে তফাৎ ও শ্রেষ্ঠ তবে সবাই নির্ব্বিবাদে স্বীকার করবে যে. আর সমস্ত লোকের উপর তাদের আধিপত্যের ধর্ম ও গ্রায়সঙ্গত অধিকার রয়েছে। এবং যদি কেবল সামাগ্র দেহের সম্বন্ধেই এ কথা ঠিক হয়, তবে মনে যারা অসাধারণ সাধারণ লোকের উপর তাদের আধিপত্যের অধিকারটা কত বেশি। এই কথাটাই খুব অল্পের মধ্যে প্রকাশ করে' তিনি বলেছেন যে, 'এক জাতির লোক স্বভাবত:ই স্বাধীন, আর এক জাতি লোকের স্বভাবই দাসত্ব।' এই হচ্ছে দার সত্য। কেননা স্বাধীনতা জিনিষ্টা মহুন্তুত্বের সামান্ত ধর্ম নয় যে সব মাহুষেরই তাতে কোনও অধিকার আছে; কারণ এ ত খুব স্পষ্ট যে, সে অধিকার নির্ভর করে স্বাধীনতার মূল্যোপলন্ধির ক্ষমতার উপর, যার ভিত্তি e'न (मर्ट्त ७ মনের শক্তি। এ কথা খুব নির্ভয়েই বলা চলে যে, অনেক জাতির লোক রয়েছে স্বাধীনতার কল্পনাও যাদের অজ্ঞাত। সেইজন্ম দাসম্ব কি প্রভুত্ব হুই অবস্থাই তাদের সমান। যতটুকু উন্নতি তাদের সম্ভব, অবস্থাভেদে তার কোনও প্রভেদ ঘটে না। ইছদি, চীনা, সেমিটিক ও আর্দ্ধসেমিটিক জাতিগুলি এর দৃষ্টান্ত।"

উপরের বর্ণনায় আর্য্যজাতির আধিপত্য-দাবীর অংশটা, অর্থাৎ এ ক্যায়ের প্রতিজ্ঞাটি, প্রাসদ্ধ লেখক হাউট্টন চেম্বার-

লেইনের 'উনবিংশ শতাব্দীর ভিত্তি' নামক অপূর্ব্ব গ্রন্থ থেকে অমুবাদ করে' দিয়েছি। চেম্বারলেইন জাতিতে ইংরেজ, শিক্ষায় জার্ম্মান; এবং তাঁর পুঁথি রচনা করেছেন জার্মানভাষায়। যাঁরা চেম্বারলেইন-এর মতামতের খুব সদয় সমালোচক নন তাঁরাও স্বীকার করেছেন যে, তাঁর হাতের কলম হ'ল সোনার কাঠি। বস্তুত দে কলম যে সলীল ও স্বচ্ছন্দ গতিতে প্রাচীন ও আধুনিক যুরোপীয় সভ্যতার বিচিত্র ইতিহাসের উপর দিয়ে চলে' গিয়েছে, তাতে মুশ্ধ না হ'য়ে উপায় নেই। তাঁর গ্রন্থের প্রায় প্রতি পৃষ্ঠা থেকে যে রসজ্ঞতা ও স্ক্র-বিশ্লেষণ, শ্রদ্ধা ও ম্বণা, অমুরাগ ও বিদ্বেষের তীব্র আলো ঠিক্রে পড়ছে তাতে অল্প-বিস্তর চোথ না-ঝল্সে যায় না। কিন্তু আর্য্যজাতির পক্ষে এই যে সর্বাধিপত্যের দাবী, যা তাঁর পুঁথিতে গোড়া থেকে শেষ পর্যান্ত বারবার উপস্থিত করা হয়েছে, এর কদর্য্যতা ও ভীষণতা চেম্বারলেইন-এর কলমের কালিতেও একটুকও ঢাকা পড়ে নি।

কেননা এর পাণ্ডিত্যের পোষাক আর যুক্তির ম্থোদ খুলে ফেল্লে যা বেরিয়ে পড়ে, সে হচ্ছে আদিম নগ্ন বর্করতা, যা নিজের দলের বাইরে কাকেও শক্রু ছাড়া আর কিছু মনে কর্তে পারে না। এবং হয় মৃত্যু নয় দাসত্ব এ ছাড়া সে শক্রুতার আর কোনও অবসানও কল্পনা কর্তে পারে না। হয় ত মান্থ্রের ইতিহাসে এমন একদিন ছিল যথন সমস্ত জাতি মান্থ্রের দল, কি আর্য্য কি অনার্য্য, এই মনোভাব নিয়েই প্রতিবেশী অক্ত

সব দলের সঙ্গে কারবার কর্ত। এবং এও সম্ভব যে এই নির্মম বিরোধের উষ্ণ রক্তের স্পর্শেই মান্ত্রের সভ্যতার প্রথম উন্মেষ ঘটেছে; তার সমাজ, রাষ্ট্র ও ব্যবহারে প্রাণ ও গতিসঞ্চার হয়েছে। কিন্তু মান্থষের এই যে আদিম ভয় ও বিদ্বেষ, লোভ ও নিষ্ট্রতা, এ হ'ল প্রকৃতির অদম্য ও অন্ধ শক্তিরই রূপান্তর। এ তর্ক করে না, যুক্তি দেয় না, আয়ের দোহাই পাড়ে না, স্বন্দরবনের বাঘের মত শিকার দেখ্লেই তার ঘাড়ে লাফিয়ে পড়ে। দামোদরের বত্যার ধ্বংসলীলার মত ধর্ম-শাস্ত্রের প্রমাণে এরও কোনও বিচার চলে না। কিন্তু যথনি তর্ক করে', যুক্তি দিয়ে, ফ্রায়-ধর্মের ইক্রজাল সৃষ্টি করে' জাতির উপর জাতির আধিপত্যকে, দলের সঙ্গে দলের শত্রুতাকে থাড়া রাথ্তে হয় তখনি বৃক্তে হবে যে, সে জাতি প্রকৃতির গোড়ার ধাপ ছাড়িয়ে উঠেছে। কারণ সে জাতির কাছে নিঃসন্দেহ প্রমাণ হয়েছে যে জাতির সক্ষে জাতির, দলের সক্ষে দলের এক শ্ক্রতার সম্বন্ধ ছাড়া অভা সংক্ষ সম্ভব, এবং সেই সম্বন্ধই নিত্য ও ঘনিষ্ঠ। এ ধাপে দাঁড়িয়ে প্রকৃতির ধর্মকেই ধর্মের বিচারে আশ্রয় কর্লে ধর্মও এখন তাকে বিচার কর্বে। প্রস্তাবনাও প্রথম অন্ধকে সমস্ত নাটকের ভিতর দিয়ে ঘুরিয়ে ফিরিয়ে টান্তে চেটা কর্লে কাব্যের সৌন্দর্য্য তাতে কেবল আঘাতই পাবে।

মান্থবের সভ্যতায় আর্য্যজাতির দান অনেক, হয়ত অপূর্ব্ব ও অতুলনীয়। কিন্তু মান্থবের উপর তার আর্য্যামির আঘাতও কম প্রচণ্ড নয়। আর্য্য-রোম অনার্য্য-কার্থেজকে একবারে ধূলা না

করে' তৃপ্ত হয় নাই, অর্থাৎ অক্ত একটা সভ্যতাকে একবারে ধ্বংস না করে' নিজের সভ্যতাকে বজায় রাখ্বার কোনও পথ দে খুঁজে পায় নি। যে হিন্দু আৰ্য্য ওষধি ও বনস্পতিতে বিশ্ব-প্রাণের স্পন্দন উপলব্ধি করেছে, 'দফ্মা' ও 'রাক্ষদের' প্রাণের উপর সেও কোনও মায়া দেখায়নি। আধুনিক য়ুরোপীয় আর্য্য তুটি মহাদেশ থেকে সেখানকার অনাধ্য অধিবাসীদের একেবারে মুছে ফেলেছে, এবং আর একটা মহাদেশ থেকেও মুছে ফেল্বার চেষ্টায় আছে। এ চেষ্টার সমর্থনে যুক্তির অবশ্য অভাব নেই। এই উচ্ছেদ ও ধাংস না হ'লে যে আধুনিক আর্য্য-সভ্যতার যে গোরব, তারও বিকাশই হ'তে পারত না। এই গরীয়সী সভ্যতাকে পৃথিবীময় ছড়িয়ে দেওয়াই হ'ল ধর্ম। এবং যাদের রক্তের মধ্যে এই সভ্যতা রয়েছে তাদের সারা পৃথিবীতে ছড়িয়ে পড়া ছাড়া এর অন্ত কোনও উপায় নেই। তাতে যদি অন্ত সব জাতিকে পৃথিবী ছেড়ে গিয়েও এর যায়গা করে' দিতে হয় মানবজাতির পক্ষে দেও মঙ্গল। লক্ষণের কাছে অগন্ত্য-ঋষির পরিচয় দিতে রামচন্দ্র তাঁকে 'পুণ্যকর্মা' বলে উল্লেখ করেছেন, কেননা তাঁর ত্রাদে দক্ষিণদিকে "রাক্ষদেরা" পা বাড়াতে সাহস না করায় সে দিকটা "লোকদের" বাসের উপযুক্ত হয়েছে। এবং এ যুক্তির উত্তর দেওয়াও কঠিন। কেননা যা: ঘটেছে তার বিক্লম্বে যা ঘটেনি তাকে ওজনে তোলা চলে না। বর্ত্তমান আৰ্য্য-সভ্যতা না গড়ে' উঠুলে আৰ্য্য অনাৰ্য্য মিশাল সভ্যতা কি রকমের হ'ত, কি তেমন কোনও সভ্যতা স্ষষ্ট হ'তে

শিক্ষা ও সভাতা

পার্ত কি না এ তর্ক এখন তোলা একবারেই নিক্ষল, কারণ এর কোনও রকম মীমাংদার স্থানুর সম্ভাবনাও নেই। কিন্তু শ্রেষ্ঠত্বের উপর আধিপত্য ও উচ্ছেদের দাবীটা যে কত অচল, মাহ্র্যের সভ্যতার গোটা ইতিহাসটাই তার প্রমাণ। এ দাবীর গোড়ার কল্পনা হ'ল এই যে, যে জাতি একবার বড় হ'য়ে উঠেছে সে চিরকালই বড় থাকবে, এবং আর কেউ বড় হ'য়ে উঠতে পার্বে না। অথচ যে সব জাতির পর জাতি এতকাল ধরে' মাহুষের সভ্যতাকে কথনও ধীরে কথনও দ্রুত গড়ে' তুলেছে তাদের কেউ কারও বংশধর নয়। আজই কি হঠাৎ মাছুষের সভ্যতায় এই ধ্বংস ও সৃষ্টির লীলা থেমে গেল! অথচ চিরকালই ত যে মাথায় উঠেছে দেই মনে করেছে সে একেবারে অচ্যুত। এবং পূর্বর পূর্বর শ্রেষ্ঠ জাতির পতন হ'লেও তার যে কেন সেট। ঘট্বে না তার কারণ খুঁজে বের করতে কারও কথনও কট্ট হয়নি। প্রতিদিন জীব যম-মন্দিরে যাচ্ছে দেখেও অমরত্বের কল্পনা আশ্চর্য্য मत्मर तरे, किंख जातन तिन जाम्हर्ग এर कन्नना त्य, যারা বেঁচে আছে তারা যে কেবল অমর হবে তা নয়, আর নতুন কারও জন্মও হবে না।

(e)

আর্য্যত্তের 'আর্য্যামি' এতক্ষণ যা বর্ণনা করেছি সে হ'ল তার একটা মাত্র দিক। কেননা ব্রহ্মের বেমন ছুইরূপ, এ আর্য্যামিরও

তেমনি তুই মূর্ত্তি; সগুণ ও নিগুণি, ক্রিয়াশীল ও নিচ্ছিয়। বলা বাহুলা যে, বর্ত্তমানে এর প্রথমটির বিকাশ হ'য়েছে যুরোপের আর্য্য-সমাজে, দ্বিতীয়টির পূর্ণ-প্রকাশ আর্য্যভূমি ভারতবর্ষে। পশ্চিম শাখাটি দাবী কর্ছে সর্বজ্ঞত্ব ও সর্বেশ্বরত্ব; তার ক্রিয়ার দাপটে আর সকলের হৃদ্পিণ্ডের ক্রিয়া এক রকম কন্ধ। আর পূবের শাখাটি "নিম্কলং নিচ্ছিয়ং শাস্তং", "অপ্রাণ" ও "অমন"। সকলেই জানে যে সগুণত্বের সিঁড়ি দিয়েই নিগুণিত্বে পৌছিতে হয়। ভারতীয় আর্য্যেরাও অবশ্য তাই করেছেন। ক্রিয়াশীলত্বের সিঁড়ি দিয়ে নিচ্ছিয়ত্বের ছাদে এসে পৌচেছেন। এটা যে পরমার্থের অবস্থা তাতে সন্দেহ নেই, কেননা 'একরূপে অবস্থিত যে অর্থ' তাই হ'ল পরমার্থ। যাঁরা এ অবস্থা থেকে ভারতের আর্য্য-সমাজকে আবার সচল অবস্থায় নিতে চান তাঁরা 'ইভলিউশনের' গতিবিধির কোনও থবরই রাখেন না।

যা হোক, আর্য্যামির এই সগুণ ও নিগুণ প্রকাশের মধ্যে একটি আন্তরিক মিল রয়েছে, কেননা এ তুই হ'লেও মূলে এক। সে মিলটি হচ্ছে যে, হুয়ের পথই বিবেকানন্দ যাকে বলেছেন 'ছুঁৎমার্গ', বাইরের স্পর্ল থেকে বাঁচিয়ে নিজের শুচিতা রক্ষা করা। তবে পশ্চিমের ওদের পথ হ'ল আর স্বাইকে তাড়ান, আমাদের কৌশল হ'ল স্বার কাছ থেকে পালান। শেষ পর্যন্ত কোনটায় বেশি ফল হয় বলা কঠিন।

মাহ্নবে মাহ্নবে চরিত্র ও মনের শক্তির যে তফাৎ, জাতির সঙ্গে জাতির সে তফাতের চেষ্টার কোনও অর্থ আছে কি না,

এবং থাকলে সেটা ঠিক কোথায় সে তর্ক না হয় নাই তোলা গেল। মেনে নেওয়া যাক, এ তফাৎ আছে। কিন্তু প্রভেদ-মাত্রই উঁচু নীচুর সম্বন্ধ নয়, এবং বর্ত্তমান পর্যান্ত কাজের পরিমাণও একটা জাতির শক্তিদামর্থোর শেষপ্রমাণ নয়। কেননা মান্ধবের ইতিহাস কিছু শেষ হ'য়ে যায়নি যে, এখনি লাইন টেনে হিসাব নিকাশ আরম্ভ করা যেতে পারে। আজ যারা পৃথিবীতে শ্রেষ্ঠ ও প্রবল, তারা ট্যাসিটাদের জন্মাণেরই বংশধর। তথন দাঁড়ি টেনেছিলেন বলে' ট্যাদিটাদের ঠিকে যদি ভূল হ'য়ে থাকে, তবে এখন দাঁড়ি টেনে ইুয়ার্ট চেম্বারলেইন-এর ঠিকই বা শুদ্ধ হবার সম্ভাবনা কোথায়! আর শ্রেষ্ঠত্ব, তার অর্থ ঘাই হোক, যদি প্রভূষের নিয়োগপত্র হয়, তবে তার শেষ কোথায় ? আর্য্যন্ত এমন কি যুরোপীয় আর্যান্তের সীমায় এসেই বা তার গতিরোধ হবে কেন? শ্রেষ্ঠের মধ্যেও শ্রেষ্ঠতমের দাবী কেনই বা না চলবে! কেননা, 'আর্যামি' ভেদেরই মন্ত্র, মৈত্রীর বন্ধন নয়। শোনা যাচ্ছে যে বর্ত্তমান যুদ্ধ আরম্ভ হবার পরেই ফ্রান্সের নু-তত্ত্বিদ পণ্ডিতেরা প্রমাণ করেছেন যে, প্রশিয়ানরা মোটেই আর্য্য-জাতির লোক নয়, তারা যুরোপের প্রস্তর যুগের অধিবাসী-দের একবারে অবিমিশ্র বংশধর। এবং সে যুগের যে সব মাথার খুলি পাওয়া গেছে, তার সঙ্গে বর্ত্তমান কালের যে মাথার সব চেয়ে আশ্চর্যাজনক মিল, সে হচ্ছে প্রিন্স বিসমার্কের মাথা।

মারুষের সভ্যতা যাঁরা গড়ে' তুলেছেন, তাঁরা সবাই অসাধারণ মারুষ। কিন্তু কোনও বিশেষ বংশ, কুল বা জাতি থেকে তাঁরা

আসেননি। এবং নিজের বংশ, কুল বা জাতির সঙ্গে তাঁদের যে মিল তার চেয়ে অনেক বেশি মিল পরস্পরের শুদ্ধোদন যথন শাক্যকুলের সিদ্ধার্থের ভিক্ষুবেশ দেখে ব্যথিত হ'য়েছিলেন তথন ভগবান বৃদ্ধ তাকে বলেছিলেন যে, এই তার কুলধর্মা; তার বংশ রাজবংশ নয়, বুদ্ধেরা তার পূর্বপুরুষ। প্রকৃতির এই যে ইঙ্গিত, এই হ'ল মান্তবের মিলনের সত্য পথের ইঙ্গিত। বংশ, কুল, জাতি কিছুই অসতা নয়, কিন্তু সে সতা হ'ল ব্যবহারিক। এরা কাজ চালাবার উপায়, কিন্তু মৈত্রীর সম্বন্ধ কাজের সম্বন্ধ নয়। এই কাজ চালাবার দলকে ধরে' সাহুষের মধ্যে মৈত্রীস্থাপনের চেষ্টা পণ্ডশ্রম। কেননা দলের সঙ্গে দলের সম্বন্ধ সব সময়েই থাকবে কাজের সম্বন্ধ, সে 'অ্যালায়েন্দ'ই হোক, 'আঁতাত'ই হোক, আর 'লীগ অব নেশন'ই হোক। তাতে শান্তি আস্তে পারে কিন্তু মৈত্রী আস্বে না। কেননা মৈত্রীর জন্ম চাই মাছুবের সঙ্গে মাছুবের মিলন, দলের সঙ্গে দলের আদান-প্রদান নয়। এবং সে কেবল তথনই সম্ভব, যথন বংশ, জাতি, রাষ্ট্রের প্রাচীর মাহুষের চেয়েও উচু হ'য়ে উঠে দৃষ্টিকে বাধা না দেয়; যথন নামরূপের মায়া যা এক, তাকে বছ করে' দেখানর কাজ থেকে নিবৃত্ত হয়।



বৈশ্য

()

মহু উপদেশ করেছেন, শূদ্র সমর্থ হ'লেও ধনসঞ্চয় কর্বে না। কেননা বছধনের গর্কে সে হয়ত ব্রাহ্মণকেও পীড়া দিতে আরম্ভ কর্বে। অথচ এই ভ্রুসংহিতা যে-সমাজের ধর্মশাস্ত্র তার ধনস্ষ্ট ও ধনসঞ্চয়ের কাজটি ছিল বৈশ্যের হাতে। এ বর্ণটি সম্বন্ধে যে শাস্ত্রকারের এমন আশক্ষা হয়নি, সম্ভব তার কারণ বৈশ্য ছিল আর্য্যসভ্যতার ভিতরের লোক—দ্বিজ। শাস্ত্রের শাসন ছাড়াও তার মনে এই সভ্যতার বাঁধন ছিল, যার টানে কেবল ধনের জোরে বিল্যা ও বৃদ্ধিকে ছাড়িয়ে চলার কল্পনা তার পক্ষে অসম্ভব ছিল।

বিংশ শতাদীর বৈশ্যের অবশ্য কোনও ধর্মণান্তের বালাই নেই; সভ্যতার বাঁধনকেও সে একরকম কাটিয়ে উঠেছে। কেননা বৈশ্য আজ সভ্যতার মাথায় চড়ে ব্রাহ্মণকে ডেকে বল্ছে, তোমার কাজ হ'ল আমার কারথানার কল-কক্সা গড়া, কাঁচামালকে কেমন করে সন্তায় ও সহক্ষে তৈরীমাল করা যায় তার ফলী বাংলান; না হয় আমার খবরের কাগজে আমার মতলবমত প্রবন্ধ জোগান। শ্রুকে বলছে, এস বাপু! তোমার স্ত্রী-পুত্র-কল্যা নিয়ে, লেগে যাও আমার কলের কাজে; পেটভাতার অভাব হবে না। আর জেনো এই হচ্ছে সভ্যতা,

এতে অস্যা করা মানে দেশস্থাহ, একেবারে সমাজের ভিত ধরে' নাড়া দেওয়া। ক্ষত্রিয়কে বল্ছে, ছসিয়ার থেকো ঘেন এই যে ব্রাহ্মণ-শৃদ্রের তৈরী আমার কলের মাল দিকে দিকে ছুটল, জলে স্থলে এর গতিকে অবাধ রাখতে হবে, তোমার কামান, বন্দুক, জাহাজ, এরোপ্লেন যেন ঠিক থাকে। বিদেশের বৈশ্য যদি এই বণিকপথের প্রতিদ্বন্ধী হ'য়ে ওঠে, নিজে শুঁড়ো হ'য়ে তাকে শুঁড়ো কর্তে হবে। তাতে দেশের জন্ম প্রাণ দিয়ে তোমারও অক্ষয় কীর্ত্তি লাভ হবে, আমারও গোলাগুলি, রসদ, হাতিয়ারের কারখানার ম্নাফা বেড়ে যাবে। আর ঘরেও তোমার কাজের একেবারে অভাব নেই। আমার কলের মজুরেরা অতিরিক্ত বেয়াড়া হ'য়ে উঠলে তাদের উপর গুলি চালাতেও মাঝে মাঝে তোমার ডাক পড়বে।

এই যে বৈশ্বপ্রপ্র ব্যবস্থা, যার বর্ণ ধর্ম কথনের প্রথম কথা হচ্ছে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, শৃল এই তিন বর্ণের এক ধর্মা, চতুর্থ বর্ণ বৈশ্যের শুক্রাষা, এরি নাম 'ক্যাপিটালিজ্ম' বা মহাজন-তন্ত্র। এর নাগপাশ গত একশ' বছর ধরে' ইউরোপীয় সভ্যতার প্রতি অব্দে পাকে পাকে নিজেকে জড়িয়ে এসেছে এবং আজ তার চাপে সে সভ্যতার দম বন্ধ হবার উপক্রম। গত য়ুদ্ধের কামানের শব্দে ট্রেঞ্চের মধ্যে জেগে উঠে ইউরোপের সভ্যতা এ বজ্রবাধন থেকে নিজেকে মৃক্ত কর্বার যে ব্যাকৃল চেষ্টা কর্ছে তারি নাম কোনও দেশে 'সোভিয়েট্', কোনও দেশে 'স্যাশ-ন্যালিজ্ঞেশন্'।

(२)

আধুনিক ইউরোপের সমাজ-ব্যবস্থায় যে করে' বৈশ্য-প্রভুত্বের প্রতিষ্ঠা হ'য়েছে তার ইতিহাস বিশ্বয়কর কিন্তু জটিল নয়। এর মূল ভিত্তি হ'ল অষ্টাদশ শতাব্দীর শেষভাগ থেকে ইউরোপীয় জাতিগুলির মধ্যে জড়-বিজ্ঞানের আশ্চর্য্য উন্নতি, প্রকৃতির সকল কাজের শক্তি ও নিয়মের জ্ঞানের অচিন্তিতপূর্ব্ব প্রসার, এবং সে জ্ঞানকে মানুষের ঘরকল্লার কাজে লাগাবার চেষ্টার অপূর্বে সাফল্য। এর ফলে ইউরোপীয় সভ্যতার স্থুলদেহ উনবিংশ শতাব্দীর মধ্যে দেখতে দেখতে একেবারে নব কলেবর নিয়েছে। সে চেহারা ইউরোপের ও ইউরোপের বাইরের পূর্ব্ব পূর্ব্ব যুগের সমস্ত সভ্যতার চেহার৷ থেকে একেবারে ভিন্ন রুকমের। বাষ্প আর বিহ্যুৎ এই হুই শক্তিকে লোহার বাঁধনে বেঁধে ইউরোপ যে শিল্প, কারু, কৃষি, বার্তা, ব্যবসা, বাণিজ্য গড়ে' তুলেছে তার কাজের ভঙ্গী ও সামর্থ্যের দঙ্গে কোনও যুগের কোনও সভ্যতার সে দিক দিয়ে তুলনা করাই চলে না। যেমন ফরাসী অধ্যাপক সেনোবো লিখেছেন—এ দিকে অষ্টাদশ শতাব্দীর ইউরোপের সঙ্গে আজকার ইউরোপের যে তফাৎ, অষ্টাদশ শতাব্দীর ইউরোপের সঙ্গে প্রাচীন মিশরের তফাৎ তার চেয়ে অনেক কম। বলা বাছলা এ তফাৎ কল কারখানা, আশা করা যায়, অল্পদিনেই মোটর, এরোপ্লেন সে মূর্ত্তির অদল-বদল ঘটিয়ে এ তফাৎকে আরও বাড়িয়ে তুল্বে। কিছ এই যে

ইউরোপ কারথানায় কলে শিল্পসামগ্রী তৈরী করছে, রেলে ষ্টীমারে তার পণ্য পৃথিবীময় ছড়িয়ে দিচ্ছে, টেলিগ্রাফ টেলি-ফোনে দাম দস্তর বেচা কেনা চালাচ্ছে, এর ভিতরের লক্ষ্য কিছুই নৃতন নয়। সেটি অতি প্রাচীন, মামুষের সভ্যতার সঙ্গে একবয়সী। সে লক্ষ্য হ'ল-কি করে' মানুষের জীবনধারণের ও সে জীবনের শোভা সম্পদ বিধানের সামগ্রীগুলিকে যথেষ্ট পরিমাণে জোগান দেওয়। যায়। পভপালন, কৃষি, শিল্প, বাণিজ্য সবই এই প্রশ্নেরই উত্তর। কেবল উনবিংশ ও বিংশ শতাব্দীর ইউরোপ তার শিল্প-বাণিজ্যের কৌশলে ও ব্যবস্থায় এ সমস্তার যে সমাধান করেছে, জিনিষের জোগান হিসাবে তা তুলনা রহিত। যা মান্তবের অসাধ্য ছিল তা স্থসাধ্য হয়েছে; যা বহুদিন, বহুজন ও বহু আয়াস্দাধ্য ছিল সামান্ত লোকের নামমাত্র পরিশ্রমে তা মুহুর্ত্তের মধ্যে সাধিত হচ্ছে। বিশেষজ্ঞেরা হিসাব করেছেন, আজ কলের তাঁতে একজনে যে কাপড় বোনে দেটা হাতের **তাঁ**তের ত্রিশজন তাঁতির কাজ; হাতের চরকার এগার শ' জনের স্থতো আজ কলের চরকায় একজন কেটে নামাচ্ছে।

কিন্তু এ নব শিল্প-বাণিজ্যের এই যে অভুত কর্মসামর্থ্য, একে চালনা কর্তে হ'লে গুটিকতক উপায় অপরিহার্য্য। তার মধ্যে প্রধান হ'ল বিপুল আয়তনের উপাদানকে একই জায়গায় একসঙ্গে বিপুল পরিমাণ শিল্প-সামগ্রীতে পরিণত করা এবং তার জন্তে চাই বহু লোককে একত্ত জড় করে' তাদের নানা

শিক্ষা ও সভাতা

রকম মজুরীর দাহাযা। আধুনিক কলের দৈত্য, উপকথার দৈত্যর মতই নিমেষে পর্বতপ্রমাণ কাজ করে' ওঠে, কিন্তু সত্যিকার দৈত্য হওয়াতে সে চায় কাজের পরিমাণ মালের জোগান, আর মান্তবের হাতের সাহায্য। স্বতরাং শিল্প-বাণিজ্যের এই নৃতন কৌশলকে কাজে লাগাতে হ'লে চাই দেশ বিদেশ থেকে কাঁচামাল সংগ্রহ করে' জমা করা, কল গড়ে' কারখানা বসান, আর সে কল-কার্থানা চালাবার জন্ম নানারকম বহু মজুর একত্র করা। এবং এ-সবারই জন্ম চাই টাকা, অর্থাৎ—পূর্ব্বসঞ্চিত ধন। যাতে মাল কেনা চল্বে, কল-কার্থানা তৈরী হবে, মজুরের মজুরী যোগাবে। এবং সে টাকা অল্লম্বল্ল হ'লে চলবে না, একসঙ্গে চাই বহু টাকা। কেননা এ ব্যাপারের মূল কথাই হচ্ছে, যা পূর্বে নানালোকে নানা জায়গাতে অল্লেম্বল্লে এবং অল্লম্বল্ল তৈরী করত, তাই করতে হবে এক জায়গায়, এক তত্ত্বাবধানে, বিচ্যুৎগতিতে আর হাজার গুণ বেশি পরিমাণে। ফলে ইউরোপ জুড়ে কল-কারথানা তারাই বসিয়েছে হাতে যাদের ছিল জমান-টাকা এবং কলের চাকার পাকে পাকে নামতার আর্যার মত সে টাকা বেড়ে উঠেছে। আর টাকা বাড়ার সঙ্গে সঙ্গে কলও বেড়েছে কার্থানাও বড় হয়েছে। অর্থাৎ—টাকার অঙ্কটা আরও বেড়ে চলেছে। আর এও অতি স্পষ্ট যে এই কলের তৈরী মালের রাশিকে দেশবিদেশে কাটাতে হ'লে চাই বড় মূলধনী বাবসায়ী, যারা একদমে একে নিংশেষ করে' কিনে নিতে পারবে। ছোট ছোট ব্যবসায়ীর হাত দিয়ে ধীরে স্বস্থে এ মাল কাটানোর চেষ্টা করা এসব কারথানার মালিকদের পক্ষে একেবারেই সম্ভব নয়। এমনি করে আজকার ইউরোপের যে বিরাট্ ধনসম্পদ্ তার একটা প্রকাণ্ড অংশ এসে জমেছে সংখ্যায় অতি অল্ল একটি শ্রেণীবিশেষের হাতে— যারা কারথানার মালিক বা সেই কারথানার মালের ব্যবসায়ী। হিসাবে দেখা গেছে যে আমেরিকার যুক্তরাজ্যে (যা ইউরোপের একথণ্ড 'ছিট' মাত্র) দেশের সমৃদ্য ধনের এক পঞ্চমাংশেরও বেশি রয়েছে লোক্ষ সংখ্যার ত্রিশ হাজার ভাগের এক ভাগের হাতে। ধনের গৌরব সব দেশে, সব কালেই ছিল ও থাক্বে। স্কতরাং এই অতি-ধনী বৈশ্য শ্রেণীটি যে ইউরোপের সমাজ ও রাষ্ট্রে প্রতিপত্তিশালী হবে এতে আশ্চর্য্যের কিছুই নেই।

(9)

কিন্ত এই মহাজন সম্প্রদায়টির ইউরোপে যা প্রভাব ও প্রতিপত্তি ধন গৌরবের উপর তার সামান্ত অংশই নির্ভর কর্ছে। যার টাকা নেই সে যার টাকা আছে তাকে দ্রে থেকেই নমস্কার কর্তে পারে যদি না জীবিকার জন্ত তার দরজায় দাঁড়াতে হয়। এই জন্ত ইউরোপের পক্ষে তার মহাজন শ্রেণীটিকে কেবল টাকার খাতির দিয়ে দ্রে রাখা সম্ভব নয়। কেননা এই শ্রেণীটিই হ'য়ে দাঁড়িয়েছে ইউরোপের অন্নদাতা। আর তা ছ'রকমে। ন্তন শিল্প-ব্যবস্থায় দেশ জুড়ে' ধনস্প্রীর যে স্ব ছোট খাট ব্যবস্থা ছিল তা লোপ পেয়েছে। একমাত্র ক্রষি

ছাড়া ইউরোপের সমস্ত ধন প্রকৃতপক্ষে উৎপন্ন হচ্ছে এই মহা-জনদের বড় বড় কারথানায়। এবং ক্লুষি জিনিষ্টিও আজ ইউরোপের চোথে অতি অপ্রধান শিল্প। কারণ পশ্চিম ইউরোপ আবিষ্কার করেছে নিজের অন্ন দেশে জ্বনানোর চাইতে কলের তৈরী শিল্প-সামগ্রী দিয়ে বিদেশ থেকে তা কিনে আনাই তার পক্ষে বেশী সহজ ও স্থবিধার। এবং সে শিল্পের জন্ম যে ক্লুষিলভ্য কাঁচামালের দরকার তার সম্বন্ধেও সেই কথা। ফলে পশ্চিম ইউরোপের অধিকাংশ লোকের জীবিকার উপায় হচ্ছে মহাজনদের এই বড় বড় কারখানাগুলিতে ও তাদের আফিসে হাতে বা কলমে মজুরগিরি করা। অর্থাৎ—এই মহা শ্রেষ্টি সম্প্রদায়টি সাক্ষাৎসম্বন্ধেই এদের মনিব ও অল্পদাতা। আর পরোক্ষে ইউরোপের স্বারই অন্নবস্ত্র এরাই যোগাচ্ছে। জীবন-যাত্রার যা কিছু উপকরণ তা হয় আস্ছে এদের কারথানা থেকে, নয় ত এদেরি কার্থানার কলে তৈরী মালের বিনিময়ে। যাদের হাতে জীবন-মরণের কাঠি রয়েছে তারা যে সর্ব্বময় হ'য়ে উঠবে এতে আব বিশ্বয় কি।

কিন্তু এ বৈশ্য-প্রভূষের সবচেয়ে যা প্রধান কথা তা হচ্ছে আধুনিক যুগের নৃতন ব্যবস্থায় এই যে সব অতিকায় শিল্প-বাণিজ্যের প্রতিষ্ঠান মহাজনদের মূলধনে ও চেষ্টায় গড়ে' উঠেছে এগুলি যত লোকের অন্ন যোগাচ্ছে এর পূর্বেই উরোপের পক্ষেতা অসাধ্য ছিল। আর অন্ন বাড়লে যে জীবও বাড়ে এটা প্রাণবিশ্বার একবারে প্রথম ভাগের কথা। ফলে গেল এক শ'

বছরের মধ্যে ইউরোপের লোকসংখ্যা দ্বিগুণ হ'য়েছে। এবং এখন এ বিরাট জনসজ্যের জীবিকা যোগাতে হ'লে ইউরোপের আধুনিক শিল্প-বাণিজ্যের চাকা একদিনও অচল হ'লে চল্বে না। এর আয়তন যদি একটু খাটো কি বেশ একটুকু মন্দা হয় তবে ইউরোপ তার সমস্ত লোকের মুখে আর অন্ন দিতে পারবে না। উনবিংশ শতাব্দীর শিল্প—বাণিজ্যে যে লোক বেড়েছে, বিংশ শতান্দীতে তাদের বাঁচিয়ে রাখতে হ'লে সেই শিল্প-বাণিজ্য ছাড়। আর গতি নেই, এ যে কত সত্য জর্মাণ যুদ্ধের এক আঁচড়েই তা স্পষ্ট হ'য়ে উঠেছে। যুদ্ধের ধাকায় এ শিল্প-বাণিজ্যের কল যেই একটু বিকল হ'য়েছে অমনি ইউরোপ জুড়ে কলরব; ইংলণ্ডে চিনি নেই, ফ্রান্সে কয়লা নেই, জর্মাণীতে চর্কির জন্ম হাহাকার, অম্বিয়ায় হুধ না পেয়ে শিশু মর্ছে। আর একথা আরও স্পষ্ট হ'য়েছে, গেল-যুদ্ধের ফলে মূলধনী মহাজনদের বিরুদ্ধে আন্দোলনের রক্ম-স্ক্মে। রুষিয়ার বোলশেভিক, জর্মাণীর সোস্থালিষ্ট, কি ইংলণ্ডের গ্রাশান্তালিজেশন পন্থী এমন কথা কারও মুখে ওঠেনি যে, এই যে আধুনিক ইউরোপের দৈত্যাকৃতি সব শিল্প-বাণিজ্য, যা কলের ও কাজের চাপে মামুষকে পিষে ফেলছে, একে ভাঙা দরকার। কেননা ইউরোপ মর্ম্মে জানে যে, এই শিল্প-বাণিজ্যই তার প্রাণ। একে মারতে গেলে মরতে হবে। তাই এখন স্বারই লক্ষ্য कि करत' এই भिन्न-वानिकारकरे वहांन ও महन ताथा हरन, কিন্তু তার বর্ত্তমান মালিক মহাজনদের ছেটে ফেলা যায়। এ

চেষ্টা সফল হবে কিনা তা ইউরোপের ভাগ্যবিধাতাই জানেন।
কিন্তু যতদিন না হবে, ততদিন বৈশ্য ইউরোপীয় সমাজ ও
রাষ্ট্রের মাথায় চড়েই থাক্বে। কেননা ইউরোপের ম্থের অন্ন
তার হাতের ম্ঠোয়।

(8)

বলা বাহুল্য ইউরোপের বৈশ্য-প্রভুত্বের বেগ কেবল ইউরোপ বা ইউরোপীয়ান জাতিগুলির মধ্যেই আবদ্ধ নেই; পৃথিবীময় দে নিজকে জানান দিচ্ছে। কেননা ইউরোপ আজ সমন্ত পৃথিবীর প্রভূ। এবং স্বভাবতই এ প্রভূষের প্রয়োগ হচ্ছে ইউরোপের প্রভূ বৈশ্যের মারফত, তারই স্থবিধা ও প্রয়োজন মত। ইউরোপের বিজ্ঞান আজ বাছবলে ইউরোপকে অজেয় ও ছুর্নিবার করেছে। এবং সমস্ত পৃথিবী প্রত্যক্ষে বা পরোক্ষে ইউরোপের জিত রাজ্য। কিন্তু এ জয় অশ্বমেধের রাজচক্রবর্তীর জয় নয়। যুদ্ধের উল্লাস কি জয়ের গৌরব এর লক্ষ্য নয়। এর উদ্দেশ্য হ'ল জিত দেশ ও পরাজিত জাতিকে ইউরোপের কারখানার কলের চাকায় জুড়ে দেওয়া। যে শিল্প-বাণিজ্য ইউরোপকে অন্নবস্ত্র দিচ্ছে ইউরোপের বাইরের পৃথিবীর সঙ্গে যোগ তার চাই-ই চাই। সেথানকার মাটীর রস টেনেই ওরা বেঁচে রয়েছে। যে কাঁচামাল কলে-তৈরী শিল্পে পরিণত হবে, তা প্রধানত আসছে ইউরোপের বাইরে নন-ইউরোপীয়ান लाकरमत (मन (थरक। जीवनशाजात रा मव छे भकतन, विरम्ध করে' থাতা, যা ইউরোপের মাটীতে জ্বেম না বা কলে গড়া চলে

না, তাও বেশীর ভাগ আনতে হবে ওখান থেকেই। অবশ্য এ তুই জিনিষ ইউরোপ গায়ের জোরে কেড়ে নিতে চায় না। তার কারথানার তৈরী শিল্পের বিনিময়েই কিনতে চায়। কিন্তু এদের জোগান যাতে অব্যাহত, আর পরিমাণ যাতে প্রয়োজনমত হয় সে ব্যবস্থা তাকে করতেই হবে। কেননা কারখানার কল একদিনও বদে থাক্লে চল্বে না। স্থতরাং এদব গ্রম দেশের অলস লোকেরা যদি নিজের ইচ্ছায়, অথবা লাভের লোভে এসব জিনিষ যথেষ্ট পরিমাণে উৎপন্ন করে' স্থবিধা দরে জোগান দিতে না চায় তথন ইউরোপকে বাধ্য হ'য়েই হাতে চাবুক নিতে হয়, সঙ্গিনের থোঁচায় এদের কাজের ইচ্ছাকে জাগিয়ে রাথতে এমন কি হু'চারজনার হাত পা' কেটে দিয়ে তাদের বাকী সঙ্গীদের হাত পা'গুলো যাতে কলের চাকার বেগের সঙ্গে তাল রাখ্তে উৎসাহী হয় সে চেষ্টা থেকেও পশ্চাৎপদ হ'লে চলে না। জর্মাণ অধ্যাপক নিকলাই তাঁর 'যুদ্ধ ও জীবতত্ত্ব' নামের পুঁথিতে লিখেছেন যে, পৃথিবীর পঞ্চাশ কোটী ইউরোপীয়ান ও ইউরোপ থেকে ছড়িয়ে-পড়া শ্বেত মাহুষের হাতে এথনি এমন যন্ত্রপাতি আছে যে, আস্ছে বিশ বছরের মধ্যে তারা পৃথিবীর এক শ' কোটী নানা জাতির অ-খেত মামুষদের একেবারে নির্মাল করে' উচ্ছেদ করতে পারে। এবং ফলে সমস্ত পৃথিবীটা কেবলমাত্র, অস্তত নিজেদের চোখে, উন্নততর খেত জাতিদেরই বাসস্থল হয়। এ বিশ বছরের পরে, অর্থাৎ--যখন চীন তার সমস্ত লোককে আধুনিক অস্ত্র ও যুদ্ধ-বিচ্চায় শিক্ষিত করে' তুল্বে, এবং নিজের

'ড্রেডনট' ও কামান গোলা নিজেই তৈরী করতে হুরু কর্বে, যেমন এখন জাপান করছে, হয়ত এ আর সম্ভব হবে না। কিন্তু ইউরোপ যে এ কাজে হাত দেবে না তা নিশ্চয়, কেননা ব্যাপারটা এমন ভয়ানক যে কল্পনায় তাকে ফুটিয়ে তুললেই পিছিয়ে আস্তে হয়। এবং অধ্যাপক নিকলাই-এর মতে এ জেহাদ প্রচার করা মানে স্বীকার করা যে প্রকৃত জীবনযুদ্ধে, বেখানে জয়ী হ'তে হয় পরকে মারার শক্তিতে নয়, নিজের বাঁচার শক্তিতে, শেতের চেয়ে অ-শ্বেত শ্রেষ্ঠ। স্থদূর ও স্ক্র তত্ত্বের আলোচনায় এখানে একটা হাতের কাছের মোটাকথা চোখ এড়িয়ে গেছে। ইউরোপ যদি আস্ছে বিশ বছরের মধ্যে পৃথিবীর সব অ-খেত জাতিগুলিকে উচ্ছেদ করতে সমর্থ হয় তবে তার পরের দশ বছরের মধ্যে ইউরোপ আর বর্ত্তমান ইউরোপ থাক্বে না। তার কল-কারখানার বেশীর ভাগই অচল হবে। তার শিল্প-বাণিজ্য সমাজ-রাষ্ট্র সব ব্যবস্থারই মূলে টান পড়বে। কারণ পৃথিবী জুড়ে শশুক্তের, মাঠে, অরণ্যে যে সব রুষ্ণ, তাম, পীত হাত দ্রব্যসম্ভার জুগিয়ে ইউরোপের সভ্যতার স্থূল শরীরকে স্থূলতর করে তুল্ছে তার সবগুলিকে যদি শাদা হাত দিয়ে বদল কর্তে হয় তবে কারখানার কলে দেবার মত হাত ইউরোপে আর বেশী অবশিষ্ট থাকে না। ইউরোপের লোক-সংখ্যার ইউরোপে বসে' অন্নসংস্থান অসম্ভব হয়। যে সব ভিত্তির উপর ইউরোপের বর্ত্তমান সভ্যতা দাঁড়িয়ে আছে তার মধ্যে একটা প্রধান হ'ল নন্-ইউরোপীয়ান ও অ-শ্বেত লোকদের পরিপ্রমের ফল সহজে ও স্বল্প মৃল্যে পাওয়া। প্রাচীন গ্রীক-রোমান পণ্ডিতেরা দাসের শ্রম বাদ দিয়ে নিজেদের সভ্যতার অন্তিত্ব কল্পনা কর্তে পার্তেন না। আধুনিক ইউরোপীয় পণ্ডিতেরা যে পারেন তার কারণ নামরূপের বদল ঘটালে জানা-জিনিষ চিনতে পণ্ডিতদের কট্ট হয়; আর মনে যা ওঠে তা স্পষ্ট করে' খুলে বলার অভ্যাস প্রাচীন পণ্ডিতদের যত ছিল আধুনিক পণ্ডিতদের তা নেই।

ইউরোপের বৈশ্য-প্রভূত্বের থোঁচা এমনি করে' ইউরোপের বাইরে তাম কালো পীত সব রং-এর লোকের গায়ে এসেই বিধছে। ইউরোপের বৈশ্য চায় এরা নিরলস হ'য়ে তার কার-খানার কাজের উপাদান আর মজুরের খান্ত যোগায়। কিন্তু এ ছাড়া এর আরও একটা দিক আছে। ইউরোপ থেমন এদের কর্মশীলতা চায় তেমনি সঙ্গে সঙ্গে চায় এ কর্মক্ষমতা সীমা ছाড়িয়ে না ওঠে এবং বিপথে না চলে। শিল্পের উপাদান যোগান এবং কৃষি পশু থেকে খাছ্য উৎপাদন, এতেই নিঃশেষ না হ'য়ে যদি এদের শক্তি ও বৃদ্ধি নব শিল্পের নৃতন বিভা শিখে উপাদানকে শিল্পদ্রব্যে পরিণত করার দিকে চলে সেটা ইউ-রোপের চোথে অমঙ্গল। কেননা ইউরোপের আধুনিক শিল্প-वानिष्कात त्यांठेकथा वाकी भृथिवी छेभामान ७ थाछ यांगात, আর ইউরোপ ঐ উপাদান থেকে তৈরী শিল্পদ্রব্যের এক অংশ বিনিময়ে ফিরিয়ে দেবে। যদি এ ব্যবস্থা উন্টে গিয়ে খাছ ও শিল্পসামগ্রী তুই-ই বাইরে থেকে ইউরোপের দরজায় উপস্থিত

শিক্ষা ও সভাতা

হয় তবে বদল দিয়ে এদের ঘরে নেবার মত জিনিষ ইউরোপের বড় বেশি থাকুবে না। কেননা ইউরোপ যে শিল্প-বাণিজ্যে আর সবাইকে ছাড়িয়ে গেছে সে তার দেশের প্রকৃতির গুণে নয়, লোকের প্রকৃতির গুণে। কিন্তু এ কথা যেমন গৌরবের তেমনি আশঙ্কার। যে সব দেশে প্রকৃতি ইউরোপের চেয়ে অক্নপণা, সে দেশের লোকের মনের পঙ্গুত্ব ও শক্তির থর্কতার উপর এ শ্রেষ্ঠত্ব টিকে আছে। মন সচল হ'লে যে ইউরোপের শिল्न-বাণিজ্যের নৃতন কৌশল শিথে শক্তিসঞ্চয়ে দেরী হয় না তার পরিচয় জাপান দিয়েছে। এবং যেখানেই এ পরিচয়ের আভাস পেয়েছে, ইউরোপ তার নাম দিয়েছে 'আতঙ্ক'। কারণ ইউরোপের বিশ্বপ্রেমিকেরা যা-ই বলুন না, ধন ও শক্তিতে ইউরোপ এখন যেমন আছে তেমনি থাক্বে, আবার বাকী পৃথিবীটাও ধনী ও শক্তিশালী হ'য়ে উঠ্বে, জ্ঞান ও বিজ্ঞানের বর্ত্তমান অবস্থায় এর কোনও সম্ভাবনা নেই। ইউরোপ প্রধান হয়েছে, আর সবাই ছোট ও থাটো আছে বলে'। সে প্রাধায় বজায় থাকবে—আর সবাইকে ছোট ও থাটো করে' রাথ্তে পার্লে।

(¢)

বৈশু-ইউরোপের চাপ পৃথিবীর যে সব প্রাচীন সভ্য জাতি-গুলির উপর এসে পড়েছে তাদের সবারই মনে হয়েছে ওর হাত থেকে রক্ষার উপায় ঐ বৈশুত্বকে ধার করে' তার উপর শিল্প, বাণিজ্য, সমাজ ও রাষ্ট্র গড়া। কেননা চোধে দেখতে ইউ- রোপের বাহুতে বল দিচ্ছে তার সব অভুত কৌশলী কাজের সরঞ্জাম ও উপকরণের বিচিত্র বাছল্য। আর এ সরঞ্জাম ও উপকরণ সবই যোগাচ্ছে তার বৈশ্রের কর্মব্যবস্থা। প্রাচ্য দেশের মধ্যে সব চেয়ে প্রাচ্য জাপান পাশ্চাত্যের এই কর্ম-কৌশল অল্পদিনেই আয়ত্ত করেছে। এবং ফলে পশ্চিম ইউ-রোপের প্রবল জাতিগুলির মত ইউরোপের চোখে দেও একটা প্রধান জাতি। তারও কারথানার কলে ইউরোপের মত মজুর খাটিয়ে শিল্প-সামগ্রী তৈরী হচ্ছে; সেগুলো জাহাজে উঠে পৃথিবীর বাজারের যত ফাঁক জায়গা দরকারী, অদরকারী, সাচ্চা, बूँ हो।, जाती ७ र्रुन्तका माल ज्यतं मित्रक, अवः जात नवात মাল সরিয়ে নিজের জন্ম কতটা জায়গা থালি করা যায় তার চেষ্টা দেখ্ছে। মহাজনী-জাহাজের পেছনে তারও মানোয়ারী জাহাজ সেজে রয়েছে; এবং পৃথিবীর শান্তির জন্ম ইউরোপের আর পাঁচজন শান্তিপ্রয়াসীর মত সেও কামান, বন্দুক, গোলা, গুলি তৈরী করে' যাচ্ছে। বিশ্বহিতের বাণী তার মৃথ থেকেও সমান তেজেও সমান বেগেই বেরুচ্ছে; এবং মানবজাতির সভ্যতা রক্ষা ও বিস্তারের জন্ম হর্বন জাতির স্থফলা দেশের গুরুভার বহনে তার পীত-স্বন্ধের ঔৎস্থক্য কোনও খেত-স্বন্ধের চেয়ে কম নয়। বৃদ্ধ চীন ডাইনে ইউরোপ ও বাঁয়ে জাপান হ'দিক থেকে খোঁচা থেয়ে এ বৈশ্যত্বের দিকে লুবনেত্রে তাকাচ্ছে। কিন্তু তার প্রাচীন সভ্যতার গভীর শিক্ড, আর প্রকাণ্ড দেহের বিরাট বিপুলত। তাকে সোজাস্থজি ইউরোপের বৈশুষের

পাঠশালায় ঢুকতে দিচ্ছে না। ইউরোপের নবীন বিচ্ছার বেগ তার প্রাচীন সভ্যতাকে একটা নৃতন স্বাষ্টির পথে নিয়ে যাবে, এশিয়া সেই আশায় তাকিয়ে আছে। এবং সমস্ত বাধা কাটিয়ে পাছে চীন নিজের বৈশুমন্ত্রে জাপানের মতই সিদ্ধিলাভ করে সেই আতকে ইউরোপ মাঝে মাঝে চার দিক হল্দে দেখছে।

আমাদের ভারতবর্ষ এ বৈশ্য-তন্ত্রের থাস তালুক। কেননা এ মহাদেশ ইউরোপের সেই দেশের অধীন রাজ্য যেখানে বৈশ্য-তন্ত্রের মৃত্তি সবচেয়ে প্রকট, আর বৈশ্য-প্রভূত্ত্বের মহিমা সবচেয়ে উচু। এবং 'কন্ষ্টিটিউশন্তাল ল'র পুঁথিতে যা-ই থাকুক আমরা দ্বাই জানি ব্রিটেনের বৈশ্ররাজই আমাদের রাজা। স্বভাবতই প্রজার জাতির চোথে উন্নতি মানে রাজার জাতির মত হওয়া। সেই জন্ম আমাদের হুংখ, দৈন্ত, হুৰ্দশার কথা যথনি ভাবি তথন সহজেই মনে হয় এর প্রতিকারের উপায় ভারতবর্ষকে বিলাতের মত বড় বড় কার্থানায় ভরে' ফেলা; দেশের লোককে গ্রামের মাটি থেকে উপ্ডে় এনে সহরের কলে জুড়ে দেওয়া। এবং সেজন্য সর্ব্বপ্রথম দরকার সকলে মিলে বৈশ্যকে দেশের মাথায় তোলা যাতে যার-ই মগজে বুদ্ধি আর মনে উৎসাহ আছে তার ছ'চোথ এদিকে পড়ে। আমাদের সরকারী বে-সরকারী রাজপুরুষেরাও ভারতবর্ষের যে-জাতি বৈশ্রমহিমা যতটা আয়ত্ত করেছে তাকে ততটা উন্নত বলে' স্বীকার ও প্রচার করেন। এবং আমাদের বড় ছোটর প্রমাণ যে তাঁদের হাতের মাপকাঠি সে কথা বলাই বাছলা।

বাধ্য হ'য়েই স্বীকার কর্তে হবে যে এ মাপে বাঙালীর উন্নতির বহর বড় বেশী নয়। আরব সমুদ্রের তীরের তুই একটি জাতির কাছে ত আমরা দাঁড়াতেই পারি নে। এমন কি যাঁরা বাঙলার বাইরে থেকে কেবল পাগুড়ী কি টুপি নিয়ে এসে বাঙলার বুকের উপর দিয়ে মোটর হাঁকাচ্ছেন, তাঁদের পাশেও আমরা নিতান্ত থাটো। আমাদের নিত্য তুঃথ-দৈক্তের চাপটা যথনি কোনও নৈমিত্তিক কারণে একটু বেড়ে ওঠে তথনি এই ব্যাপার নিয়ে আমাদের আন্দোলন, আলোচনা, ধিকার, অনুশোচনার সীমা থাকে না। কলেজ-ফেরত বাঙালীর ছেলে নিরক্ষর অ-বাঙালীর ব্যবসায়ে কেরাণীগিরির উমেদার, এই উদাহরণ তুলে' আমরা বাঙালীর মতি গতি এবং দর্কোপরি আমাদের বিভালয়, বিশ্ববিভালয়ের শিক্ষার তুরবন্থা আরণ করে' যুগপৎ ক্রন্ধ ও ক্ষুদ্ধ হ'য়ে উঠি। এ শিক্ষা যে কেবল ব্যর্থ নয়, উন্নতির পথে পায়ে শিকল তাতে আর সন্দেহ থাকে না। কেননা শিক্ষিত বাঙালীর চেয়ে যে নির্ক্ষর দীল্লিওয়ালা শ্রেষ্ঠ এর পরিচয় ত একের মোটরকার ও অন্তের ছেঁড়া জুতোতেই স্থপ্রকাশ। কিন্তু বাঙালীর মনের এমনি মোহ যে এর প্রতিকারে কেউ ইম্পুল কলেজ তুলে' দেবার উপদেশ দেয় না। প্রস্তাব হয় এগুলিতে অন্ত রকম শিক্ষা দেওয়া হোক। শিল্পিচি্ছালয় ও কারবার শেথার ইস্কলে দেশটা ভরে' ফেলা যাক। অথচ সকলেই জানি মোটরবিহারী দীল্লিওয়ালা কি শিল্প, কি সওদাগরি কোনও ইম্বলেই কোন দিন পড়েনি।

শিক্ষা ও সভাতা

জর্মাণযুদ্ধ আরম্ভ হবার পর থেকে পৃথিবী-জোড়া তুরবস্থার সঙ্গে সঙ্গে আমাদের বাঙালাদেশের অবস্থা অতি সঙ্কটের জায়গায় এসে পৌছেছে। এ সঙ্কট যে কত বড়, আর আমাদের দারিদ্রোর ব্যাধি যে কত প্রবল তা আমরা এর যে সব বিষ-চিকিৎসার ব্যবস্থা দিচ্ছি তা দেখলেই বোঝা যায়। আচার্য্য প্রফুল্লচন্দ্র তার উচ্চশিক্ষিত ছাত্রদের উপদেশ দিচ্ছেন, 'সবাই মাড়োয়ারী হও; আর উপায় নেই।' এ কথা বেরিয়েছে তাঁর মুখ থেকে যাঁর সমস্ত জীবন বৈশ্যত্বের একটা প্রতিবাদ। ধনের গৌরব ও ক্ষমতার মোহ যার কাছে প্রলোভনের জিনিষই নয়। যাঁর নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য আর ঋষির তপস্থা বিংশ শতাব্দীর বুটিশ ভারতবর্ষেও জ্ঞানের তপোবন ও শিষ্মের মণ্ডলী গড়ে' তুলেছে। যিনি বিছা ও প্রতিভা দিয়েছেন দেশের সেবায়, নিজেকে লোপ করে'। এ যুগে যিনি কারখানা গড়ে' তুলেছেন নিজের পকেট নয় দেশের মুখ চেয়ে। আর 'মাড়োয়ারী হওয়া' ব্যাপারটি কি তা গেল যুদ্ধের টানে সবার সামনে বে-আব্রু হ'য়েই দেখা দিয়েছে। মাড়োয়ারিগিরি হচ্ছে ইউরোপীয় বৈশ্রত্বের কবন্ধ। ইউরোপের বৈশ্য পৃথিবীই লুট করুক, আর দেশের মাথায়ই চড়ে' বস্থক, দেশকে সে ঠিকই অন্ন যোগাচ্ছে। আজকার ইউরোপের ধনস্প্রির সে যে মূল উৎস তাতে সন্দেহ করা চলে না। কিন্তু মাড়োয়ারিগিরি ধনস্প্রীর পথ দিয়েই হাঁটে না। ব্যবদা বাণিজ্যের ঐ উত্তমান্সটি তার নেই। তার কাজ হ'ল বিদেশের তৈরী জিনিষ চড়া দরে দেশের মধ্যে চালান, আর

দেশের উৎপন্ন ধন সন্তা দরে বিদেশীর হাতে তুলে' দেওয়া।
এবং এই হাত বদলানোর কারবার থেকে যত বেশী সম্ভব
দেশের ধন, যার স্প্টিতে তার কড়ে' আঙ্গুলেরও সাহায্য নেই,
নিজের হাতে জমা করা। সে জন্ম যে তীত্র লোভ ও একাগ্র
স্বার্থপরতা দরকার তার নাম ব্যবসা-বৃদ্ধি! এ ব্যবসা-বৃদ্ধি যে
কত বড় নির্লেজ্জ আর কতদ্র হৃদয়হীন গেল-যুদ্ধের সময় পৃথিবীর
সব দেশে তা প্রমাণ হয়েছে। দেশের নিতান্ত হৃদ্দশা ও সঙ্কটের
সময়ও দেশ-জোড়া হরবস্থার ভিত্তির উপর নিজের ধনের ইমারত
গড়ে' তুল্তে কোনও দেশের কোনও বৈশ্ব কিছুমাত্র প্লানি বোধ
করেনি। এবং এক রাজদণ্ডের শাসন ছাড়া এদের নিষ্ঠ্রতা
আর কোনও কিছুরই বাধা মানেনি।

ধনস্ঞ্চির সঙ্গে নিঃসম্পর্ক সওদাগরী ইউরোপেও যথেষ্টই
আছে। কিন্তু সেথানে সেটা ধন উৎপাদন ও ধন বিতরণের
আহ্বাহ্রিক উপদ্রব। আর মাড়োয়ারিগিরি হ'ল নিছক উপদ্রব।
জমিদারীর সঙ্গে মোসাহেব থাকে জানি; কিন্তু জমিদারী নেই,
আছে কেবল মোসাহেবের উৎপাত এটা যেমন হাস্থকর তেমনি
সঙ্কটজনক। দেশের কৃষক নিরন্ন বলে' স্বল্প মূল্যে তার প্রমের
ফল হাতে জমা করে' দেশের লোক নিরুপায় বলে' চড়া দামে
তা বিক্রী করার মধ্যে কোথায় যে দেশের ধনবৃদ্ধি ও উপকার
আছে তা অর্থ-নীতিশাঙ্কের মহামহোপাধ্যায়েরাও আবিদ্ধার
কর্তে পারবেন না। আর গলা যদি নেহাৎ-ই কাটা যায় তবে
ছুরিটা বাঙালীর না হ'য়ে অ-বাঙালীর এতে এমন কি ক্ষুক্র হবার

কারণ আছে। সম্ভাবনাটা স্থদ্র, কিন্তু যদি সত্যই বাঙলার গোটা শিক্ষিত-সমাজটা 'মাড়োয়ারী'ই হ'য়ে ওঠে তবে নিশ্চয় জানি আচার্য্য প্রফুলচন্দ্রই স্বার আগে বলবেন এর চেয়ে বাঙালীজাতির না খেয়ে মরাই ভাল ছিল।

(&)

ইউরোপের বৈশ্বস্থ বাঙলার মাটিতে ভাল ফলেনি। অথচ ইউরোপের সঙ্গে বাঙালীর পরিচয় ভারতবর্ষের সব জাতির চেয়েই বেশি। বাঙলার বাইরে বাঙালী ত একরকম খুষ্টান বলেই পরিচিত। কথা এই যে, যে ইউরোপের সঙ্গে বাঙালীর নাভীর যোগ সেটা বৈশ্ব ইউরোপ নয়, ব্রাহ্মণ ইউরোপ। কল-কজা ও ব্যবসা-বাণিজ্যের আধুনিক ইউরোপ ছাড়াও আর একটা আধুনিক ইউরোপ আছে, যে ইউরোপ প্রাচীন গ্রীক সভ্যতার উত্তরাধিকারী, যে আধুনিক ইউরোপ মাহুষের মনকে মুক্তি দিয়েছে; জ্ঞানের দৃষ্টি যেমন স্কল্ম তেমনি উদার করেছে। যার কাব্য, সাহিত্য, কলা, দর্শন, বিজ্ঞান, মাহুষের সভ্যতার ভাণ্ডার জ্ঞান, সত্য, সৌন্দর্য্যে ভরে' দিয়েছে। এই ইউরোপের আনন্দলোকই বাঙালীর মন হরণ করেছে, কলের ধোঁয়ায় কালো ইউরোপ নয়। সেই জক্ত বাঙলার মাটিতে এখনও জামদেট্জী তাতা জন্মেনি, কিন্তু বাঙলা দেশ রামমোহন ও র্বীক্রনাথের জন্মভূমি। এখনও বড় কলওয়ালা কি ভারি সওদাগরের আমরা নাম করতে পারি নে, কিন্তু জগদীশ বস্থ

ও প্রফুল্লচন্দ্র বাঙালী জ্বাতির মধ্যেই জন্মছেন। বাঙালীর নাড়ীতে পশ্চিম থেকে প্রাচীন ভারতীয় আর্য্য ও মধ্যযুগের ম্সলমান সভ্যতা, দক্ষিণ থেকে দ্রাবিড় ও পূর্ব থেকে চীন সভ্যতার রক্ত এসে মিশেছে। ইউরোপীয় আর্য্য-সভ্যতার বিত্যুৎস্পর্শে যদি এই অপূর্বর প্রয়াগ-ভূমিতে আমরা একটি অক্ষয় নৃতন সভ্যতা গড়ে' তুলে' মানবজাতিকে দান কর্তে পারি তবেই আধুনিক বাঙালী জাতির জন্ম সার্থক। না হ'লে আমরা পায়ে হেঁটে চলি কি মোটর গাড়ীতে দৌড়াই, তাতে কিছুই আসে যায় না। কিন্তু এ সার্থকতার জন্ম ইউরোপের যে উৎস থেকে জ্ঞান ও সৌন্দর্য্য উৎসারিত হচ্ছে তা থেকে চোথ ফিরিয়ে যেথানে তার কারখানায় মাল তৈরী হচ্ছে সেথানে ত্'চোথ বন্ধ করে' রাখ্লে চল্বে না; বাঙালীর মাড়োয়ারী হওয়া একেবারেই পোষাবে না।

বাঙালীকে অবশ্য আগে বাঁচ্তে হবে। কিন্তু সে জন্ম চাই
নৃতন ধন স্বাষ্ট করা, দেশের অন্নকে বহু করা। বেদের ঋষি
আন্নের স্বাষ্টির জন্ম নিজের হাতে হাল ধরেছেন। আজ পৃথিবীর
সেই দিন এসেছে যখন অন্নস্থাটির ভার কেবল বৈশ্য বহন কর্তে
পারে না। তার ব্রাহ্মণের সাহায্য চাই। এই সাহায্য
বাঙালীর জ্ঞান-বিজ্ঞান ভারতবর্ষকে দান কর্বে। বাঁর চোখ
আছে তিনিই এর আরম্ভ দেখ্তে পেয়েছেন। বৈশ্যত্বের নামে
নয়, এই ব্রাহ্মণত্বের নামে ডাক দিলে তবেই নবীন বাঙালীর
সাড়া পাওয়া যাবে। এই ব্রাহ্মণত্বের ছায়ায় বাহ্মলাদেশে

এমন বৈশুত্ব গড়ে' উঠুক যার হাতে ধন দেখে কি শাস্ত্রকার কি দেশের লোক কেউ ভীত হবে না। যে বৈশু প্রাচীন সংহিতার অফুশাসন মত "ধর্মেণ চ দ্রব্যবৃদ্ধাবাতিষ্ঠেদ্ যত্ত্বমূত্ত্বম্", ধর্মান্ত্রসারে দ্রব্যবৃদ্ধির জন্ম উত্তম যত্ন কর্বে; "দভাচ্চ সর্ক্ব-ভূতানামন্ত্রমেব প্রযত্ত্বতে, এবং অতি যত্নে সর্ক্রভূতকে পর্যাপ্ত আন্ধান করবে।

ভাবণ, ১৩১৭

সরুজের হিন্দুয়ানী

সম্পাদক মহাশয় শুনেছেন অনেকের আশয়া, নবপর্যায়ের 'সবুজ পত্র' নাকি হবে জীব হিন্দুয়ানীর আতপত্র। কথা কি ক'রে রট্লো বলা যায় না, তবে এ কথা বলা যায় যে, ভয় একেবারে অমূলক নয়। শ্রীয়ৃক্ত প্রমথ চৌধুরী মহাশয়ের বয়স হ'য়ে আস্ছে; আর প্রথম বয়সের ইংরাজী-পড়া তার্কিক য়েশেষ বয়সে শাস্তভক্ত গোঁড়া হিন্দু,—এই হচ্ছে সাধারণ নিয়ম। কাজেই যাদের ভাবনা হ'য়েছে পুনক্ষদাত 'সবুজ পত্র' আধুনিকতার প্রথম রিশ্বি থেকে প্রাচীন হিন্দুয়কে তেকে রাখ্বে, তাদের ভয়কে অহেতুক বলে' উড়িয়ে দেওয়া চলে না।

কেউ কেউ হয়ত বল্বেন যে, শ্রীযুক্ত প্রমথ চৌধুরীর সহদে সাধারণ নিয়মটা খাটে না। কারণ তিনি কেবল ইংরাজীনবীশ নন, ইউরোপের আরও ত্'একটা আধুনিক ভাষাও সাহিত্যনবীশ; যার ফলে ইংরেজী মদের নেশা কোনও দিনই তাঁকে বেসামাল কর্তে পারে নি। আর হিন্দুশাস্ত্রচর্চাও তিনি শেষ বয়সে 'বল্পবাসী'র অহ্বাদ মারফত আরম্ভ করেন নি, তরুণ বয়স থেকেই শাস্ত্রকারদের নিজ হাতের তৈরী খাঁটি জিনিষে নিজেকে অভ্যন্ত ক'রে এসেছেন। এখন আর ওর প্রভাবে ঝিমিয়ে পড়্বার তাঁর কোনও সম্ভাবনা নেই।

এ কথার মধ্যে কিছু সত্য আছে। কিন্তু হিন্দুত্ব ও হিন্দুশাল্তের উপর চৌধুরী মহাশয়ের ভক্তি যে গোঁড়া গদাদ ভক্তি নয়, তার যথার্থ কারণ এ হুয়ের উপর তাঁর অসীম প্রীতি, কেননা ওথানে তাঁর নিগৃঢ় মমন্ববোধ রয়েছে। জাতিতে বান্ধণ হ'লেও চৌধুরী মহাশয়ের শরীরে প্রাচীন শান্তকারদের রক্তের ধারা কতটা অক্ষুণ্ণ আছে, এ নিয়ে হয়ত শ্রীযুক্ত রমাপ্রসাদ চন্দ তর্ক তুল্তে পারেন, কিন্তু তাঁর বুদ্ধি ও মনোভাব যে প্রাচীন আর্য্য শাস্ত্রকারদের বুদ্ধি ও মনোভাবের অক্ষুণ্ণ ধারা, এতে আর তর্ক চলে না। শাস্ত্রকার মহু কি ভায়ুকার মেধাতিথি, এঁদের সঙ্গে আজ মুখোমুখী সাক্ষাৎ হ'লে তাঁরা অবশ্য চৌধুরী মহাশয়কে নিজেদের বংশধর ব'লে চিন্তে পার্তেন না; বরং পোষাক পরিচ্ছদ, চাল-চলনে প্রত্যস্তবাসী কশ্চিৎ ফ্রেচ্ছ বলেই মনে কর্তেন। কিন্তু ছু'চার কথার আদানপ্রদানে টপ্ছাট ও ফ্রক্ কোটের নীচে যে মগজ ও মন রয়েছে, তার সঙ্গে পরিচয় হবামাত্র তাঁরা নিশ্চয়ই চৌধুরী মহাশয়কে এই বলে' আশীর্কাদ কর্তেন:—

"আত্মা বৈ পুত্রনামাসি সঞ্জীব শরদাং শতম্।"

"হে পুত্র! আমাদের আত্মাই তোমাতে জন্ম পরিগ্রহ করেছে। তুমি শতবৎসর পরমায় নিয়ে অযজ্ঞীয় ফ্লেচ্ছপ্রায় বঙ্গদেশে ইস্পাতের লেখনীমুখে আর্য্যমনোভাব প্রচার ও তার গুণ কীর্ত্তন কর।"

এই আর্যামনোভাব বস্তুটি কি, একটু নেড়েচেড়ে দেখা যাক্।

সবুজের হিন্দুয়ানী

কারণ প্রমথবাবু যদি 'সবুজ পত্রে' হিন্দুয়ানী প্রচার করেন, তবে এই মনোভাবেরই প্রচার কর্বেন।

যে প্রাচীন আর্য্যেরা হিন্দুসভ্যতা গড়েছে, তাদের সকলের মনোভাব কিছু এক রকম ছিল না। হিন্দুসভ্যতার জটিল বৈচিত্র্য দেখলেই তা বোঝা যায়। যারা উপনিষদ রচেছে ও যারা ভক্তিশাস্ত্র লিখেছে; পুরুষার্থ সাধন বলে' যারা যাগযজ্ঞ-বিধির সৃন্ধ বিচার ও বিচারপ্রণালীর সৃন্ধাতিসৃন্ধ আলোচনা করেছে; ও যারা চতুরার্য্য সত্য ও অষ্টাঙ্গ মার্গ উপদেশ করেছে; যারা শ্রুতিকে ধর্মজিজ্ঞাস্থনের পরম প্রমাণ বলেছে; ও যারা वरलएइ ८वम लाक्याजाविम्राम्त्र लाक्निन्मा एथरक त्रकात আবরণ মাত্র (১); ক্যায়-দর্শন যাদের তত্ত্বপিপাসার নিবৃত্তি করেছে, ও যারা অথও অন্বয়-বাদে না পৌছে থাম্তে পারে নি--তারা সবাই ছিল আর্য্য, এবং হিন্দুসভ্যতা গড়ার কাজে স্বারই হাত আছে। এক দল অফুশাসন দিয়েছে গৃহস্থাপ্রমে যজ্ঞানুষ্ঠানে দেবঋণ ও প্রজোৎপাদনে পিতৃঋণ শোধ দিয়ে তবে বানপ্রস্থী হ'য়ে মোক্ষ চিস্তা করবে, নইলে অধোগতি হবে; অন্ত **मल উপদেশ करत्राइ (यमिन মनে বৈরাগ্য জাগ্বে সেইদিনই** প্রব্রুয়া নেবে। রাজ্যরক্ষা ও রাজ্যবৃদ্ধির উপায় রাজাকে শেখাবার জন্ম এক দল 'অর্থশান্ত' রচনা করেছে; অপর দল 'ধর্মশাস্ত্র' লিখে সে পথ দিয়ে হাঁট্তে রাজাকে মানা করেছে।

⁽১) "বার্দ্রা দগুনীতিশ্চেতি বার্হস্পত্যাঃ, সংবরণ মাত্রং হি ত্রয়ী লোক-যাত্রাবিদ ইতি।" (কৌটিলা, ১)২)

কেউ বলেছে পুত্রের জন্মমাত্র সে পৈতৃক ধনে পিতার মতই স্বস্থ লাভ করে, কেউ বিধান দিয়েছে পিতা যতদিন বেঁচে আছে পুত্রের ততদিন কোনও স্বস্থ নেই। যে লৌকিক প্রবচন বলে, এমন মুনি নেই যাঁর ভিন্ন মত নেই, তার লক্ষ্য হিন্দু-সভ্যতাস্প্রষ্টাদের এই মতবিরোধের বৈচিত্রা।

এতে আশ্চর্য্য কিছু নেই, বিশেষত্বও কিছু নেই। যে-কোনও বড় সভ্যতার মধ্যেই এই বিবোধ ও ভেদ দেখতে পাওয়া যাবে। সভ্যতা হ'ল মনের স্বচ্ছন্দ লীলার স্পষ্ট। বহু মনের नीनाङ्की वि<u>ठिख ना श्रेष्य यिक रेम्स्क्रिय कू</u>ट्य ये अरक्वाद्य একতন্ত্র হ'ত, তবে দেইটেই হ'ত অতি আশ্চর্য্য ব্যাপার। কিন্তু তবুও যথন জাতি-বিশেষের নামে কোনও সভ্যতার নামকরণ করি, যেমন হিন্দুসভ্যতা,—তথন যে কেবল এই খবর জানাতে চাই যে, কতকগুলি বস্তুজগতের ও মনোরাজ্যের স্ষ্টি বংশপরম্পরাক্রমে মোটামুটি এক জাতির লোকের কাজ, তা নয়। প্রকাশ্য বা নিগৃঢ়ভাবে এই ইঙ্গিত প্রায় সকল সময়ে থাকে যে, ঐ সব বিচিত্র, বিভিন্ন, এমন কি বিরোধী স্পষ্টগুলির মধ্যে একটা ঐক্যের বাঁখন আছে, যে ঐক্য কেবল জন্মস্থান-সমতার ঐক্য নয়, ভারগত ও কচিগত ঐক্য। খুব সম্ভব এ ঐক্যের মূল ঐ জন্মগত ঐক্য। কারণ ঐ স্প্রষ্টিগুলির যারা কর্ত্তা, তাদের শিরার রক্ত ও মাথার মগজের এক মূল জীব থেকে উৎপত্তি, এবং তাদের প্রাকৃতিক ও মানদিক পারি-পার্ষিকও অনেক অংশে এক। অতিবড় প্রতিভাশালী স্রষ্টাও

সবুজের হিন্দুয়ানী

এর প্রভাব এড়াতে পারে না ও এড়াতে চায় না। ফলে তাদের স্ট সভ্যতা তার বছমুখী বৈচিত্র্য ও নানা পরিবর্ত্তন ও বিপ্লবের মধ্যেও ভিতরের কাঠামোখানি প্রায় বাহাল রাখে। ঘরের চাল বদলে যায়, দরজা জানালার পরিবর্ত্তন হয়, পুরানো বেড়া তুলে' ফেলে নতুন বেড়া বসান হয়, কিন্তু মাঝের 'ক্রেম্'টি বজায় থাকে। আর্য্যমনোভাব হিন্দু-সভ্যতার এই 'ষ্টালফ্রেম'।

বলা বাহুল্য এ 'ষ্টালফেমে'র শলাকা চোথে দেখা যায় না।
চূষকের 'লাইন্দ্ অব্ ফোর্সেন্' শক্তিসঞ্চার পথের মত সেগুলি
অদৃশ্য। তাদের উপাদান কোনও বস্তুসমষ্টি নয়, এমন কি রাষ্ট্রিক
ও সামাজিক অফুষ্ঠান-প্রতিষ্ঠানও নয়। চিস্তা বা মননের
কতকগুলি বিশেষ ভঙ্গী, ভাব ও অফুভৃতির কয়েকটি বিশেষমুখী
প্রবণতা দিয়ে এ 'ক্রেম' তৈরী। স্ক্তরাং আর্য্যমনোভাব
জিনিষ্টিকে রূপরেখায় চোখের স্বমুখে ফুটয়ে তোলা সহজ্
নয়। প্রাচীন হিন্দু-সভ্যতার স্বাষ্টগুলির সঙ্গে কিঞ্চিয়াত্রও
প্রত্যক্ষ পরিচয় হ'লে এ মনোভাবের য়ে স্ক্র্লান্ট ছবি মনে এঁকে
যায়, ভাষায় তার মুর্ত্তি গড়া স্থদক্ষ শিল্পীর কাজ। সে অনধিকার
চেষ্টায় উদ্বাহু না হ'য়ে শাদা কথায় তার ত্'একটা লক্ষণের কিছু
আলোচনা ও বিশ্লেষণের চেষ্টা মাত্র কর্বো।

ইংরেজীতে যাকে 'সেণ্টিমেণ্টালিজ্ম' বলে, আমরা তার বাঙ্গলা নাম দিয়েছি ভাবালুতা। ইংরেজীশিক্ষিত বাঙ্গালী-সমাজে বিগত শতান্দীর শেষ ত্রিশ বছর ছিল এই ভাবালুতার

পুরো জোয়ারের সময়। উনবিংশ শতাব্দীর যে ইংরেজী কাব্য ও সাহিত্যে তথন শিক্ষিত বান্ধালীর মন পুষ্ট হচ্ছিল, সে কাব্য শাহিত্য 'দেটিমেন্টালিজম'-এর রদে ভরা; স্থতরাং তার প্রেরণায় বাঙ্গালী যে সাহিত্য সৃষ্টি কর্ছিল, তা ভাবালুতায় ভরপুর। এবং প্রাচীন বাঙ্গলা সাহিত্যের মাত্র যে অংশের তখন শিক্ষিত বান্ধালীর উপর প্রভাব ছিল, সেই বৈষ্ণব পদাবলী সাহিত্যও এই ভাবালুতার অনুকূল। এই মানসিক আবেষ্টনের মধ্যে বর্দ্ধিত হ'য়ে প্রাচীন আর্য্যমনোভাবের যে লক্ষণ শ্রীযুক্ত व्यमथ टोर्भुती महानारात टार ७ मन मन टार महरक ७ मनरन আকর্ষণ করেছে, সে হচ্ছে 'সেণ্টিমেণ্টালিজ্ম্' বা ভাবালুতার অভাব; এবং কেবল অভাব নয়, বিরোধী ভাবের আধিপত্য। কারণ প্রাচীন হিন্দুর মনোভাবে এমন একটা ঋজু কাঠিন্ত ছিল, যা কি শরীর কি মনের সমস্ত রকম হুইয়ে-পড়া ও লতিয়ে-চলার বিরুদ্ধ। কালিদাস আর্য্যরাজার মুগয়াক্ষিত শরীরের যে ছবি এঁকেছেন, সেটা প্রাচীন আর্ঘ্যমনেরও ছবি।

> "অপচিতমপি গাত্তং ব্যায়তত্তাদলক্ষ্যং গিরিচর ইব নাগঃ প্রাণসারং বিভর্তি।"

"মেদহীন ক্লণতা ঋজু দীর্ঘতায় ক্লণ বলে' লক্ষ্য হয় না।
পর্ববিত্যারী গজের মত দেহ যেন কেবল প্রাণের উপাদানেই
গড়া।" অথচ এই মেদশৃত্য ক্লণতা কল্পনা-অক্শল মনের বস্তুতান্ত্রিক রিক্ততা নয়। হিন্দুর বিরাট পুরাণ ও কথাসাহিত্য,
বৌদ্ধ ও জৈন গাথার বিপুলতা ভারতীয় আধ্যমনের অফুরস্ত

সবুজের হিন্দুয়ানী

কল্পনালীলার পরিচয় দিচ্ছে। এ কাঠিগুও শুদ্ধপেশী কন্ধালসার কাঠিগু নয়। ভাবের দীনতা, রসবোধ ও রসস্প্রতীর অক্ষমতা জাতির মনকে বিধিনিষেধ-সর্বাস্থ যে শুদ্ধ কঠিনতা দেয়, সে

কাঠিতা হিন্দুর কথনও ছিল না। বেদস্থক্তের উষার বন্দনা থেকে ভর্ত্তরের শতকত্তম পর্যান্ত ভাব ও রদের সহস্র ধারা তাকে পাকে পাকে ঘিরেছে। তার ভোগকে শোভন ও জীবনযাত্রাকে মণ্ডনের জন্ম চৌষটি কলার প্রয়োজন ছিল। কিন্তু সমস্ত ভাব ও কল্পনা, রুদ ও কলাবিলাদের মধ্যে একটা সরল, কঠিন মেরুদণ্ড সব সময়ে নিজের অন্তিত্ব জানান দিচ্ছে। প্রাচীন আর্য্যমনে ভাবের অভাব ছিল না। কিন্তু আমরা যাকে বলি "ভাবে গলে' যাওয়া", তার মাধুর্য্য সে মনের রসনা আস্বাদ করে নি। ভগবান বুদ্ধ লোকের জন্মজরামরণের ছৃংখে স্ত্রী, পুত্র, রাজ্য, সম্পদ ছেড়েছিলেন, কিন্তু চোথের জল ছাড়েন নি। পণ্ডিত লোকে এমনও বলেছেন যে, প্রাচীন আর্য্যজাতি মূলে ছিল যাযাবর লুঠতরাজের দল—'প্রিভেটারি নোমাভ্দ্'। অন্ত ধ্রুবশীল সভ্যজাতির ঘাড়ে চেপে তাদের পরিশ্রমের অন্ন থেতে থেতে তাদেরি সংস্পর্শে তারা ক্রমে সভ্য হ'য়েছে। এই ধার-করা সভ্যতার বীজ উর্বারা জমীতে খুবই ফলেছে বটে, কিন্তু তার শিক্ত আদিম যাযাবরত্বের প্রস্তরকঠিন অন্তর ভেক্তে মাটি করতে পারে নি, ফুলপাতায় ঢেকে রেখেছে মাত্র। এ মতের ঐতিহাসিক মূল্য যতটা থাক না থাক, এটি স্পষ্টই প্রাচীন আর্য্যমনোভাবের একটা পৌরাণিক অর্থাৎ 'ইভলিউশনারি'

ব্যাখ্যা। একটি ছোট উদাহরণ দিই। নাটক ও নাট্যাভিনয় প্রাচীন হিন্দুর প্রিয়বস্ত ছিল। হিন্দু আলঙ্কারিকেরা কাব্যের মধ্যে নাটককেই সর্বশ্রেষ্ঠ স্থান দিয়েছেন। তাঁদের শিল্পকলার সংখ্যাও গণনায় চৌষটি পর্যান্ত পৌছেছিল। কিন্তু হিন্দুর ধর্মশান্ত ও অর্থশান্ত একযোগে বিধান দিয়েছে—কারুকর্ম ও কুশীলবের কর্ম শৃল্রের কাজ, আর্য্যের নয়।(১)

উদাহরণে পুঁথি বেড়ে যায়। কিন্তু আর্ঘ্যমনের এই কাঠিন্ম ঘে কত কঠোর, তা তাঁরা নিজেদের জীবনের অপরাহ্ন-কালের জন্ম যে তৃটি আশ্রমের ব্যবস্থা করেছিলেন, তার কথা একটু কল্পনা কর্লেই উপলব্ধি হয়।

"গৃহস্থস্ত যদা পশ্যেদ্দীপলিতমাত্মনঃ। অপত্যক্ষৈত্ৰ চাপত্যং তদারণ্যং সমাশ্রমেৎ॥" (মহুঃ, ৬।২)

"গৃহস্থ যথন দেখ্বে গায়ের চামড়া শিথিল হ'য়ে আস্ছে, চুলে পাক ধরেছে, ও পুত্রের পুত্র জন্মছে", অর্থাৎ বার্দ্ধক্যের অপটু শরীরে গৃহের ছোটখাটো স্থেস্বাচ্ছন্দ্য, পুত্র পৌত্রের সেবা ও শ্রদ্ধা সব চেয়ে কাম্য হ'য়ে এসেছে, "তথন ঘর ছেড়ে বনে প্রস্থান কর্বে।" হ'তে পারে সে বন খুব বক্ত ছিল না। কিন্তু পুরাতন প্রিয় গৃহ ও সমাজের সঙ্গে সমস্ত রকম সম্বন্ধচ্ছেদের নির্ম্মতাতেই তা ভীষণ।

(১) "শুক্তস্ত দ্বিজাতি শুশ্ৰাবা বাৰ্দ্তা কাকুকুশীলবৰুশ্ম চ"—(কোটিল্য, ১৷৩)

সবুজের হিন্দুয়ানী

"ন ফালক্ষ্টমশ্লীয়াত্ৎস্ট্টমিপ কেনচিৎ। ন গ্রামজাতাক্তার্ত্তোহিপি মূলানি চ ফলানি চ॥" (মহুঃ, ৬১১৬)

"ভূমিকর্ষণে যা জন্মেছে, পড়ে পেলেও তা আহার কর্বে না। আর্ত্ত হ'লেও গ্রামজাত ফলমূল গ্রহণ কর্বে না।" এই বনবাসে উগ্র তপস্থায় নিজের দেহ শোষণ করাই ছিল বিধি।

"তপশ্চরংশ্চোগ্রতরং শোষয়েদ্দেহমাত্মনঃ।" (মহুং, ৬।২৪)
কিন্তু মৃত্যুকে অভিনন্দন ক'রে এ জীবনেরও সংক্ষেপ কামনা
করা নিষিদ্ধ ছিল।

"নাভিনন্দেত মরণং নাভিনন্দেত জীবিতম্। কালমেব প্রতীক্ষেত নির্দেশং ভূতকো যথা॥" (মহুঃ, ৬।৪৫)

"মরণকেও কামনা কর্বে না, জীবনকেও কামনা কর্বে না। ভৃত্য ঘেমন ভৃতিপরিশোধের অপেক্ষা করে, তেমনি কালের অপেক্ষা কর্বে।"

বানপ্রস্থের উপর প্রীযুক্ত প্রমথ চৌধুরী মহাশয়ের কতটা অমুরাগ আছে জানিনে, কিন্তু মনের যে বীর্য্য নিজের বার্দ্ধক্য-দশার জন্ম এই বানপ্রস্থের বিধান করেছিল, সেই বীর্য্য তাঁর মনকে মুগ্ধ করেছে। তিনি আধুনিক হিন্দুর মনে প্রাচীন আর্য্যমনের এই বীর্য্য ফিরিয়ে আন্তে চান। এবং বর্ত্তমানের মধ্যে অতীতকে ফিরিয়ে আনার চেষ্টা যদি reactionary হয়, তবে চৌধুরী মহাশয়কেও reactionary বল্তে হবে।

হিন্দুমনের কাঠিয় ও বীর্যা কালবশে কমে আস্ছিল, এবং মুদলমান-বিজ্ঞের পর থেকে কমার বেগ ক্রমে জ্রুত হ'য়ে এখন প্রায় লোপের মধ্যে এদে দাঁড়িয়েছে। মনের একটা কোমলতা, গুটিকয়েক রসে আবিষ্টতা ও ভাবে বিহ্বলতা, তার থালি জায়গা অনেকটা জুড়ে বদেছে। হিন্দুর সচল মন নিশ্চেষ্ট থাকে নি। এই নৃতন মনোভাবের উপযোগী ধর্মসাধনা, কাব্য ও দর্শন গড়ে' উঠেছে। বাঙ্গলাদেশে এর সাধক শ্রীচৈতন্ত, কবি চণ্ডীদাস, দার্শনিক শ্রীজীব গোস্বামী। প্রমথ বাবু যদি 'সবুজ পত্রে' প্রাচীন হিন্দুয়ানী প্রচারও কর্তে চান, তবে এই নবীন হিন্দুয়ানীর সঙ্গে তাঁকে লড়তে হবে। কারণ 'পুরুষ ব্যাদ্র বনাম মাতুষ মেষ'-এর মামলায় তিনি যে বেদখল বাদীর পক্ষে সরাসরি একতর্ফা ডিক্রী পাবেন, এমন মনে হয় না। প্রথম ত তামাদি দোষ কাটাতে বেগ পেতে হবে। তারপর সভ্যতার ইতিহাসে বাঘের চেয়ে মেষ হয়ত সভ্যতর জীব। এবং 'দাসমনোভাবে'র চেয়ে যে, 'প্রভূমনোভাব' শ্রেষ্ঠ, তা'ও বিচার সাপেক্ষ। যাহোক, এ-তর্ক যদি প্রমথ বাবু সত্য সত্যই তুল্তে পারেন, তবে বান্ধলাসাহিত্যে শাক্ত-বৈষ্ণবের ছন্দের একটা নতুন সংস্করণ অভিনয় হবে। কারণ অসম্ভব নয় যে, বান্ধলার তান্ত্রিক সাধনার মধ্যে প্রাচীন হিন্দুর কতকটা कार्ठिश ७ वीर्य विकर इन्नादान नुकान चाहि।

কিন্ত গোড়ীয় বৈষ্ণবস্থই প্রমথ বাবুর একমাত্র প্রতিমঙ্গ হবে না। বাঙ্কালীর ইংরাজী-শিক্ষিত মন আজ্বকার দিনে অনেক

সবুজের হিন্দুয়ানী

রকম 'সমন্বয়' সাধন করেছে। বৈষ্ণব আচার্য্যেরা যে রসতত্ত্ব প্রচার করেছিলেন, দে রস ইক্ক্রদ। সাংদারিক ভোগস্থ, গার্হস্থা ও সামাজিক জীবন সমস্ত পিষে ফেলে তবে সে রস নিঙ্ডে নিতে হয়। কিন্তু আমাদের ইংরেজী শিক্ষায় 'এক্লেক্-টিক' মন ইউরোপীয় বৈশ্রত্বের সঙ্গেও রসতত্বের সমন্বয় ঘটিয়েছে। আফিন, আদালত, শেয়ার মার্কেট, খবরের কাগজ, এ দব বাহাল রেখেই আমরা ও-রদ ভোগ কর্ছি। অর্থাৎ ও-রদ এখন আর ইক্ষ্দত্তে বন্ধ নেই, পেটেণ্ট করে' বোতলে পোরা হয়েছে। দিনের কাজের শেষে, কি ছুটির দিনে, খুব স্থথে ও সহজে ওকে ঢেলে সম্ভোগ করা চলে। প্রাচীন হিন্দুর পক্ষ নিলে এ 'সমন্বয়ে'র সঙ্গে প্রমণ বাবুকে যুদ্ধ কর্তে হবে। এবং ধর্মশাক্তকারের। বর্ণসক্ষরের বিরুদ্ধ হ'লেও আধুনিক বিজ্ঞান নাকি তার সপক্ষ। স্কুতরাং এ যুদ্ধ জ্বতাও সহজ হবে না। মোট কথা প্রাচীন হিন্যানীর যুদ্ধে লড়তে হলে, প্রাচীন হিন্মনের কাঠিয়া ও বীর্য্যের প্রয়োজন হবে। শ্রীযুক্ত প্রমণ চৌধুরীর মনে ও-গুণ আছে বলেই জ্লানি। স্থতরাং তিনি এতে সাহসী হ'লেও হ'তে পারেন।

ভান্ত, ১৩৩২

ধর্ম-শাস্ত্র

পশ্চিমের পণ্ডিতেরা বলেন প্রাচীন হিন্দুর বৃদ্ধিটা ছিল ঘোলাটে। যে-সব জ্বিনিষ পরস্পার থেকে অতি স্পষ্ট তফাৎ, এরা তাদেরও ঘূলিয়ে এক করে' ফেলেছে। যেমন ধর্ম আর আইন। এর একের সঙ্গে অক্টের কিছু সম্পর্ক নেই। এর একটি হ'ল ইহলোকের, অন্মটি পরকালের। একটির স্থান ধর্মমন্দির, অক্টার আদালত। একটির কর্মকর্ত্তা পুরোহিত, ধর্ম-যাজক; অন্তটির জজ কৌসিলি। অথচ প্রাচীন হিন্দু বলে, তার আইন তার ধর্মেরই অঙ্গ। তার আদালত হচ্ছে ধর্মাধি-করণ, তার জজ-জুরী হ'ল ধর্মপ্রবক্তা। উত্তরে আমরা নব্য হিন্দুরা বলি—এ ত ছিল আমাদের পূর্বপুরুষদের বিশেষত্ব। ঐথানেই হিন্দুর হিন্দুয়ানী। অন্ত সব জাতির স্বর্গ ও মর্ত্ত্য, ধর্ম ও সংসারের মধ্যে ভেদ আছে—কিন্তু হিন্দুর নেই। হিন্দুর যা 'অমৃত্র' তাই 'ইহ'। তার সংসার্যাত্রার প্রতি খুঁটিনাটি ধর্মশাসিত। দাঁতমাজা থেকে ব্রহ্মধ্যান, সবই তার ধর্মাচরণ। हिन्दू धरेर्भकळान, धर्भमर्कत्र ।

গল্প আছে ইংলণ্ডের রাজা দ্বিতীয় চার্লস্ নবপ্রতিষ্ঠিত 'রয়্যাল সোসায়টির' ম্বব্বি হ'য়ে তার সভ্যদের প্রশ্ন করেছিলেন—বাঁচা মাছের চেয়ে মরা মাছ ওজনে ভারী কেন ? সমিতির পণ্ডিতেরা ভেবে চিন্তে নানা জনে নানা কারণ দর্শালেন, কিন্তু কোনও

ধৰ্ম-শাস্ত্ৰ

ব্যাখ্যাই সকলের তেমন মন:পুত হ'ল না। শেষে একজন পণ্ডিত একটা বাঁচা মাছ এনে ওজন করে', মেরে তাকে আবার ওজন করলেন; ওজন বেশী দেখা গেল না। প্রাচীন হিন্দুকে নিয়ে পশ্চিমের পণ্ডিতের দক্ষে নব্যহিন্দুর যে বিচার বিতর্ক, দেও এই ধরণের। প্রাচীন হিন্দুসভ্যতা সম্বন্ধে পাশ্চাত্য পণ্ডিতেরা যে-সব তথ্য প্রচার করেন, সেগুলি সত্য কি মিথ্যা, তা প্রথ করে' দেখা আমরা দরকার মনে করি নে। মনে মনে বিশ্বাস আছে, এ সম্বন্ধে তাঁদের বাক্য আপ্রবাক্য। আমর। বৃদ্ধি খাটিয়ে সেই সব তথ্য থেকেই নানা তত্ত্বের করি, এবং তার বলে প্রমাণ করি, যে-সব কারণে তাঁরা হিন্দু-সভ্যতাকে বলেন থাটো, ঠিক সেই কারণেই হিন্দু-সভ্যতা সব চেয়ে উচু। তাঁরা বলেন প্রাচীন হিন্দু যে ধর্ম থেকে আইনকে তফাৎ করতে পারে নি. তা'তেই প্রমাণ এ বিষয়ে তাদের সভ্যতা আদিম অবস্থা ছাড়িয়ে বড় বেশীদূর এগুতে পারে নি; কারণ সভ্যতার প্রথম অবস্থায় ও-ছুই জিনিষ একসঙ্গেই মিশে থাকে, সভ্যতার উন্নতির সঙ্গে মামুষ ক্রমে তাদের পূথক করে' নেয়। আমরা বলি প্রাচীন হিন্দুরা যে ধর্ম থেকে আইনকে তফাৎ করে নি, তা'তেই প্রমাণ এ বিষয়ে তাঁরা সভ্যতার একেবারে শেষ সীমায় পৌছেছিলেন; কারণ সভ্যতার চরম অবস্থায় মামুষ আইনের ধারা মান্বে ধর্মবুদ্ধিতে, 'ল' যাবে 'মর্যালিটিতে' মিশে। এখন যদি প্রমাণ হয় যে, প্রাচীন হিন্দুরা ধর্ম ও আইন মোটেই মিশিয়ে ফেলে নি, ও-ছু'জিনিষকে খুবই তফাৎ করে'

শিক্ষা ও সভাতা

দেখেছে, এমন কি, এত তফাৎ করে' যে বিংশ শতাব্দীর ইংলণ্ডের আইনেও ধর্ম ও আইনের তফাৎ তত বেশী নয়,* তবে মৃদ্ধিল হয় এই যে, তা'তে কেবল পাশ্চাত্য পণ্ডিতের পাণ্ডিত্য আঘাত পায় না, নব্যহিন্দুর হিন্দুয়ানীতেও ঘা লাগে।

हिन्दूत आहेन त्य हिन्दूत धर्मा त्यत्क भूथक हिन ना, आत দস্তধাবন ও সত্যভাষণ তুই-ই যে তার ধর্ম—পাশ্চাত্য পণ্ডিত ও নব্যহিন্দুর এই বিশ্বাদের মূল একটি প্রত্যক্ষ প্রমাণ। সে প্রমাণ হচ্ছে, প্রাচীন হিন্দু একই শাস্ত্রে আইন, দন্তধাবন ও সত্যভাষণের ব্যবস্থা দিয়েছে; এবং সে শাস্ত্রের নাম ধর্মশাস্ত্র। হিন্দুর ধর্মশান্তে যা আছে তাই যে হিন্দুর ধর্ম, এতে আর কথা চলে না। এবং গর্ভাধান থেকে মৃত্যু পর্যান্ত মাত্রুষের এমন কোনও অবস্থা নেই, যার ব্যবস্থা ধর্মশাল্পে নেই। স্থতরাং হিন্দুর জীবনের প্রতি কাজ যে ধর্ম এতে আর সন্দেহ কি। তাই বঙ্কিম বাবু অনেক আগেই বলেছেন হিন্দুর 'ধর্মা' খুষ্টানের 'রিলিজান' নয়। হিন্দুর ধর্ম বড় ব্যাপক জিনিষ। এবং তিনি সিদ্ধান্ত করেছেন 'ধর্ম' মানে 'কালচার' অর্থাৎ হিন্দুধর্ম মানে 'হিন্দু কাল্চার'। কিন্তু 'ধর্ম' কথাটা 'রিলিজান'-এর প্রতিশব্দ নয়, 'কাল্চারের' প্রতিশব্দ, এই আভিধানিক তথ্য নিয়ে ত হিন্দু-সভ্যতার ভালমন্দ বিচারের কোনও তর্ক ওঠে না। তর্ক যে উঠেছে তার কারণ, এ কথার মধ্যে একটু ইঙ্গিত আছে;

^{*} জুলাই মাসের The Visva Bharati Quarterly পত্রিকায় The Spirit of Hindu Law প্রবন্ধে এ কথা প্রমাণ করতে চেষ্টা করেছি।

ধৰ্ম-শান্ত

এর অভিধা ছাড়িয়ে একটা ব্যঞ্জনা রয়েছে। হিন্দুর 'ধর্ম' 'রিলিজান' নয়, 'কাল্চার'; কিন্তু তার সমস্ত 'কাল্চার'টাই তার 'রিলিজান'। অর্থাৎ খুষ্টানের গির্জায় গিয়ে হাটুগাড়ার সঙ্গে যে মনোভাব রয়েছে, হিন্দুর শৌচাচারের সঙ্গে সেই মনোভাবেরই যোগ রয়েছে। হিন্দুর 'রিলিজাস্' ও 'সেকুলার'- এর মধ্যে ভেদ নেই, কারণ সমস্ত সাংসারিক কাজও তাকে কর্তে হবে 'রিলিজাস্' মনোভাব নিয়ে। হিন্দু-সভ্যতার যদি এই আদর্শ হয়, তবে সেটা ভাল কি মন্দ তা' নিশ্রম্বই তর্কের বিয়য়।

কিন্তু কথাটা একেবারেই মিথ্যা। প্রাচীন হিন্দু 'দেকুলার' ও 'রিলিজাস্', ঐহিক ও পারত্রিক—এর মধ্যে প্রভেদ করে নি, এ তথ্য সম্পূর্ণ অমূল, টীকাকারদের ভাষায় 'শশবিষাণের মত অলীক'। ও হুয়ের মধ্যে যে ভেদের গণ্ডী তাঁরা টেনেছেন তা গভীর, যে প্রাচীর তুলেছেন তা হুর্লজ্য। আমাদের নব্য-হিন্দুদের যদি তা চোথে না পড়ে, সে আমরা চোথ বুজে আছি বলে'। এবং চোথ চেয়ে দেখুলে হয় ত বা মনঃক্ষুয় হব।

ধর্মশাস্ত্রে 'ধর্মা' কথার অর্থ কি, এ আমাদের মাথা ঘামিয়ে বের কর্তে হবে না। ধর্মশাস্ত্রের প্রাচীন ভাষ্য ও টীকাকারেরা তা খোলাখুলিই বলে' গেছেন। তাঁরা বলেছেন, "ধর্ম শব্দঃ কর্ত্তব্যতাবচনঃ" (১), যা কর্ত্তব্য, 'ধর্মা' শব্দ তারি বাচক। "ধর্মা শব্দঃ কর্ত্তব্যাকর্ত্তব্যয়োবিধি প্রতিষেধয়োঃ……দৃষ্টপ্রয়োগঃ" (২),

⁽১) মেধাতিথি, ৭৷১ (২) মেধাতিথি, ১৷২

যা কর্ত্তব্য এবং যা অকর্ত্তব্য তার বিধি ও তার নিষেধ অর্থেই 'ধর্মা' শব্দের প্রয়োগ হয়। অর্থাৎ ধর্ম মানে কর্ত্তব্য। মান্তব্যের যত কিছু কর্ত্তব্য—পারিবারিক, সামাজিক, রাষ্ট্রিক, ব্যক্তিগত ও 'রিলিজাস্'—এ সকলের সাধারণ নাম 'ধর্মা'। এ সব বিভিন্ন কর্ত্তব্যের যে এক নাম, এবং এক শাস্ত্রে যে তাদের ব্যবস্থা, তার কারণ, ভিন্ন হ'লেও একই মান্তব্যের ব্যক্তিত্বের অন্বয় যোগ-স্ত্রে তারা একসঙ্গে বাঁধা আছে। এ সব কর্ত্তব্যই একই মান্তব্যের নানা সম্বন্ধ ও নানা সম্পর্কের কর্ত্তব্য। কিন্তু যেমন তাদের এক্য আছে, তেমনি ভেদও আছে। সব কর্ত্তব্যের মূল এক নয়, প্রমাণ এক নয়। সব কর্ত্তব্যর মধ্যে একরকমের কর্ত্তব্য মাত্র।

এই ভেদ সম্বন্ধে ধর্মশান্তকারদের 'থিওরি' সংক্ষেপে এই :—
মাহ্মের যা সব কর্ত্তব্য, তার ছটো ভাগ। একভাগ বেদমূল,
অক্সভাগ ভারমূল। যে কর্ত্তব্যের মূল বেদ, তা' অভ্য কোনও
প্রমাণে জানা যায় না। বেদের বাক্যই তা' জানার একমাত্র
উপায়। স্মৃতি বা সদাচার থেকে যে এ রকম কর্ত্তব্য জানা যায়,
তারও মূল বেদ; কারণ স্মৃতির বচন থেকে বা সাধুদের
আচার দেখে সেইরূপ বেদবাক্যের বা বিধির অহ্মান করা
যায়। কিন্তু মাহ্ম্যের যে-সব কর্ত্তব্য প্রত্যক্ষ বা অহ্মান প্রভৃতি
লৌকিক প্রমাণে জানা যায়, সে-সব কর্ত্তব্য বেদমূল নয়, ভায়মূল। সেখানে বেদের প্রসার নেই, কারণ তারা বেদের বিষয়

ধর্ম-শাস্ত্র

নয়। মন্ত্র ভাষ্যকার মেধাতিথি বল্ছেন;—"ধ**র্ম নামে** মান্ত্রের বে পুরুষার্থ অন্ত কোনও প্রমাণ থেকে জানা যায় না, তাদের জানিয়ে দেয় ব'লেই বেদের নাম বেদ। এই ধর্ম শ্রেমঃসাধন করে ব'লেই মান্থয়ের কর্ত্তব্য, কিন্তু কেমন করে' যে সে শ্রেয়:-শাধন করে, তা' প্রত্যক্ষ কি অন্মান কোনও লৌকিক প্রমাণেই জানা যায় না। আরও দব কাজ আছে যা শ্রেয়:সাধন করে ব'লে মান্তবের কর্ত্তব্য, থেমন কৃষি। কৃষি যে কেমন ক'রে মালুষের শ্রেমঃসাধন করে, তা' সাধারণ অন্বয়ব্যতিরেক প্রমাণেই (induction by agreement and difference) জানা যায়। এবং কেমন ক'রে ক্রঘিদাধন করলে যে ফদল পাওয়া যাবে, তা'ও প্রত্যক্ষ ও অনুমানেই জানা যায়। কিন্তু যাগয়জ্ঞ কেমন ক'রে সাধন করতে হবে, এবং তার সাধনফলে পরকালে কি ক'রে যজমানের স্থথ কি স্বর্গলাভ হবে, দে জ্ঞান প্রত্যক্ষ কি অনুমান কোনও লৌকিক জ্ঞানের প্রণালী দিয়েই পাওয়া যায় না। এ ধর্ম কেবল জানা যায় বেদের ব্রাহ্মণ অংশের বিধিবাক্য থেকে, এবং কচিৎ মন্ত্র অংশ থেকে (১)।"

এই 'থিওরি' অন্থলারে ধর্মশাস্ত্রকারের। বলেছেন, রাজধর্ম বা 'পলিটিক্স্' বেদমূল নম, স্থায়মূল (১)। আইন বা ব্যবহার-স্মৃতি, তা'ও বেদমূল নম—স্থায়মূল (২)। পশ্চিমের পণ্ডিতের। যদি অস্ত কথা বলেন, এবং আমরা যদি সেই কথাকে আমাদের প্রস্কুষ্বের শ্রেষ্ঠত্বের প্রমাণ ব'লে চালাই, তার দায়ী প্রাচীন, হিন্দু নয়।

প্রাচীন ধর্মশাস্ত্রকারদের এই 'থিওরিতে' অনেক নবীন হিন্দু খুব সম্ভব বেজার হবেন। কার্ণ এ 'থিওরিতে' হিন্দুধর্মের বৈজ্ঞানিক ব্যাখ্যা, এবং বিজ্ঞানের আধ্যাত্মিক ব্যাখ্যা, এ হয়েরই পথ বন্ধ। শাস্ত্রকারেরা বলেন, যা অলৌকিক তা' লৌকিক যুক্তি ও বিচার দিয়ে বুঝ্বার চেষ্টা পগুশ্রম; আর যা লৌকিক, তা' লৌকিক যুক্তি বিচারেই বুঝ্তে হবে, তার মধ্যে অলৌকিককে টেনে আনা মূর্থতা। কিন্তু হিন্দুধর্মের বৈজ্ঞানিক ব্যাখ্যা হ'ল অলৌকিককে লৌকিক দিয়ে বোঝাবার চেষ্টা; আর বিজ্ঞানের আধ্যাত্মিক ব্যাখা হ'ল লৌকিকের মধ্যে অলৌকিককে এনে ফেলা। হিন্দুধর্মের কোনও অংশের যদি বৈজ্ঞানিক ব্যাখ্যা থাকে, তবে ধর্মশাস্ত্রকারদের 'থিওরি' মতে সে অংশটা বেদমূল ধর্ম অর্থাৎ 'রিলিজান' নয়, তাায়মূল

⁽১) প্রমাণান্তরমূলা ছত্ত ধর্মা উচাত্তে। ন সর্কে বেদমূলাঃ। (মেধাতিথি— মনুভাষ্য, ৭।১)

⁽২) অক্সক্রাপি ব্যবহারম্বত্যাদে যক্ত ফ্রান্থনতা তক্ত যথাবদরং দর্শিদ্ধি-ষ্যাম: । (মেধাতিথি, ২।৬)

ধৰ্ম্ম-শাস্ত

লৌকিক কর্ত্তব্য মাত্র। তার ভালমন্দ যুক্তি দিয়ে বিচার কর্তে হবে, কারণ শাস্ত্রবাক্যের সেথানে প্রসার নেই। অর্থাৎ প্রত্যুষে ফুলতোলা ও একাদশীতে উপবাস যদি স্বাস্থ্যের জন্ম হয়, তবে তার ব্যবস্থা নিতে হবে ভট্চাযের কাছে নয়, কবিরাজের কাছে। এবং এতে যার স্বাস্থ্য ভাল না থাকে, তার পক্ষে এ সব কর্ত্তব্য নয়; এ নিয়ে শাস্ত্রের বচন তুলে ধর্মের দোহাই দেওয়া র্থা। আর যাগযজ্ঞে মাস্ক্রের মঙ্গল হয়, শাস্ত্রের বচনে যদি এতে বিশ্বাস জন্মে—ভাল কথা। যদি না হয় ত ফুরিয়ে গেল। লৌকিক যুক্তি তর্ক দিয়ে তা' আর প্রমাণ করা যাবে না।

যে মনোভাবের বশে ধর্মশাস্ত্রকারের। অলৌকিককে লৌকিক থেকে একেবারে পৃথক ক'রে দেখেছিলেন, সে 'র্যাশ্সালিজ্ম' বা যুক্তিতন্ত্রতা প্রাচীন আর্য্যমনোভাবের একটা প্রধান লক্ষণ। যা চোথ মেল্লে স্পষ্ট দেখা যায়, চোথ অর্দ্ধেক বুজে তাকে ঝাপ্সা ক'রে দেখা তাঁদের স্বভাববিক্ষম ছিল। যেটা যুক্তি ও বিচারের ক্ষেত্র, তাকে আধ্যাত্মিকতার মোহ, কি ক্ষমাবেগের কুয়াশার মধ্য দিয়ে তাঁরা দেখতে রাজি ছিলেন না; বুদ্ধির উজ্জ্বল স্থ্যালোক সেখানে ছিল তাঁদের একমাত্র কাম্য। ধর্মশাস্ত্রকার ও তার টীকাকারদের লেখার প্রতি পাতায় এই 'র্যাশ্সালিজ্ম্'-এর পরিচয় রয়েছে। যা বিচার ও যুক্তির ব্যাপার, সেখানে যুক্তি ও বিচার যেখানে নিয়ে যাবে সেখানে পৌছত্রে তাঁদের বিন্দুমাত্র ভয় কি দ্বিধা ছিল না। বিচার-বিতর্ক আমরাও কিছু কম করিনে। কিন্তু তর্কে হেরে কে কবে

নিজের ধর্ম ছেড়ে প্রতিবাদীর ধর্ম নিয়েছি, নিজের মতকে প্রকাশে মিথাা স্বীকার ক'রে প্রতিঘদীর শিশু হয়েছি ? বরং এ কাজ যে করে, তাকে বলি কাণ্ডজ্ঞানহীন। কিন্তু প্রাচীন হিন্দুর পণ্ডিতসমাজে এ ঘটনা যে নিত্য ঘট্ত, জনশ্রুতি তার সাক্ষী দিচ্ছে। প্রাচীন আর্যোরা য্ক্তিকে কেবল মুথে নয়, জীবনে স্বীকার কর্তেন।

কিন্তু যুক্তিতন্ত্রতা ধর্মশান্ত্রের প্রধান কথা নয়। আর্য্য-মন যুক্তি-তন্ত্রী বলে' ধর্মশান্ত্রেও তার ছাপ লেগেছে। ধর্মশান্ত্র হচ্ছে গঠন ও শাসনের শাস্ত্র। এথানে যে মনোভাবের মুখ্য প্রিচয়, সে হচ্ছে শিল্পী ও শাসকের, organiser ও administratorএর মনোভাব। ধর্মশাস্ত্রকারদের চোথের সামনে ব্যক্তি ও সমাজের একটি স্পষ্ট ও পূর্ণ আদর্শমূর্ত্তি ছিল। তাঁহাদের বিধি-ব্যবস্থার লক্ষ্য হচ্ছে ব্যক্তি ও সমাজকে ঠিক সেই আদর্শের মত মূর্ত্তি দিয়ে গড়ে' তোলা। এবং এ কাজে তাঁদের সাহসের অন্ত ছিল না। সামুষের জীবনকে তাঁরা মনে করতেন শিল্পীর মূর্জিগড়ার উপাদান। সহস্র বিধিনিষেধের অস্ত্রে কেটে যে একে মনের আদর্শমৃত্তির দক্ষে সুক্ষামুসুক্ষভাবে মিলিয়ে দেওয়া যায়, তা'তে তাঁদের সন্দেহ ছিল না। এবং ব্যক্তি ও সমাজের জীবনের কোনও অংশ অনিয়ন্ত্রিত অর্থাৎ অগঠিত থাক্বে, তাঁদের মন ছিল এ মনোভাবের বিরুদ্ধ। এ বিষয়ে প্রাচীন আর্য্য-মন ছিল যাকে এথন আমরা বলি 'বুরোক্র্যাটিক' মন। ধর্মশাস্ত্রকারদের চেষ্টার ফলে প্রাচীন হিন্দুসভ্যতার হিত

ধৰ্ম-শাস্ত্ৰ

হয়েছে বেশী, না অহিত হয়েছে বেশী, এ অবশ্য তর্কের কথা। মান্থষের জীবনকে কতটা হাতে গড়ে' তোলা যায়, আর প্রাণবস্ত ব'লে কতটা ছাড়া রাখ্লে তবে সে নিজে গড়ে' ওঠে—এ বিচারের হয়ত কোনও চরম মীমাংদা নেই। বাঁধনের বাধায়. ক্লিষ্ট হ'য়ে একবার সে চাবে মুক্তি, আবার ছন্দহীন মুক্তিতে হাপিয়ে উঠে থুঁজ্বে নৃতন বন্ধন। সে যাহোক, জীবনের প্রাণপন্থা ও শিল্পপন্থার বিচারে প্রাচীন আর্য্যেরা ছিলেন শিল্প-পন্থী। যারা দাধারণ মাতুষের মধ্যে অদাধারণ, তারা যে বিধিনিষেধের এত শাসন মানবে না, ধর্মশাস্ত্রকারদের তা' অজ্ঞাত ছিল না। প্রাচীন আচার্য্য গৌতম বলেছেন, "দৃষ্টো ধর্ম-ব্যতিক্রমঃ সাহসঞ্চ মহতাম", যাঁরা মহৎ তাঁদের সাহস আছে, তাঁরা ধর্মবিধিকে অতিক্রম ক'রে থাকেন। কিন্তু বুদ্ধি ও মনে যারা মধ্যবিৎ, বিধিনিষেধ অতিক্রম ক'রে চলার অধিকার তাদের দিতে ধর্মশাস্ত্রকারদের সাহস ছিল না। প্রাচীন হিন্দুর। व्याक्तरावत अधिन वन्नात ভाষाक (वैधिहानन। अधिरानत বাক্য এ জটিলতাকে মান্বে না, মহাকবিরা যে এ বন্ধন ছাড়িয়ে যাবেন, তা তাঁরা জান্তেন। কিন্তু যারা ঋষিও নয়, কবিও নয় তাদের স্বেচ্ছাচারকে তাঁরা অত্যাচার ব'লেই মনে করতেন।

কার্ত্তিক, ১৩৩২



চাষী

আমরা যাকে সভ্যতা বলি, তার ভিত থোঁড়া হয়েছে লাওলের ফলায়। মান্ত্র যে আদিতে অসভ্য যায়াবর ছিল, তার কারণ স্থিতিশীল সভা হ'য়ে তার প্রাণে বাঁচ্বার উপায় ছিল না। অন্নের পশু ও পালিত পশুর অন্নের সন্ধানে তাকে বিস্তীর্ণ ভূথও পরিক্রম করতে হ'ত। পরিচিত ভূভাগ স্বল্পপ্ত ও তৃণবিরল হ'য়ে উঠলে, অজ্ঞাত দেশের দিকে পা বাড়াতে বিন্দুমাত্র দ্বিধা চলত না। কৃষির রহস্ত আয়ত্ত ক'রে তবেই মাহ্ন্য এ ভবঘুরে অস্থিরতার হাত থেকে মুক্তি পেয়েছে। চাষের ক্ষেতকে কেন্দ্র ক'রে তারই চারপাশে গ্রাম, নগর, স্বদেশ, স্বরাজ্য গড়ে' উঠেছে। এই দব স্থায়ী আবাদে চাষের অল্লের ক্লপায় মান্তবের মন, শরীরের একান্ত দাসত্ব থেকে নিচ্চতি পেয়ে, শিল্প ও সৌন্দর্যা, ভাব ও জ্ঞানের বিচিত্র স্ষ্টিতে রত হয়েছে। তার কর্মকুশলতা অজস্রধারায় সহস্র পথ কেটে চলেছে। এই সভ্যতার জন্মের সন তারিথ ঠিক জানা নেই। কিন্তু মান্ত্র্য যেদিন চাষের ক্ষেতের কার্থানায় ছাবা-পৃথিবী (थरक अन्न हुँ हैर द तन तात मजी करत र ष्टि को मन जा विकात করেছে সেই দিনই এর জন্মদিন।

মাটির চাষ সভ্যতাকে বহন ক'রে এনেছে, কিন্তু সে সভ্যতা চাষীকে বহন কর্তে পারে নি। চাষী চিরদিনই সভ্যতার ভারবাহী মাত্র হ'য়ে আছে। সে হচ্ছে সভ্যতার মূল। মাটির নীচে থেকে রস টেনে সে সভ্যতার ফুল ফোটাবে, ফল ধরাবে,— কিন্তু তার বর্ণ, গন্ধ, স্থাদ সে কথনও জান্বে না।

এর কারণ সভাতার জন্মকথার সঙ্গেই জড়ান রয়েছে। মামুষের যাযাবর জীবন ছিল সাম্য ও স্বাধীনতার স্বর্গরাজ্য। জমিয়ে জমিয়ে অবাধে বাডিয়ে তোলা যায়—ধনের এমন আকার ছিল না ব'লে. ধনী ও নির্ধনের উৎকট প্রভেদ তথন সম্ভব ছিল না। সমাজের এক ভাগ অন্ত সকলের পরিপ্রমের ফলের মোটা অংশ ভোগ করবে, এ ব্যবস্থার উপায় ও অবসর অতি সামান্ত ছিল, এ জন্ম সমাজের মধ্যে দাস-প্রভু সম্বন্ধ গড়ে' উঠতে পারে নি। বহিঃপ্রকৃতির দাস্ত্র সকলকেই এমন নিরবচ্ছিল কর্তে হ'ত যে, সে দাসের দলের এক ভাগের আর প্রভূ হ'য়ে ওঠার স্থযোগ ছিল না। চাষের জ্ঞানের ফলে মানুষ সে-স্বর্গরাজ্য থেকে চ্যুত হয়েছে। মাটি যেদিন ধন হয়েছে, ও-স্বর্গরাজ্যও সেইদিন মাটি হয়েছে। চাষের ফসলকে জীবনোপায় করার সঙ্গে সেই কৌশল মাত্মধের করায়ত্ত হয়েছে, যাতে একজন বছজনকে অনাহারের ভয় দেখিয়ে বাধ্য ক'রে খাটিয়ে নিতে পারে। আর তার ফল ক্রমে জমা ক'রে সেক্ষমতাকে ক্রমে বাড়িয়ে চলতে পারে। যারা বলী ও কৌশলী, এ চেষ্টায় তালের প্রলোভনও ছিল প্রচুর। যাযাবর জীবনে যারা অভ্যন্ত, চাষের পরিশ্রম তাদের কাছে বিস্থাদ ও অতিমাত্রায় ক্লেশকর। কুধার তাড়নায় গুরু শ্রম, আর তার শাস্তিতে অথণ্ড আল্স,—এই

শিক্ষা ও সভাতা

ছিল যাযাবর জীবনযাত্তার সাধারণ ধারা। এর তুলনায় চাষীর শ্রম কঠোরতায় লঘু, কিন্তু সে শ্রম প্রতিদিনের নিয়মিত পরিশ্রম,—অনভ্যন্তের কাছে যা সব চেয়ে পীড়াকর। সে পরিশ্রম কর্তে হয় বর্ত্তমানের ক্ষ্ধার তাড়নায় নয়, ভবিয়তের অনাহারের আশঙ্কায়। কারণ সে পরিশ্রমে বর্ত্তমানের ক্ষ্ধানির্ত্তির কোনও সম্ভাবনা নেই। কিছুই আশ্চর্য্য নয় য়ে, এই চিরফলপ্রস্থ, নিয়ত পরিশ্রমের গুরুভার বলবান ও বুদ্ধিমান লোকেরা চিরদিনই তুর্বল ও হীনবৃদ্ধিদের কাঁথেই চাপিয়ে এসেছে।

সভ্যতার ইতিহাসের প্রতি অধ্যায়ে এর উদাহরণ ছড়ান রয়েছে। সভ্য গ্রীসের রাজ্যগুলিতে চাষী ছিল ক্রীতদাস; আর এ ব্যবস্থা ভিন্ন সভ্যতা কি ক'রে টি কৈ থাক্তে পারে, গ্রীক পণ্ডিতেরা তা' ভেবে পান নি। রোমান্ সভ্যতা সাম্রাজ্যের পথে পা দিতেই হাতের লাঙল তুলে দিয়েছিল দাসদের হাতে। ইউরোপের মধ্যযুগে ও ক্ষিয়াতে সেদিন পর্যন্ত চাষী ছিল নামে ও কাজে দাসেরই রূপান্তর। হিন্দুর শাস্ত্রে চাষের কাজ বৈশ্রের, অর্থাৎ আর্য্যের—যার বেদে অর্থাৎ বিদ্যায় অধিকার আছে। শাস্ত্রের কথা শাস্ত্রের পুঁথিতেই লেখা আছে, কিন্তু স্কদ্র অতীত থেকে চাষের লাঙল ঠেল্ছে শৃদ্রে, যে শৃদ্রকে "দাস্থারৈব হি স্বস্টোহসৌ ব্রাহ্মণশ্র স্বয়ংভুবা"—স্বয়ভু স্প্রকর্ত্তা দাসত্বের জগ্যই স্প্রীকর্ত্তা দাসত্বের জগ্যই স্প্রীকর্ত্তা দাসত্বের জগ্যই স্প্রীকর্ত্তা দাসত্বের জগ্যই স্প্রীকর্তা দাসত্বের জগ্যই স্প্রীকর্তা দাসত্বের জগ্যই স্প্রীকর্তা দাসত্বের জগ্যই স্প্রীকর্তা দাসত্বের জগ্যই স্পন্তীকর্তা চাষার বিদ্যামির ভিন্ন স্থাছ করেছেন।

মোট কথা, ধনতন্ত্রের থেমন ত্ই দিক—ধনস্ষ্টি ও ধনবিভাগ;

সভ্যতারও তেমনি তুই দিক—সৃষ্টি ও বিভাগ। শরীর ও মনের যা পুষ্টি ও সম্পদ, তার সৃষ্টির কাজে নানা সভ্যতার মধ্যে বড় ছোট, ভালমন্দ ভেদ আছে; কিন্তু বিভাগের কাজে সব সভ্যতার এক চাল। সভ্যতার সৃষ্টির বড় ও শ্রেষ্ঠ অংশ ভাগ হয় অল্প ক'জনার মধ্যে, যা অবশিষ্ট তাই থাকে বাকী সকলের জন্মে,—যদিও শ্রমের ভাগটা তাদেরই বেশী।

যে সভ্যতা নিজেকে আধুনিক ব'লে গৰ্ক করে, তার শ্রেষ্ঠত্বের প্রধান দাবী এই যে, বিভাগের এই উৎকট বৈষম্য দে ক্রমে কমিয়ে আন্ছে। জ্ঞান ও রদের স্ষ্টিকে অল্প ক'জনার জত্যে তুলে না রেখে', যার শক্তি আছে তারই আয়তের মধ্যে এনে দেবার সে নানা পথ কেটে দিচ্ছে। শরীরের জন্ম যে বস্তুসন্তার, তাকে ভাগ্যবান ও বুদ্ধিমান এবং স্বল্পভাগ্য ও দাধারণবুদ্ধি লোকের মধ্যে কেবল প্রয়োজনের মাপে বেঁটে দেওয়া সম্ভব না হ'লেও, স্থুখ ও স্বাচ্ছন্দ্যের জন্ম যা প্রয়োজন তা' থেকে যাতে কেউ না বঞ্চিত হয়,—সেদিকে তার চেষ্টার বিরাম নেই; এবং সাধারণ স্থখস্বাচ্ছন্যের আদর্শকেও সে ক্রমে উঁচু দিকেই টেনে তুল্ছে। পূর্বেষ যা'ধনীর বিলাস ছিল, তাকে সে অল্পবিত্তের নিত্য ব্যবহার্য্য করেছে। তার জন্মে ধনীর বাদনের আয়োজন ও পরিমাণ কমাতে হয় নি. তা' বরং বেডেই চলেছে। তবুও যে এ কাজ সম্ভব হয়েছে, সে হচ্ছে বস্তুস্ষ্টির যে অভিনব কৌশল সে আবিষ্কার করেছে, তারই প্রয়োগে। এই কৌশলের বলে স্বল্পরিসর স্থানের মধ্যে, অল্প লোকে,

শিক্ষা ও সভাতা

অতি দামান্ত দময়ে প্রয়োজন ও বিলাদের যে বৃহৎ দামগ্রীসম্ভার উৎপন্ন কর্তে পারে, ইতিপূর্ব্বে দমস্ত দেশব্যাপী লোকের বহুদিনের চেষ্টাতেও তা' দম্ভব ছিল না। এই কৌশলের নাম 'ইন্ডাষ্ট্রিয়ালিজ্ম্'।

আধুনিক 'ইন্ডাঞ্জিয়াল' সভ্যতার এই দাবী, তার জন্ম ও লীলাভূমি পশ্চিম ইউরোপে দৃষ্টি নিবদ্ধ রাথ্লে সভ্য ব'লেই স্বীকার কর্তে হবে। সেথানে সমাজের বিভিন্ন স্তরের মধ্যে এখনও যতই পার্থক্য থাকুক, ধনিকের তুলনায় শ্রমিকের প্রয়োজন ও বিলাদের উপকরণের যোগান যতই নগণ্য হোক, এ কথা অস্বীকার করা চলে না যে, পূর্ব্ব পূর্ব্ব যুগের তুলনায় 'ইন্ডাষ্ট্রীয়্যাল' যুগের 'সভ্যতার ভারবাহীরা অনেক বেশী পরিমাণে সে-সভ্যতার ফলভোগী হয়েছে। এ সভ্যতার যারা মাথায় রয়েছে, এ যে তাদের উদারতায় ঘটেছে তা' নয়। যারা ধনে ও বুদ্ধিতে প্রবল, তারা নিজেদের লাভের লোভেই 'ইন্ডাষ্টিয়্যালিজ্ম্'-এর গোড়াপত্তন করেছে। কিন্তু তার ফলে যে সমাজব্যবস্থা পড়ে' উঠেছে তাতে ভারবাহীদের দল বাঁধ্বার স্থযোগ ঘটেছে, এবং দলের চাপেই তারা ও-ফল আদায় করেছে। কিন্তু ঐ প্রতিষ্ঠানের মধ্যে এর সন্তাবনা ছিল ব'লেই এটা সম্ভব হয়েছে। নৃতন স্ষ্টিকৌশলে যোগানের পরিমাণ যদি না বেড়ে যেত, তবে ধনিকের ভাগুার খালি না করে' শ্রমিকের থলি ভরান কিছুতেই চল্ত না।

কিন্ত 'ইন্ডাষ্ট্রিয়াল' দেশগুলিতে দৃষ্টি আবদ্ধ না রেখে গোটা

চাষী

পৃথিবীর দিকে তাকালেই বোঝা যায় যে, চাষীকে নিয়ে প্রাক্'ইন্ডাষ্টিয়াল' সভ্যতার যা সমস্তা, 'ইন্ডাষ্টিয়ালিজ্ম' তার কোনই
সমাধান কর্তে পারে নি; সমস্তাটিকে এক পা দূরে হটিয়ে
রেখেছে মাত্র। পূর্ব যুগের সভ্যতা যে গোঁজামিল দিয়ে এর
মীমাংদার চেষ্টা কর্ত, 'ইন্ডাষ্টিয়াল'-সভ্যতা থুব ব্যাপকভাবে
সেই গোঁজামিলই চালাতে চাচ্ছে।

সভ্যতার নিত্য সমস্থা হচ্ছে, জীবনের পুষ্টি ও আনন্দের যা উপকরণ আবিষ্কার হয়েছে, কি ক'রে তা' যথেষ্ট উৎপন্ন ক'রে সমাজের মধ্যে এমন ক'রে বেঁটে দেওয়া যায়, যাতে প্রয়োজনের পরিমাণ থেকে কেউ বাদ না পড়ে, অথচ উৎপাদনের কাজে বৃদ্ধি ও পরিশ্রম নিয়োগের আকর্ষণেরও অভাব না হয়; আর প্রকৃতি যাদের নৃত্য সৃষ্টির ক্ষমতা দিয়ে জন্ম দিয়েছে, তাদের দেই শক্তিপ্রয়োগের শিক্ষা, স্থযোগ ও অবসরের কি ক'রে ব্যবস্থা করা যায়। এর একটির উপর নির্ভর করে সভ্যতার স্থিতি, অক্টার উপর তার বৃদ্ধি। এ পর্যান্ত কোনও সভ্যতা এ সমস্ভার সমাধান করতে পারে নি। সভ্যতাকে বাঁচিয়ে রাধার জন্ত যে গুরুতর শারীরিক পরিশ্রমের প্রয়োজন, সব সভ্যতা তার বোঝা চাপিয়েছে সমাজের একটা অংশের উপর, যাতে বাকী অংশটা ঐ পরিশ্রম থেকে মুক্ত হ'মে সভ্যতার ভোগ ও বৃদ্ধির মথেষ্ট উপকরণ ও অবসর পায়। সব সভ্যতার অন্তরেই এই ভয় যে, ঐ পরিশ্রমের ভার সমাজের এক অংশের মাথা থেকে লাঘবের জন্ম সকলের উপর ভাগ ক'রে দিলে,

সভ্যতা সমাজের সকলের পক্ষেই বোঝা হ'য়ে উঠ্বে। ওর ভোগের উপাদান কারও ভাগ্যে জুট্বে না, ওর বৃদ্ধির স্থযোগ ও অবসর কারও ঘট্বে না। কাজেই সভ্যতার স্থিতি ও বৃদ্ধির জন্ম বলে হোক, ছেলে হোক, সমাজের একদল লোককে তার ভারবাহী কর্তেই হবে, এবং খ্ব. সম্ভব সে-দল লোক হবে সংখ্যায় সব চেয়ে বড় দল।

'ইন্ডাষ্ট্রিয়াল'-যুগের পূর্ব পর্যান্ত প্রত্যেক সভ্যসমাজে সভ্যতার এই ভারবাহীর দল ছিল চাষী। কারণ ক্বষিই ছিল প্রতি সমাজের জীবিকার মূল উৎস। 'ইন্ডাষ্ট্রিয়ালিজ্ম্' হঠাৎ আবিষ্কার কর্ল যে, ক্লষিকে বাদ দিয়ে এক নৃতন ধরণের কারুশিল্পে সমাজের বৃদ্ধি ও পরিশ্রম নিয়োগ কর্লে তার ফল ফলে বেশী। ক্বষি জীবিকার যে উপকরণ উৎপন্ন করে, সমান পরিশ্রমে এতে তার অনেক গুণ বেশী পাওয়া যায়। পশ্চিম ইউরোপে এই ব্যবস্থা স্থপ্রতিষ্ঠিত হ'লে দেখা গেল যে, এই সমাজব্যবস্থায় সভ্যতার ভারবাহীদেরও অনেক পরিমাণে তার ফলভোগী করা কৃষিসভাতার তুলনায় সহজ্বপাধ্য। কারণ এতে যে অল্প সময়ের পরিশ্রমে অনেক বেশী ফল লাভ হয় কেবল তাই নয়, এ ব্যবস্থায় কৃষির জন্ম দেশের অধিকাংশ লোককে দেশময় বিচ্ছিন্ন হ'য়ে ছড়িয়ে থাক্তে হয় না, স্থানে স্থানে অল্প জায়গার মধ্যে তোদের সজ্মবদ্ধ হ'তে হয়। অর্থাৎ দেশের অধিকাংশ লোক গ্রামবাদী না থেকে নগরবাদী হয়; এবং গ্রাম্য হ'ল সভ্যতার বোঝাবাহী বর্কার, আর নাগরিক তার ফলভোগী

চাষী

বিদগ্ধজন। সহরের দলবদ্ধ লোকের শিক্ষা, দীক্ষা, স্বাস্থ্য ও মঙ্গলের জন্ম যা' সহজ্বসাধ্য, সারা দেশে ছড়ান চাষীর জন্ম সে ব্যবস্থা অতি হঃসাধ্য।

'ইন্ডাষ্ট্রিয়্যালিজ্ম্'এর এই পরিণতিতে ইউরোপের অনেক সমাজহিতিকী ভাবৃক স্বভাবতই উৎফুল হয়েছেন। তাঁরা বল্ছেন এখন যদি ধনীর লাভের লোভ ও বিলাসের দাবী কমান যায়, এবং কাউকেও অলস থেকে পরের পরিশ্রমের ফলভোগ কর্তে না দিয়ে পরিশ্রমের ভার সকলের মধ্যে ভাগ করা যায়, তবে প্রত্যেক লোকের প্রতিদিন অল্প সময়ের পরিশ্রমেই সমাজের সকলের প্রয়োজন ও অল্পস্ল বিলাসের উপয়োগী ধন উৎপন্ন হ'তে পারে। আর সভ্যতার যা' শ্রেষ্ঠ ফল, স্ষ্টে-কৌশলীদের তার স্থাইর এবং অন্য সকলের তার রসগ্রহণের শিক্ষা, স্থাযোগ ও অবসরের ব্যবস্থা হয়। সভ্যতার ভারবাহী হতভাগ্যের দল সমাজ থেকে লোপ পায়।

বিনা আগুনে এই অরপাক কি ক'রে সম্ভব হবে ? উত্তর অতি সহজ,—পরের আগুনের উপর পাকপাত্র চাপিয়ে।
ইন্ডাষ্টিয়্যাল-সমাজ চায় রুষির পরিশ্রম ও তার আত্মধিদক
সমাজব্যবন্থার অন্থবিধা থেকে নিজেকে মৃক্ত করতে। অথচ
ইন্ডাষ্টিয়্যালিজ্মের আদি ও অন্ত চাষীর পরিশ্রমের উপর নির্ভর
কর্ছে। তার শিল্পের উপাদানও যোগাবে কৃষি, বিনিময়ও
যোগাবে কৃষি। স্থতরাং 'ইন্ডাষ্টায়্যাল' সমাজ থেকে কৃষির
পরিশ্রম দূর করার অর্থ—অন্ত সমাজের উপর সেই পরিশ্রম

দিগুণ ক'রে চাপান, প্রতি সমাজে চাষীর যে সমস্থা ছিল, কতকগুলি সমাজ থেকে তা' সরিয়ে অন্থা কতকগুলি সমাজের ঘাড়ে তুলে দেওয়া; পৃথিবীর প্রতি সভ্যদেশের একদল লোককে তার সভ্যতার ভারবাহী না ক'রে, কতকগুলি সভ্যদেশের সভ্যতার ভার অন্থা কতকগুলি দেশকে দিয়ে বহন করান'; যে ছল ও বল প্রত্যেক সভ্যসমাজের এক ভাগ লোক অন্থা ভাগের উপর প্রয়োগ কর্ত, সেই ছল ও বল আত্মীয়তার বাধা নিরপেক্ষ হ'য়ে মহুয়ুসমাজের একভাগের উপর প্রয়োগ করা।

যাযাবর মান্থবের সঙ্গে স্থিতিশীল ক্ববিসভ্যতার সংঘর্ষের কাহিনী মান্থবের সভ্যতার ইতিহাসে একটা বড় অধ্যায় জুড়ে' রয়েছে। এই সংঘর্ষেই রোমান্ সভ্যতা ধ্বংস হয়েছে, গুপ্ত সাম্রাজ্য ভেঙে পড়েছে, বোগদাদের মুসলিম সভ্যতার বিলোপ ঘটেছে। 'ইন্ডাঞ্কিয়ালিজ্ম' সেই সংঘর্ষেরই আর এক মূর্তি। চাবের পরিশ্রম অস্বীকার ক'রে এও চাবীর পরিশ্রমের ফল লুটুতে চায়। যে ধন ও ধনী একে চালনা কর্ছে, তারাও মুখ্যত যাযাবর। এক দেশ থেকে অন্ত দেশে, পৃথিবীর এক ভাগ থেকে অন্ত ভাগে প্রয়োজনমত চ'লে বেড়াতে তাদের কিছুতেই বাধা নেই। এবং এর হাতে বিনিময়ের বাটখাড়া থাক্লেও, জন্ম হাতে যাযাবরের শাণিত অন্ত বাহাল রয়েছে।

সভ্যতার যা' সমস্থা, 'ইন্ডাষ্টিয়্যালিজ্ম্' তার মীমাংসা নয়; কারণ ও-ব্যবস্থা মান্ত্রের সমাজকে এক ক'রে দেখে না এবং দেখতে পারে না। মান্ত্রের এক অংশকে ভারবাহীতে পরিণত

চাষী

না ক'রে, সভ্যতাকে কেমন ক'রে বাঁচান ও বাড়ান যায়, সমস্ত মানবসমাজের পক্ষ থেকে 'ইন্ডাষ্ট্রিয়ালিজ্মের' এর কোনও উত্তর নেই। মান্থ্যের সভ্যতার চরম সমস্তা হচ্ছে চাষী। যেদিন চাষীকে সভ্যতার ভারবাহীমাত্র না রেথে' ফলভোগী করা সম্ভব হবে, কেবল সেইদিন সভ্যতার সমস্তার যথার্থ মীমাংসা হবে। যদি তা' সম্ভব না হয়, তবে প্রমাণ হবে গ্রীকপাণ্ডিত্যের কথাই সত্য,—দাসের শ্রম ভিন্ন সভ্যতার চাকা অচল।

ফাস্ত্রন, ১৩৩২

ভারতবর্ষ

হালের ভারতবর্ষ নিয়ে আমাদের ইংরেজ সরকারের যে মৃক্ষিল হয়েছে তার বিশগুণ বিপদে পড়েছি আমরা ভারতবাসীরা প্রাচীন ভারতবর্ষকে নিয়ে।

বর্ত্তমান যাহোক অনেকটা চোথের সাম্নে রয়েছে। ওর ভিতরে কি আছে না আছে আশক্ষা হ'লে সঙ্গীন দিয়ে খুচিয়ে দেখা যায়; ওর ধড় ফড়ানি লাঠি পিটে ঠাণ্ডা করা চলে; ওর মুথরতার মুথ বন্ধের জন্ম মোয়া লাড্ডু, রাহা থরচ আছে। কিন্তু অতীতকে নিয়ে কি করা যায়। ওকে না যায় চোখে দেখা, না চলে চেপে ধরা। অথচ অবস্থার গতিকে এমনি দাঁড়িয়েছে যে, আজকার দিনে ভারতবর্ষের অতীত ছাড়া অক্স দিকে চোথ ফিরাতে গেলেই গালে চড় পড়ে; ওর বোঝার চাপে পিঠ বাঁকা হওয়ার নামই মুক্তি নয় এ বলার যো'টী নেই। কারণ আমরা দশে মিলে ভোটে প্রায় ঠিক ক'রে ফেলেছি যে ভারতবর্ষের অতীতই তার বর্ত্তমানের পথের আলো; ও-আলো আমাদের পেছন থেকে সামনে ছায়া না ফেলে কেবল আলোই ছড়াচ্ছে। আর এতেও আমাদের সন্দেহ নেই যে এ অতীতকে পিঠে সোয়ার কর্ত্তে পার্লেই সে আমাদের সোজা গম্য অর্থাৎ কাম্য স্থানে পৌছে দেবে। জাতি য়খন তার বর্ত্তমানের হীনতা থেকে মাথা তুলে দাঁড়াতে চায়,

ভারতবর্ষ

পঙ্গুতা পরিহার ক'রে এগিয়ে চলার বল সংগ্রহ করে, তখন নিজের অতীত থেকে শক্তি লাভের চেষ্টা কিছু নৃতন নয়। সামনে এগিয়ে চলাকে পিছনে ফিরে যাওয়া ব'লে কল্পনার মধ্যেও নৃতনত্ব কিছু নেই। এ সব ঘটনা মাহুষের ইতিহাসে নানা জাতির মধ্যে বার বার ঘটেছে। এর কারণ কোনও সভ্যতার গতিই একটানা নয়। দৌড়ে বদে জেগে ঘুমিয়ে, উঠে পড়ে এমনি ক'রেই সভ্যতা চল্ছে ও চল্বে। সেই জন্ম কোনও আপাত-স্থবীর জাতির মধ্যে যখন নব-জীবনের স্পন্দন আদে এক অর্থে সেট। তার পুনর্জন্ম। তার অতীতের যে সব অংশে প্রাণের প্রাচুর্য্য ছিল তার সঙ্গে এর যোগ রয়েছে। নব জাগ্রত জাতির চোথের সম্মুথে প্রাণে ভরপুর ভবিষ্যতের যে ছবি থাকে প্রাণহীন বর্ত্তমানের চেয়ে প্রাণবস্ত অতীতের সঙ্গে তার মিল ঢের বেশী। এই জন্ম ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়াকে মনে হয় অতীতের দিকে ফিরে চলা। কিন্তু মুখে যাই বলুক, জাতির অন্তরাত্মা যা' চায় তা' অতীতকে মক্স করতে নয়, নিজের প্রাণে অতীতের প্রাণের সেই স্পর্শ পেতে' যার বেগে অতীত তার বর্ত্তমানকে ছাড়িয়ে সমুথের দিকে এগিয়ে চলেছিল। আজ্কে আমরা ভারতবর্ষের বর্ত্তমান সমস্তা পূরণে যে তার অতীতকে ডাক দিচ্ছি, তারও নিশ্চয় এই অর্থ। আমরা ভারতবর্ষের অতীত ইতিহাসের সেই সব যুগের সঙ্গে মনের যোগ ঘটাতে চাচ্ছি যার প্রাণের বেগ ও গতি আমাদের বর্ত্তমান চেষ্টা ও ভবিশ্বৎ আদর্শের অহুকূল ও অহুরূপ। না হ'লে কোন

জাতিরই সমস্ত অতীতটা তার গৌরবের নয়; ভারতবর্ষেরও নয়। স্থতরাং এ প্রশ্নটা উঠে পড়ে, আমাদের এই বাঞ্ছিত অতীত ভারতবর্ষের বিচিত্র ও দীর্ঘ ইতিহাসের কোন্ অতীত ? ভারতবর্ষের প্রাণ মনের বিকাশের কোন্ ছবিটা বর্ত্তমানে আমাদের চোথের সামনে রাখা সব চেয়ে দরকারী। সকলেই জানে এর এক কথায় উত্তর 'আধ্যাত্মিকতা'। আর এ উত্তরের স্থবিধা এই যে সংক্ষিপ্ত হ'লেও ওর ব্যাখ্যার প্রয়োজন নেই। কারণ উত্তর যাঁরা দেন তাঁরা বলেন ও বস্তু অমুভূতিগম্য, কথায় বোঝান'র জিনিষ নয়। ওর স্বরূপ অবাচ্য; কেবল ও কি নয় তাই কতকটা নেতি নেতি ক'রে বলা যায়। এবং তা' বলতে গেলে যা' দাঁড়ায় সে হচ্ছে ও পদার্থ সমাজতত্ব নয়, রাজনীতি নয়, অর্থনীতি নয়; ধর্ম-ব্যবহার, শিল্পকলা নয়; কাব্য সাহিত্য, বিজ্ঞান, দর্শন-কিছু নয়। অর্থাৎ মান্তবের প্রাচীন ও নবীন আর সমস্ত সভ্যতা যা' গৌরবের জিনিষ ব'লে জানে তার সঙ্গে এর কোন সংখ নেই। আর ঐ বস্ত হ'ল ভারতবর্ষের প্রাচীন সভ্যভার বিশিষ্টতা, যাকে ফিরিয়ে আন্তে পার্লেই আমাদের সমস্ত তুঃখ-দীনতার অবদান হবে। সোজা কথায় ভারতবর্ষের প্রাচীন সভ্যতা ছিল একটা স্বষ্টিছাড়া জিনিষ, যার দক্ষে বাকী পৃথিবীর কোনও যোগ ছিল না। বর্ত্তমানে আমাদের হ'তে হবে কিস্তৃত্তিমাকার জাতি, যার সাথে আর কারু কোনও মিল থাক্বে না।

মন বেজার হ'লেও দত্যের খাতিরে স্বীকার কর্তে হবে,

ভারতবর্ষ

প্রাচীন ভারতবর্ষের এই আধ্যান্মিক সভ্যতার ছবি আমরা আঁকি নি। এঁকেছে এক দল ইউরোপীয় পণ্ডিত, যাদের বলে 'ওরিয়েণ্টালিষ্ট'—প্রাচ্যতত্ববিদ্। এদেরি ক'জন মিলে এই উপক্যাসটী রচনা করেছে যে ভারতবর্ষের প্রাচীন সভ্যতা একটা অন্তত জিনিষ ছিল। অন্ত সব সভ্যতার সঙ্গে তার মিলের চেয়ে গ্রমিল বেশী। আর আর সভ্যতা বাস করে ইহলোকে, ও-সভ্যতা বাস করে পরলোকে; আর স্বাই চায় জীবন, ও চাইত মৃত্যু; আর স্বার চোধ ছিল চেয়ে দেখ্বার জন্ম, ওর ছিল বুজে ধ্যান কর্বার জন্ম। এই উপন্যাদটী মুথস্থ ক'রেই আমরা জোর গলায় প্রাচীন আধ্যাত্মিকতার বক্তৃতা উদ্গীরণ কর্ছি। এর এক প্রধান কারণ আমাদের বর্ত্তমান প্রভূদের উপর অভিমান। তাঁরা নাকি আমাদের বুটের তলায় চেপে রেখেছেন, তাই আমরা সেখান থেকেই বলছি, "আছি বটে নীচে পড়ে কিন্তু তোমরা বুঝবে না আমাদের বাস কত উচুতে। তোমরা যা' সবের গৌরব কর ও-সব ত থিছুই নয়। আমাদের প্রাচীন পিতামহেরা ও-সবকে সভ্যতার উপকরণ ব'লেই গণনা কর্তেন না। তাঁরা ছিলেন আধ্যাত্মিক; আমরাও তাঁদেরি বংশধর।" নইলে এ সব কথা বোঝা শক্ত যে, যে প্রাচীন সভ্যতার ইতিহাস হ'ল মহাভারত, ধর্মশাস্ত্র ছিল মহুসংহিতা, যার অর্থ-শাস্ত্রের আচার্য্য কৌটিল্য, যার মোক্ষশান্ত্র ছিল গৃংীর অপাঠ্য, আর বাৎস্থায়নও যার ঋষি, তার ছবি আমরা আধ্যাত্মিকতার একরঙা তুলিতে কেমন ক'রে এঁকে তুলি। তবে এ কথাও

ঠিক, ভারতবর্ষের প্রাচীন সভ্যতার বক্তৃতা দিতে তার যা' সব
নিদর্শন আছে তার সঙ্গে পরিচয়ের কোন প্রয়োজন নেই; মনের
খুদিতে কল্পনা ক'রে নিলেই হ'ল। আমার এক প্রজেষ বন্ধ
ছিলেন, বাল্মীকির রামায়ণের উপর তাঁর অগাধ ভক্তি তিনি
সব সময়ে প্রচার কর্তেন। কথাপ্রসঙ্গে সন্দেহ হ'ল ও-বই
তিনি কথনও চোথে দেখেন নি। জিজ্ঞাসায় বল্লেন, বাল্মীকির
রামায়ণ মূলে কি অন্থবাদে তিনি কথনও পড়েন নি বটে কিন্তু
তুলসীদাসের রামায়ণের ইংরাজি অন্থবাদ অনেকটা পড়েছেন।
এক দিন কিন্ধিয়্যাকাও থেকে বর্ষায় রামের বিরহ বর্ণনা তাঁকে
পড়ে শোনালে দেখলেম তিনি বড় মনঃক্ষ্ম হ'লেন। তাঁর
বিশ্বাস ছিল স্ত্রীর জন্ত ও-রকম বিলাপ একালের কলেজের
ছেলেদেরই ফ্যাসান; কিন্তু রামচন্দ্রের পক্ষে—ক্পন্ত বুঝ্লুম
রামায়ণের রামসীতা প্রভৃতি সম্বন্ধে তাঁর মনে কল্পনার যে ছবি
ছিল রামায়ণ বইটা তাতে একটা জবর ঘা দিল।

কিন্তু আজ যখন আমরা কল্পনার জাল বোনা ছেড়ে জীবনের জাল নিয়ে বদেছি তথন এ কথা জোর ক'রে স্পষ্ট ক'রে বলার সময় হয়েছে, কি ভারতবর্ষের অতীত, কি তার বর্ত্তমান কিছুই পৃথিবী-ছাড়া স্পষ্টছাড়া নয়। ভারতের প্রাচীন সভ্যতার বিশিষ্টতা অবশ্যই ছিল, কারণ ছটো সভ্যতা দূরে থাকুক, এক গাছের ছটো পাতাও ঠিক একরকম নয়। ঠিক একই ছাচের বছ জিনিয় বের হয় কল থেকে, জীবন থেকে নয়; কিন্তু এই বিশিষ্টতার যা' ভিত্তি তা' মানব-সভ্যতার সাধারণ ভিত্তি।

ভারতবর্ষ

ইমারতের গড়ন আলাদা কিন্তু তার মাল-মসলা একই। প্রাচীন পৃথিবীর যেগুলি শ্রেষ্ঠ সভ্যতা, ভারতবর্ষের প্রাচীন সভ্যতার সঙ্গে তাদের বৈষম্যের চেয়ে সাদৃশ্যই বেশী। যেমন মান্থ্যে মান্থ্যে তফাতের চেয়ে মিলই বেশী। ইংরেজ টেবিল পেতে কাঁটা চাম্চে দিয়ে খায়, আমরা পাতা পেতে হাত দিয়ে থাই। এর মধ্যে তফাতের চেয়ে এই মিলই নিশ্চয়ই ঢের বেশী যে, শরীর ধারণের জন্ম ইংরেজকেও খেতে হয়. ভারতবাদীকেও থেতে হয়। আজকার চিত্তবিভ্রমের দিনে এই সহজ কথা আমাদের মনে করা দরকার হ'য়েছে যে প্রাচীন ভারতবর্ষেও রাজায় রাজায় যুদ্ধ হ'ত, দবল তুর্বলের উপর অত্যাচার ক'র্ত, তুর্ভিক্ষে লোক মর্ত, কবিরা প্রেমের কবিতা লিথ্ত, উৎসবে মোহমূদগর পাঠ হ'ত না। এবং আমরা বর্ত্তমান ভারতবর্ষে যে সভ্যতা গড়ে' তুল্ব তারও বিশিষ্টতা থাক্বে সন্দেহ নেই। কিন্তু চার পাশের সভ্যতার সঙ্গে দে একটা থাপছাড়া কিছু হবে না। তারও রাজনীতি, সমাজনীতি, ব্যবহার দরকার হবে। সে-ও হবে মান্থ্যের সভ্যতার বিচিত্ত লীলার একটা প্রকাশ। এ নাস্তিকতা মন থেকে দূর করতে হবে, যে, ভগবান সমস্ত পৃথিবীকে বঞ্চিত ক'রে শ্রেষ্ঠ ঘা' কিছু তা' ভারতবর্ষের উপরেই বর্ষণ করবেন।

এখন মনে হচ্ছে, এই যে তর্ক কর্ছি এও বিশিষ্টতার দাবী শুনে শুনে একটু বিভ্রাস্ত হ'য়ে। ভাবটা প্রকাশ কর্ছি যেন এ দাবীর মধ্যে একটা বিশিষ্টতার কিছু আছে। কিন্তু ভেবে

দেখ্ছি ঐ বিশিষ্টতার দাবী দব দভ্যজাতিই করেছে। 'আমরা আর কারু মত নই' এ কথায় দবাই আর দবার মত ;—বিশেষ ক'রে যে-দব জাতি ঘা' থেয়ে পড়ে' আবার উঠতে যাচছে। নেপোলিয়ানের মার থেয়ে প্রশিয়া যথন শক্তিদঞ্চয়ের চেষ্টা কর্ছিল, তথন বার্লিন বিশ্ববিভালয়ের যুবকদের কাছে দার্শনিক ফিল্ডে ঠিক এই বক্তৃতাই দিয়েছিলেন। 'আমরা জার্মান জাতি বিধাতার অপূর্ব্ব স্কেষ্টা। মান্ত্রের ভবিষ্যৎ আমাদের উপরেই নির্ভর করছে। আমরা যে সভ্যতা গড়ব দে 'ন ভ্তোন ভবিষ্যতি'।'

এতক্ষণ যা' বল্পম তা' এই কল্পনা ক'রে যে বর্ত্তমান ভারতবর্ষ কেবল হিন্দুর ভারতবর্ষ। অতীত থেকে যা' কিছু আলো চাই দে প্রাচীন হিন্দু-সভ্যতার আলো। কিছু সবাই জানি এটা কেবলি কল্পনা। বর্ত্তমান ভারতবর্ষ কেবল হিন্দুর ভারতবর্ষ নয়। অস্তত পক্ষে হিন্দু মুসলমান এ হ'য়ের ভারতবর্ষ। এবং যে অতীত হিন্দুর গৌরবের তাতে মুসলমানের স্পর্শ নেই। আর যে অতীত মুসলমানের গৌরবের তা' ভারতবর্ষের অতীত নয়। এই অবস্থার মধ্যে আমাদের গড়ে' তুল্তে হবে ভারতবর্ষের বর্ত্তমান ও ভবিশ্বৎ। সন্দেহ মাত্র নেই, এই ব্যাপারে আমরা যেই খেলা ছেড়ে কাজে লাগব অমনি বর্ত্তমানের ঘসায় প্রাচীন গৌরবের খোঁচাগুলি পালিশ হ'য়ে যাবে। হিন্দুর যাবে, মুসলমানেরও যাবে। এবং বিধাতার ক্রপায় আমাদের হয়ত সেই ভূমিতেই যেয়ে দাঁড়াতে হবে যেখানে মাহুষের বিভিন্প সভ্যতা গোঁড়ামী ছেড়ে নির্ব্বিরাধে মিশতে পারে।

তুতান্-খামেন

হাজার তিনেক বছর হ'ল মিশরের এই রাজাটি জীবনযাত্রার চেয়ে বেশী আড়ম্বরে মরণ-যাত্রা করেছিলেন। থাবারদাবার, পোষাক-পরিচ্ছদ, গন্ধ-অলঙ্কার,—দেগুলি ভরে' নেবার
নানা রকম দৌখীন বাক্ম-পেটারা, খাট-পালঙ্ক, চৌকী-দিংহাসন,
যান-বাহন, এমন কি বৈতরণীর থেয়া পারের নৌকো পর্যন্ত
সঙ্গে ছিল। তিন ঘর বোঝাই এই সব আসবাবপত্র এপার
থেকে ওপারের পথ কতটা স্থগম করেছিল জানার যো নেই,
কিন্ত ও-গুলো যে মহারাজকে ওপার থেকে এপারে তিন
হাজার বছরের ব্যবধান নিমেষে পার ক'রে এনেছে তাতে
সন্দেহ নেই। মহারাজকে ত' এ season এই মুরোপের leader
of fashion বল্লেই চলে। তাঁর পোষাকের cut এলগুনে
জামা কাটা হচ্ছে, তাঁর কোমরবন্ধের কায়দায় প্যারীতে মেয়েদের
কোমরবন্ধ তৈরী হচ্ছে। আশা করা যায়, কল্কাতার রাস্তায়ও
'তুতান্-থামেন চটিজুতা'র বিজ্ঞাপন শীদ্রই দেখা যাবে।

মিশরের সভ্যতার প্রকাণ্ড দীর্ঘ ইতিহাসে তুতান্-থামেন খুব প্রাচীন রাজা নন। ঐতিহাসিক জ্ঞান বর্ত্তমানে যে রাজবংশে গিয়ে ঠেকেছে ব'লে তাকে বলা হয় প্রথম রাজবংশ, মিশরের সেই রাজবংশের রাজারা এখন থেকে প্রায় সাত হাজার বছর

শিক্ষা ও সভাতা

আগেকার লোক—অর্থাৎ তাঁদের সময় থেকে তুতান্-থামেনের সমগ্রের ব্যবধান, তুতান-খামেনের ও বর্ত্তমান কালের মধ্যের ব্যবধানের চেয়ে বেশী ছাড়া কম নয়। আর তুতান-থামেনের কবরে জিনিষপত্র, ছবি, মৃর্ত্তি যা'-সব পাওয়া গেছে, বিস্ময়ের প্রথম চমক কেটে গেলে হয় ত প্রমাণ হবে, ওদের সোনার পালিশ আর মণি মাণিক্যের দ্যুতি ইতিহাদের অন্ধকারকে বড় বেশী আলো করেনি-মিশরের প্রাচীন সভ্যতার ও-রকম সব নিদর্শন বেশীর ভাগই ইতিপূর্বেই আবিষ্কার হয়েছে। কিন্তু এ সব নাস্তিকতার কথা আজ নয়। আজ 'জয় মহাবাজ তুতান্-খামেনের জয়'। রয়টারের বিত্যুৎ স্বাইকে ধারা দিয়ে জানাচ্ছে, মাহুষের সভ্যতা কিছু সেদিনকার বস্তু নয়; ও-জিনিষটী প্রাচীন ও বুনীয়াদি। চেয়ে দেখ তিন হাজার বৎসর আগেকার মিশরের ঐশ্বর্য্য, শিল্প-কলা, বিলাস, ব্যসন। যা' নিতান্ত আধুনিক হালফ্যাদান ভেবেছিলে তাও গ্রীদ জন্মাবার হাজার বছর আগে মামুষের সমাজে চল্তি ছিল।

কিন্তু কেবল কথায় খুসি না থেকে কাগজওয়ালাদের ছবি ছাপ্তে বল্লে কে? তাদের ছবিতে কি সোণার রং ওঠে, না মণি-জহরতের জ্যোতি ফোটে? ও-ছবিতে ত দেখ্ছি তুতান্-খামেনের পেটা-সোনার সিংহাসন আর তাঁর আবলুশ কাঠের বেড়াবার ছড়ি হুয়ের একই কালো কালির রং। তাঁর সোনার লতা-কাটা গজদন্তের আসনকে আমার সেগুন কাঠের চেয়ার-খানার জ্ঞাতি-ভাই ব'লেই মনে হচ্ছে। যাহোক্ এ সব আসবাব-

তুতান্-খামেন

পত্রের ছবি তবুও ছিল এক রকম। কালির কালো আঁচড়কে শিল্পীর সোনালী রেথা কল্পনা কর। খুব কঠিন নয়। কিন্তু তৃতান্-থামেনের কবরে পাওয়া ছবি ও ভাস্কর্য্যের ফটোগুলো নির্বিচারে কেন ছাপান ? ঐ মহারাজ তুতান্-খামেন দাঁড়িয়ে রয়েছেন বিজয়ী বীরের দৃপ্ত ভঙ্গীতে। বেশ; দেখে মন খুদি হ'ল। কিন্তু ঐ ওরা আবার কারা? ঐ যাদের ঘাড়ের বোঝার ভারে কোনর মুইয়ে পড়েছে। প্রাচীন মিশরের ঐশ্বর্য্যে ওদের অংশটা কি সে খবর ত রয়টার দেয় নি। দেশ বিদেশের দ্রব্যসম্ভার ওরা রাজ-প্রাসাদে ব'য়ে নিয়ে আস্ছে? বাঃ, তবে ত দেখ্ছি মান্তবের সভ্যতার স্বটাই স্থপ্রাচীন। তুতান্-খামেনের রাজ-এশ্বর্যাও প্রাচীন, আজকের রাজপথের কুলি-মুটেও সমান প্রাচীন। যারা তুতান্-থামেনের দিনে ঘাড়ে বোঝা বইত, আর যারা আজকের দিনে মাথায় মোট বয় তাদের মধ্যে ত কোনও তফাৎ নেই। সেই কটিতে কৌপীন, শরীরে ক্লান্তি, মনে দীনতা—সবই এক। মাহুষের সভ্যতা দেখ্ছি 'উদ্ভান্তপ্রেমের' শাশানের মত, 'ঈশা বল, মুশা বল, রামমোহন রায় বল, এমন সাম্য-সংস্থাপক জগতে আর নাই।' যেখানে ওর প্রকাশ সেথানেই ঐ এক মৃর্ত্তি। বহু মান্তবের নৈপুণ্যের স্বষ্টি, বহুলোকের পরিশ্রমের ফল ঐ ত্ব-একজন ভোগ কর্ছে, অপব্যয় কর্ছে, নষ্ট কর্ছে, তুতান্-খামেনের মত নিজের মরা শরীরের সঙ্গে মাটির নীচে কবর দিচ্ছে। তিন হাজার বছর আগেও যা', তিন হাজার বছর পরেও তাই। মানুষের সভ্যতার গোমুখী

শিক্ষা ও সভাতা

থেকে আজ পর্যান্ত ঐ একই ধারা চলে' এসেছে। কোনও ভগীরথের শহ্ম ওকে নৃতন থাদে বহাতে পার্বে, না ঐ থাদ দিয়ে চলেই ওকে মহাসাগরে বিলীন হ'তে হবে, তা' মান্ত্যেও জানে না, দেবতাও জানে না।

কান দিয়ে মন যে নেশা করেছিল তা' চোথ দিয়ে ছুটে <u> বেগল-কাগজ-ওয়ালাদের ছবির দোষে। তুতান্-থামেনের</u> কবরের থবরে প্রাচীন মিশরের ঐশ্বর্যা-বর্ণনা শুনে ভেবেছিলাম যাহোক, বাংলার বাইরেও একদিন একটা সোনার বাংলা ছিল; দেখানে দকলেরই গোলাভরা ধান, অর্থাৎ যব, গম, গোয়ালভরা গরু, মুখভরা হাসি। কিন্তু তুতান্-থামেনের ছবির কালি দেখ্ছি হুই সমুদ্র তিন নদী পার হ'য়ে সোনার বাংলার সোনাতেও এসে লাগ্ল। 'বাংলা ছিল সোনার বাংলা' তা' ত वटिंहे। किन्ह करत ছिल १ कल-कात्रशाना, मारकिष्ठारतत কাপড় আসবার পূর্ব্ব পর্যান্ত কি ? সেই সময়েই ত ছিয়াভুরের মন্বস্তুর। তাতে নাকি সোনার বাংলার এক পোয়া লোকের উপর না থেয়ে মরেছিল! মোগল পাঠানের আমলে বোধ হয় ? विरम्भीरमत वर्गना, आवृन कजलात लार्जियात, मुक्नतारमत কবিতা রয়েছে। গোলায় ধান, গোয়ালে গরু অবশুই ছিল— এখনও আছে। কিন্তু এখনকার মত তখনও সে গোলা আর পোয়ালের মালিক অল্প কজনাই ছিল। সোনার বাংলার অনেক সোনার ছেলে তথন চটের কাপড় পরত এমনও আভাস আছে। তবে হিন্দুযুগে নিশ্চয়। কিছ সে যুগেও কি এখনকার মত

তুতান্-খামেন

দেশে শৃত্তই ছিল বেশী? তাদের Standard of living ত মহু বেঁধে দিয়েছেন—

"উচ্ছিষ্টমন্নং দাতব্যং জীর্ণানি বসনানি চ। পুলাকাশ্চৈব ধাত্যানাং জীর্ণাশ্চেব পরিচ্ছদাঃ॥"

শ্বি গৌতমেরও ঐ ব্যবস্থা:—"জীর্ণান্যুপানচ্চত্রবাস:—
কুর্চাণ্যুচ্ছিষ্টাশনং"। পুরনো জুতো, ভাঙ্গা ছাতা, জীর্ণ কাপড়
তাদের পোষাক পরিচ্ছেদ, ছেঁড়া মাত্রর তাদের আসন, উচ্ছিষ্ট
আন্ন তাদের আহার। 'পুলাক' কথাটার অর্থ ধানের আগড়া;
টীকাকারদের ভাষায় 'অসার ধান'। দেশে গোলাভরা ধান
থাক্লেও দেশবাসীর বেশীর ভাগের কপালে কেবল ক্ষ্দকুঁড়ো
জুট্তে কোনও আটক নেই।

যাক্, এ সব 'আন্পেট্রিয়টিক্' থবর চাপা দেওয়াই বৃদ্ধিনানের কাজ। কিন্তু মহারাজ তুতান্-থামেন একটা বিষয়ে বড় নিরাশ করেছেন। তাঁর নাড়ী-ভূঁড়ির চার পাশে বাক্স সিয়ুক যা' সব সাজিয়েছিলেন তাতে যদি কেবল কাপড়-চোপড় টুকি-টাকি বোঝাই না দিয়ে তাঁর 'পেপিরাসের' লাইত্রেরীটাও প্রে' নিতেন তা' হ'লে long journeyতে তাঁরও bored হবার ভয় থাক্ত না, আমরাও চিরয়্কভক্ত থাক্তেম। তুতান্-খামেনের দিনে মিশরের কবিরা 'নীল' নদের জোয়ার-ভাঁটার যে গান গেয়েছিল, নদী-তীরের কুটীরবাসীদের স্ক্থ, ছঃখ, প্রণয়, বিরোধের যে কাহিনী রচেছিল, সে-যুগের জ্ঞানীরা জীবন-মৃত্যুর রহস্ত কোন্ চাবী দিয়ে খুল্তে চেয়েছিলেন, তার

পণ্ডিতদের চোথে পৃথিবীর চেহারা কেমনতর ছিল, মহারাজ যদি আমাদের এগুলি জানাবার ব্যবস্থা কর্তেন তবে তার তিন হাজার বছরের মরা যুগ আজকের দিনে সজীব হ'য়ে উঠ্ত—তারের থবরে নয়, দরদী লোকের মনে। আমরা মনপ্রাণ দিয়ে অহুভব কর্তেম—সেই তিন হাজার বছর আগেকার মাহ্ম ঠিক আমাদেরই মত মাহ্মম। থবর এসেছে, সমাধির ঘরে গোটা কয়েক 'পেপিরাস'-এর গোলাও পাওয়া গেছে। কিন্তু তাতে যে মহারাজের বীষ্য ও বিজয়ের উপাধ্যান ছাড়া আর কিছু আছে এমন ভরদা নেই। স্কতরাং মনের আপশোষ মনেই থেকে যাবে।

এক বন্ধু থবর দিলেন, লুক্সরে যে কবর আবিষ্কার হ'য়েছে তা' তুতান্-থামেন-ফামেন কারু নয়। মিশরতত্ত্ত ফরাশী পণ্ডিতরা নাকি বলেছেন ওটা একটা ডাকাতের আড্ডা, 'bandit's den'—রাজ-রাজ্ডাদের কবর লুটে', লুটের মাল ডাকাতরা একটা স্থবিধামত কবরে লুকিয়ে রেথেছে। এবং ও-রকম সব 'ডেন্' নাকি এর পূর্ব্বেও আরো আবিষ্কার হ'য়েছে। ফরাসী পণ্ডিতদের এ চালাকী চল্ছে না। আমরা সবাই ব্রেছি তাঁদের এ সব কথা কেবল হিংসা ও ইর্যার কথা। রুটিশ আর আমেরিকান মিলে এই আবিষ্কারটি ক'রেছে, আর বুটিশ সাম্রাজ্যের সমান অংশীদার ভারতবর্ষের ক্ষত্রিয় রাজা 'তোদন ক্ষম' নাম ভাঁড়িয়ে হ'য়েছিলেন 'তুতান্-থামেন' এটা প্রমাণ হয়-হয় হ'য়েছে, এই শুনেই তাঁরা এ-সব সন্দেহ রটাচ্ছেন।

তুতান্-খামেন

ইংরেজ-বান্ধালী কো-অপারেট ক'রে হয় কালীঘাটে, নয় ড্যাল্-ংহীসি ইন্ষ্টিটিউটে এখনি প্রতিবাদ সভা ডাকা উচিত।

বৈশাখ, ১৩৩০



शर्वक

সর্ববিদ্বহর ও সর্ববিদ্ধিদাতা ব'লে যে দেবতাটি হিন্দুর পূজা-পার্ব্বণে সর্ব্বাত্রে পূজা পান, তাঁর 'গণেশ' নামেই পরিচয় হে তিনি 'গণ' অর্থাৎ জনসজ্যের দেবতা। এ থেকে যেন কেউ অন্থমান না করেন যে, প্রাচীন হিন্দুসমাজের যারা মাথা, তাঁরা জনসজ্মের উপর অশেষ ভক্তি ও প্রীতিমান ছিলেন। যেমন আর সব সমাজের মাথা, তেমনি তাঁরাও সজ্যবদ্ধ জনশক্তিকে ভক্তি করতেন না, ভয় করতেন! 'গণেশ' দেবতাটির আদিম পরিকল্পনায় এর বেশ স্পষ্ট ইঙ্গিত রয়েছে। আদিতে 'গণেশ' ছিলেন কর্মসিদ্ধির দেবতা নয়, কর্মবিশ্লের দেবতা। যাজ্ঞবন্ধ্য-শ্বতির মতে এঁর দৃষ্টি পড়লে রাজার ছেলে রাজ্য পায় না, কুমারীর বিয়ে হয় না, বেদজ্ঞ আচার্য্যত্ব পান না, ছাত্রের বিভা হয় না, বণিক ব্যবসায়ে লাভ করতে পারে না, চাষীর ক্ষেতে ফসল ফলে না। এই জন্মই 'গণেশের' অনেক প্রাচীন পাথরের মূর্ত্তিতে দেখা যায় যে, শিল্পী তাঁকে অতি ভয়ানক চেহারা দিয়ে গড়েছে; এবং গণেশের যে পূজা, তা' ছিল এই ভয়ক্কর দেবতাটিকে শাস্ত রাখার জন্ম; তিনি কাজকর্মের উপর দৃষ্টি না দেন, সেজন্ম ঘুষের ব্যবস্থা। গণ-শক্তির উপর প্রাচীন হিন্দুসভ্যতার কর্ত্তাদের মনোভাব কি ছিল, তা' গণেশের নর-শরীরের উপর জানোয়ারের মাথার কল্পনাতেই প্রকাশ।

গণেশ

কিন্তু এ মনোভাব প্রাচীন হিন্দুর একচেটিয়া নয়। সকল সভ্যতা ও স্মাজের কর্তারাই জনস্ভ্যকে 'লম্বোদর গ্রানন' ব'লেই জেনেছেন। ওর হাত-পা মান্তবের, কিন্তু ওর কাঁধের উপর যে মাথাটি তা' মাহুষের নয়, মহুয়েতর জীবের। আর ওর উদর এত প্রকাও যে, তাকে যথার্থ ভরাতে হ'লে, যাদের কাঁধের উপর মান্ত্রের মাথা, তাদের স্থ-স্থবিধার উপকর্ণ অবশিষ্ট থাকে না। স্থতরাং দব দেশের যারা বৃদ্ধিমান লোক, তারা, ওর মগজে মাহুষের বুদ্ধির পরিবর্ত্তে জানোয়ারের নিক্র্ দ্বিতা রয়েছে ভরদায়, ওর বিরাট উদরের যতটা থালি রেথে দারা যায়, দেই চেষ্টা ক'রে এদেছে। দেই জন্ম কথনও তাকে অঙ্কুশে ক্লিষ্ট, কথনও বা খোদামোদে তুষ্ট করতে হ'য়েছে। কারণ আদিকাল থেকে একাল পর্য্যন্ত কোনও 'পলিটিখ্যানের পলিটিক্যাল' থেলা এ দেবতাটির সাহায্য ছাড়া সম্ভব হয়নি। অথচ সে সাহায্য পেতে হবে বিশেষ খরচের মধ্যে না গিয়ে। অর্থাৎ গণদেবতার পূজায় ভোগের উপকরণের দৈন্য সকলেই মন্ত্রের বহরে পূরণ করেছে;—'দাম্য, মৈত্রী, স্বাধীনতা,' 'গণবাণীই ভগবদ্বাণী,' 'স্থরাজ থেকে স্বরাজ শ্রেষ্ঠ', 'জননায়ক रुट्छ जनरमवक,' ইত্যাদি। এবং সকলেই 'লম্বোদর গজেজ-বদনের' সৌন্দর্য্যবর্ণনায় শ্লোক রচনা ক'রে তাকে তোষামোদে থুসি করেছে।

যারা গণদেবতাকে থোসামোদে ভূলিয়ে নিজের কাজ হাঁসিল কর্তে চায় না, চায় ঐ দেবতাটির নিজের হিত—তাদের এ

কথা মেনে নেওয়াই ভাল যে, এ দেবতার মান্থবের শরীরের উপর গজমুণ্ডের কল্পনা একবারে মিথ্যা কল্পনা নয়। কোন্
শনির কুদৃষ্টিতে এর নরমৃত্ত খ'দেছে সে ঝগ্ড়া আজ নিরর্থক।
কোন্ দেবতার শুভদৃষ্টি এর মৃত্তকে মান্থবের মাথায় পরিণত কর্বে,
দেইটি জানাই প্রয়োজন। কারণ পোদামুদেরা যাই বলুক, মান্থবের
কাঁধে হাতীর মাথা স্কলর নয়, নিতান্ত অশোভন।

যে দেবতার স্বৃষ্টি এই অঘটন ঘটাতে পারে, তিনি হচ্ছেন বীণাপাণি, যিনি জ্ঞানের দেবতা। এক জ্ঞানের শক্তি ছাড়া গ্রুমুণ্ডকে নরমুণ্ডে পরিবর্ত্তনের ক্ষমতা আর কিছুরই নেই। স্থতরাং গণদেবতার যারা হিতকামী, তাদের প্রধান কাজ হচ্ছে এই দেবতাটির মাথার ভিতর দিয়ে জ্ঞানের তড়িৎ সঞ্চালন করা। জনসঙ্ঘকে সভ্যতার ভারবাহীমাত্র না রেখে, সভ্যতার ফলভোগী করতে হ'লে, প্রথম প্রয়োজন জনসাধারণকে জ্ঞানের শিক্ষায় শিক্ষিত করা। আকাশে বিস্তৃত বিশ্ব ও তার জটিল কার্য্যকারণজাল; কালে প্রস্তত মামুষের বিচিত্র ইতিহাস, ও এই দেশ ও কালের মধ্যে বর্ত্তমান মান্তবের গতি ও পরিণতির জ্ঞান। আজকের দিনের পৃথিবীতে মামুষের সঙ্গে মামুষের, এক দেশের সঙ্গে অক্সান্ত দেশের সম্বন্ধ; ধন উৎপাদন ও বিতরণের অন্তঠানপ্রতিষ্ঠান এমন অন্তুত জটিল ও বছবিস্কৃত হ'য়ে উঠ্ছে যে, অজ্ঞান জনসাধারণকে মাঝে মাঝে সঙ্ঘবদ্ধ ক'রে বুদ্ধিমান লোকের নিজের হিত খুব সম্ভব হ'লেও, জনসাধারণের হিত একেবারেই সম্ভব নয়। বাইরের পরামর্শে গড়া ঐ সব সাময়িক

গণেশ


উত্তেজনার দল, সজ্যের প্রকৃতি ও প্রয়োজনের অন্তর্দৃষ্টির অভাবে ক্রমাগত ভেঙ্গে যায়; আর যতদিন টিকে থাকে, ততদিনও ঐ পরামর্শদাতাদের ক্রীডনক হ'য়েই থাকে।

জনসাধারণকে শিক্ষা দিয়ে তার নিজের হিতের পথ নিজেকে চিন্তে শেখান' কেবল বছক প্রসাধ্য ও অনেক সময়সাপেক্ষ নয়, ঐ দীর্ঘ ঘোরান' পথ ছেড়ে, থাড়া সরল পথে তার হিতচেপ্তার প্রলোভন দমন করাও তঃসাধ্য। এই নিরন্ন বঞ্চিত মান্তবের দলকে সজ্মবদ্ধ ক'রে, কেবলমাত্র সংখ্যার জোরে তাদের হ্যায্য দাবী আদায় করিয়ে দিতে কোন্ জন-হিতৈষীর না লোভ হয়! কিন্তু, মান্তবের প্রকৃতি ও সমাজের গতির দিকে চেয়ে এ লোভ দমন কর্তে হবে। অজ্ঞান মান্তবের খুব বড় দলও চক্ষান মান্তবের ছোট দলের বিক্লছে অনেক দিন দাড়াতে পারে না। এবং পৃথিবীর সব দেশে যে অল্প-সংখ্যক লোক জনসাধারণের স্থার্থকে নিজেদের স্থার্থর বিরোধী মনে ক'রে তাকে চেপে রেখেছে, তারা আর যা-ই হোক, অতি কৌশলী ও বৃদ্ধিমান লোক। এদের সঙ্গে লড়তে হ'লে, ভেবে না বৃত্তে একদিন ঠেকে শিখতে হবে যে, সরল পথই সোজা পথ নয়।

কিন্তু জনসাধারণের শিক্ষার এইটিই একমাত্র, এমন কি প্রধান প্রয়োজন নয়। জ্ঞান যে বাহুতে বল দেয়, জ্ঞানের তাই শ্রেষ্ঠ ফল নয়; জ্ঞানের চরম ফল যে তা' চোথে আলো দেয়। জনসাধারণের চোথে জ্ঞানের সেই আলো আন্তে হবে, যাতে সেম সুষের সভ্যতার যা'-সব অমূল্য স্ষ্টি,—তার জ্ঞানবিজ্ঞান,

তার কাব্যকলা,—তার মূল্য জান্তে পারে। জনসাধারণ যে বঞ্চিত, সে কেবল অল্ল থেকে বঞ্চিত ব'লে নয়, তার পরম ছুর্ভাগ্য যে সভ্যতার এই সব অমৃত থেকে সে বঞ্চিত। জন-সাধারণকে যে শেথাবে একমাত্র অন্নই তার লক্ষ্য, মনে সে তার হিতৈষী হ'লেও, কাজে তার স্থান জনসাধারণের বঞ্চের দলে। পৃথিবীর যে সব দেশে আজ জনসজ্য মাথা তুল্ছে, জন-সাধারণের মধ্যে শিক্ষার প্রচারেই তা' সম্ভব হয়েছে। তার কারণ কেবল এই নয় যে, শিক্ষার গুণে পৃথিবীর হালচাল বুঝুতে পেরে জনসাধারণ জীবনমুদ্ধে জয়ের কৌশল আয়ত্ত করেছে। এর একটি প্রধান কারণ সংখ্যার অমুপাতে জনসাধারণের সমাজে শক্তি লাভের যা' গুরুতর বাধা, অর্থাৎ সভ্যতালোপের আশন্ধা, শিক্ষিত জনসাধারণের বিরুদ্ধে সে বাধার ভিত্তি ক্রমশই তুর্বল হ'য়ে আদে। জনসাধারণের বিরুদ্ধে আভি-জাত্যের স্বার্থের বাধা সভ্য-মামুষের মনের এই আশন্ধার বলেই এত প্রবল। এই আশঙ্কার মধ্যে যা' সত্য আছে তা' যতটা দূর হবে, জনসাধারণের শক্তিলাভের পথের বাধাও ততটা ভেকে পড়বে। উদরসর্বান্থ গ্রুমুগুধারী গণদেবের অভ্যুত্থান স্বার্থান্ধ মাহ্র ছাড়া অন্ত মাহুষের কাছেও বিপৎপাৎ ব'লেই গণ্য হবে। গণদেবতা যেদিন নরদেহ নিয়ে আসবে, সেদিন তার বিজয়-যাত্রার পথ কেউ ক্রখতে পার্বে না।

অগ্রহায়ণ, ১৩৩৩



শিক্ষা ও দীকা

শ্রীনলিনীকান্ত গুপ্ত

"স্বদেশীযুগে বাঙ্গালী সবচেয়ে বেশী বার্থকাম হইয়াছে জাতীয় শিক্ষায়। আমরা জাতীয় শিক্ষার মূল-মর্শের দিক হইতে কোন দিন শক্তির থেলাকে ব্ঝিতে ও চিনিতে চেষ্টা করি নাই—তাই আসল বস্তুটিকেও ধরিতে এবং যথার্থ রূপ দিতে পারা যায় নাই। নলিনীবার্র প্রবন্ধগুলিতে সেই অভাব প্রণের একটা ধারাবাহিক চিম্বা ফুটিয়া উঠিয়াছে।—শিক্ষার মূল যে দীক্ষা—ভারতের এই সনাতন কেন্দ্রভন্তটি যতদিন না আমরা ধরিতে পারিব, ততদিন জাতীয় শিক্ষা ও জাতিগঠনের প্রয়াস সকলই ভিত্তিহীন হওয়ায় পণ্ডশ্রম হইবে বলিয়া আমাদের বিশ্বাস। নলিনীবার্ তাঁহার সমগ্র চিম্বার মৌলিক উপাদানরূপে এই সত্যাটি স্থাপন করিতে চাহিয়াছেন।"—প্রবর্ত্তক, কার্ত্তিক, ১০০০।

"জাতীয় বিশিষ্ট চরিত্রের ধারা অব্যাহত রাধিয়া যাহাতে মান্থব গড়িয়া উঠিতে পারে—তেমন শিক্ষাদীক্ষার আদর্শ হইতে আমরা কোন্ দিকে কতটা ভ্রষ্ট হইয়া পড়িয়াছি এবং উদ্ধারের পথই বা কোথায়, কোন্ দিকে—তুলনামূলক বিশ্লেষণ দ্বারা শ্রদ্ধেয় নলিনীবাব তাহা প্রদর্শন করিতে ক্বতকার্য্য হইয়াছেন। শিক্ষাসম্পর্কে এই পুস্তকে জানিবার, বৃঝিবার, ভাবিবার অনেক বিষয় আছে। শিক্ষা-সমস্থা লইয়া যাহারা ভাবেন—এ গ্রন্থখান উাহাদিগকে পথের সন্ধান দিবে সন্দেহ নাই।"—আনন্দবাজার।

ভাবী-সমাজ

শ্রীনলিনীকান্ত গুপ্ত

"গ্রন্থকার সমাজতত্ব বৈজ্ঞানিকভাবে আলোচনা করিয়াছেন।
সমাজের গতি-মুক্তির জন্ম যে সমস্ত উপাদান অতীতে কাজে
লাগিয়াছে এবং ভবিশ্বতে লাগিবে সে সকলের যথাযথ স্থান
নির্দেশ করিয়া এমন বিশ্লেষণমূলক আলোচনা আমরা থুব কম
দেখিয়াছি।"—আনন্দবাজার, ভাদ্র, ১৩৩৪।

"The author has a wonderful power of convincing others by force of his strong logical arguments. Lovers of literature will find the work to be an interesting reading."—Forward, Sept. 1927.

দাম দেড় টাকা

ভারতের নবজন্ম

শ্রীঅরবিন্দ ঘোষ

"ভারতের অতীত শিক্ষাদীক্ষা, সভ্যতা ও অধ্যাত্মসাধনার নবরূপান্তরে বিকাশের বছমুখী বিচিত্র ভঙ্গী, মনীষা অরবিন্দের স্থনির্মাল মানসদর্পণে যেভাবে প্রতিভাত হইয়াছে, এই গ্রন্থে তাহাই লিপিবন্ধ হইয়াছে।"—আনন্দবাজার, অগ্রহায়ণ, ১৩৩৩।

"The passionate fervour of the great patriot for his national culture has been expressed in so charming a style that it is impossible to stop until one reaches the back-cover."—Forward.

দাম পাঁচ দিকা

বীরবলের হালখাতা

এপ্রিপ্রথ চৌধুরী

"প্রমথবাবুর লেখা বাঙ্গালীর অপরিচিত নহে। বাংলা-সাহিত্যের উহা মোহমূদগর। 'বীরবলের হালখাতা'র প্রবন্ধগুলি সহজ, তাজা, সোজা অথচ থাটি চিন্তার নিদর্শনপূর্ণ। সোজা তীরের মত গিয়াই মনে বিধে।"—প্রবর্ত্তক, ভাদ্র, ১৩৩৩।

"বীরবলের নৃতন পরিচয় আজ নিশুয়োজন। বীরবলের লেখার দহিত পরিচিত নন এমন দাহিত্যিক এদেশে কেহ আছেন বলিয়া আমাদের জানা নাই। বীরবলের এই হাল-খাতার প্রবন্ধগুলি তাঁহার অনুফ্করণীয় লিপি-কৌশল ও অন্তর্নি-হিত Wit ও Humourএর প্রাচুর্য্যে স্থায়ী দাহিত্যে স্থানলাভ করিতে সুমুর্থ হইয়াছে।"—আত্মশক্তি, ভাদ্র, ১৩৩৩।

"প্রমথবাব্র লেখায় এমন একটা মিষ্টি স্থর ও মধুর ভঙ্গী আছে, যেটা বাংলা সাহিত্যে একেবারেই নৃতন। প্রমথ বাবৃ যে মনে ও প্রাণে একজন আর্টিষ্ট তা তাঁর লেখা পড়্লেই বোঝা যায়। বীরবলের হালখাতার লেখার অন্তরালে অনেকখানে একটা প্রচ্ছন্ন রহস্তের ও ব্যক্ষের স্থর ফল্কধারার ন্যায় প্রবহমান।" —প্রবাসী, কার্ত্তিক, ১৩২৬।

"বীরবলের হালথাতার পরিচয় নৃতন করিয়া দিতে হইবে না। বীরবলের তীত্র ও রদাল অপূর্ব্ব প্রবন্ধগুলির সংগ্রহ লইয়াই বর্ত্তমান সংস্করণের সৃষ্টি।"—বিজলী, ভাদ্র, ১৩৩৩।

দাম দেড় টাকা

ৰাগৰাজাৰ ৰীডিং লাই	रवनी
NA MALL.	
ধরিগ্রহণ সংখ্য।	বিপ্লবের পথে
দ্ধিপ্ৰহেশ্য ভাবিৰ	- শীনসি নীকিশোর গুঃ

"রাষ্ট্র ও সমাজে এক নৃতন আদর্শ প্রতিষ্ঠার জন্ম, জাতীয় চরিত্র নৃতন করিয়া গড়িয়া তুলিবার জন্ম, যে যথেষ্ট উন্থান দেখা গিয়াছে, 'বিপ্লবের পথে' পুস্তকে নলিনীবাবু তাহাই নিপুণভাবে বিশ্লেষণ করিয়াছেন। নব্যুগের নৃতন ভাবের সাধকগণ ইহাতে চিষ্টা করিবার অনেক বিষয় পাইবেন।'—আনন্দবাজার।

"গ্রন্থকারের যুক্তি অন্ধ নয়, চিন্তা দেশের প্রতি মমত্বে পরিপূর্ণ, কর্ত্তব্যের ইঙ্গিতে দ্রদশিতার ছাপ স্কম্পষ্ট। ভাষা থেমন সরল তেমনি জোরালো। আমরা এই গ্রন্থখানির স্কচিন্তিত প্রবন্ধগুলির দিকে সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।"
—ভারতবর্ষ।

দাম পাঁচ দিকা

ভারতের দাবী

শ্রীনলিনীকিশোর গুহ

"লেপক অনেক গভীর চিন্তার খোরাক দান করিয়াছেন।
গুরুতর বিষয় সকলের আলোচনা লেখক করিয়াছেন বটে, কিন্তু
লেখকের ভাষা কোথাও সহজবোধ্যতা হারায় নাই। ... আলোচ্য
বইখানি প্রত্যেক স্বদেশসেবী ও দেশমঙ্গলাকাজ্জীর পাঠ করা
কর্ত্তব্য বলিয়া মনে করি।"—প্রবাসী, অগ্রহায়ন, ১৩৩২।

দাম বার আনা